CMYK




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA গৌরবের ৭১ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 71 Years ■ Issue-126 ■ 12 February, 2025 ■ আগরতলা ১২ ফেব্রুয়ারি, ২০২৫ ইং ■ ২৯ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ, বুধবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

# বিপদে মানুষের পাশে থাকা সরকারের অন্যতম লক্ষ্য ঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ ফেব্রুয়ারি।।** বিপর্যয়ের সময়ে মানুষের পাশে থেকে কাজ করা সরকারের অন্যতম দায়িত্ব। এই লক্ষ্যেই কাজ করছে বর্তমান রাজ্য সরকার। পাশাপাশি, যেকোনো অনভিপ্রেত ঘটনায় দ্রুত পদক্ষেপ নিচ্ছে সরকার।



মঙ্গলবার আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে পশ্চিম জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় ও অভয় মিশন কর্তৃক আয়োজিত ত্রাণ সামগ্রী বিতরণ কর্মসূচিতে অংশগ্রহণ করে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডাঃ সাহা অভয় মিশনের কাজকর্ম সম্পর্কে প্রশংসা করেন। ১৯৮৮ থেকে স্বেচ্ছাসেবী সংস্থা হিসেবে কাজ শুরু করে অভয় মিশন।

মুখ্যমন্ত্রী বলেন, ২০২৪ এর আগস্ট মাসে যে বন্যা পরিস্থিতি রাজ্যে তৈরি হয়েছিল তা রাজ্যবাসী আগে দেখেনি।

মুখ্যমন্ত্রী বলেন, ১৯ আগষ্ট দিল্লী থেকে ফিরে তিনি মুখ্যসচিব সহ অন্যান্য পদস্থ আধিকারিকদের নিয়ে বৈঠক করেন। সকলের সঙ্গে কথা বলে আমাদের কি করণীয় তা নির্ধারণ করেন। বিপর্যয় থেকে উত্তরণের জন্য অফিসার থেকে শুরু করে সবাই ঝাঁপিয়ে পড়েছিল। বিপর্যয়ের সময়ে স্বেচ্ছাসেবী সংস্থা সংগঠনগুলিও মানুষের পাশে দাঁড়িয়ে কাজ করেছে। এজন্য সরকার ও ব্যক্তিগত পক্ষ থেকে ধন্যবাদ জানান তিনি।

মুখ্যমন্ত্রী আরো বলেন, অভয় মিশন ও তার সহযোগী সংস্থা বন্যা দুর্গত প্রায় ৫,৬০০ পরিবারকে সহায়তা করেছে।

বন্যা পরিস্থিতি মোকাবিলায় কেন্দ্রীয় সরকারও যথাসাধ্য ☛ ৬ এর পাতায় দেখুন

## সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী

# খারিফ মরশুমে কৃষকদের কাছ থেকে সরকার ১৭,৪৯৭.১০৯ মেট্রিক টন ধান ক্রয় করেছে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ ফেব্রুয়ারি।।** রাজ্য সরকার এবছর কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে খারিফ মরশুমে ১৭ হাজার ৪৯৭.১০৯ মেট্রিকটন ধান ক্রয় করেছে। ২৩ টাকা প্রতি কেজি দরে এই ধান ক্রয় করা হয়েছে। এতে সারা রাজ্যে ৮ হাজার ৯২২ জন কৃষক উপকৃত হয়েছেন। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী এসংবাদ জানান।



সাংবাদিক সম্মেলনে তিনি জানান, রাজ্য জুড়ে ১৯টি মহকুমার ৫১টি ধান ক্রয় কেন্দ্রের মাধ্যমে কৃষকদের কাছ থেকে এই ধান ক্রয় করা হয়েছে। এতে রাজ্য সরকারের ব্যয় হয়েছে ৪০ কোটি ২৫ লক্ষ টাকা। ইতিমধ্যেই ৩৫ কোটি ৫২ লক্ষ টাকা কৃষকদেরকে প্রদান করা সম্পন্ন হয়ে গেছে। শতাংশের নিরিখে ৮৮ শতাংশের বেশি কৃষকদের ব্যাঙ্ক খাতে অর্থরাশি প্রেরণ করার কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ধান ক্রয়ের অর্থ শীঘ্রই প্রদান করা সম্পন্ন হবে বলে খাদ্যমন্ত্রী জানান। তিনি জানান, খাদ্য দপ্তরের উদ্যোগে এবং কৃষি দপ্তরের সক্রিয় সহযোগিতায় গত ১৯ ডিসেম্বর, ২০২৪ থেকে এই ধান ক্রয় প্রক্রিয়া চালু করা হয় যা সম্পন্ন হয়েছে গত ৮ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে।খাদ্যমন্ত্রী আরও জানান, বর্তমান রাজ্য সরকার প্রতিষ্ঠা হওয়ার পর থেকে খারিফ ও রবি মরশুমে বছরে দু'বার কৃষকদের কাছ থেকে ধান ক্রয় করার কর্মসূচি শুরু হয়। ২০১৮ সাল থেকে এখন পর্যন্ত সরকারি উদ্যোগে রাজ্যে মোট ২ লক্ষ ২৫ হাজার ৩৫৬.৮০৫ মেট্রিকটন ধান কৃষকদের কাছ থেকে ক্রয় করা হয়েছে। এখন পর্যন্ত রাজ্য সরকারের ব্যয় হয়েছে ৪৪৬. ১৩ কোটি টাকা। এরফলে উপকৃত হয়েছেন রাজ্যের ১ লক্ষ ১৭ হাজার ৪৯ জন কৃষক। খাদ্যমন্ত্রী জানান, প্রাকৃতিক দুর্যোগ কাটিয়ে রাজ্যব্যাপী

এই ধান ক্রয় প্রক্রিয়া অনেকটাই সন্তোষজনক। রাজ্য সরকার কৃষক দরদী সরকার, কৃষকদের অর্থনৈতিক বুনিয়াদকে শক্তিশালী করে তুলতে সরকারের এই প্রয়াস জারি থাকবে।

সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী তথা পরিবহনমন্ত্রী সুশান্ত চৌধুরী আরও বলেন, সড়ক নিরাপত্তা, ভোক্তা সুরক্ষা এবং নেশার কুফল থেকে সমাজকে বাঁচাতে পরিবহন দপ্তর এবং খাদ্য দপ্তরের যৌথ উদ্যোগে এবং বিভিন্ন দপ্তরের সহযোগিতায় রাজ্যব্যাপী জনসচেতনতামূলক অনুষ্ঠান 'জাগৃতি' কর্মসূচি পালন করা হয়। সারা রাজ্যের ২৫টি সাধারণ ডিগ্রি কলেজ, বিশ্ববিদ্যালয়, ইকফাই ইউনিভার্সিটি, আইন কলেজ, টিআইটি সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা এই কর্মসূচিতে অংশগ্রহণ করেন। রাজ্যের প্রায় ৫ হাজার ২০০ জন ছাত্রছাত্রী এই কর্মসূচিতে অংশগ্রহণ করে। খাদ্যমন্ত্রী জানান, গোমতী জেলার উদয়পুর থেকে গত ১১ জানুয়ারি এই 'জাগৃতি' কর্মসূচি শুরু হয়। যার চূড়ান্ত পর্ব সম্পন্ন হয় ১০ ফেব্রুয়ারি আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে। এই কর্মসূচিতে অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের বিভিন্ন স্তরে পুরস্কারও প্রদান করা হয়। তিনি জানান, আগামীতে 'জাগৃতি' কর্মসূচিকে বিদ্যালয় স্তরে নিয়ে যাওয়ারও পরিকল্পনা রয়েছে।

সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন পরিবহন দপ্তরের অতিরিক্ত সচিব সুব্রত চৌধুরী, খাদ্য দপ্তরের অধিকর্তা সুমিত লোধ এবং খাদ্য দপ্তরের যুগ্ম অধিকর্তা অভিজিৎ বিশ্বাস।

# বৃদ্ধাকে কুপিয়ে শরীরে আগুন পলাতক দুষ্কৃতিরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ ফেব্রুয়ারি।।** এক উপজাতি বৃদ্ধা মহিলাকে বাড়িতে প্রবেশ করে কে বা কারা মাথায় ও বুকে দা দিয়ে কুপিয়ে অর্ধ অগ্নিদগ্ধ করে ফেলে রেখে যায়। ঘটনাটি ঘটেছে মঙ্গলবার সকাল সাড়ে ৮টা নাগাদ সালেমা থানার মেন্দি গ্রামে।

মঙ্গলবার সকালে উপজাতি বৃদ্ধা মহিলাকে বাড়িতে প্রবেশ করে কে বা কারা মাথায় ও বুকে দা দিয়ে কুপিয়ে অর্ধ অগ্নিদগ্ধ করে ফেলে রেখে যায়। খবর পেয়ে সালেমা ফায়ার সার্ভিসের কর্মীরা দ্রুত গিয়ে অর্ধ মৃত অবস্থায় উপজাতি বৃদ্ধাকে সালেমা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে ☛ ৬ এর পাতায় দেখুন

# চোর সন্দেহে যুবককে পিটিয়ে হত্যা, গ্রেপ্তার ৬

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ ফেব্রুয়ারি।।** চোর সন্দেহে বাবুল মিয়া নামে এক যুবককে পিটিয়ে হত্যা করা হয়েছিল। ওই ঘটনার পরিপ্রেক্ষিতে বিলোনিয়া থানায় খুনের মামলা দায়ের করা হয়েছিল। পুলিশী তদন্তে হত্যা কান্ডের সাথে জড়িত ছয় যুবকের নাম উঠে আসে। আজ অভিযুক্ত ছয়জনকে পুলিশ বিলোনিয়া আদালতে তিন দিনের পুলিশ রিমান্ড চেয়ে সোপর্দ করা হবে। প্রসঙ্গত, বাবুল মিয়া নবোদয় বিদ্যালয়ের সামনে পাচিল টপকে ☛ ৬ এর পাতায় দেখুন

## প্যারিসে অনুষ্ঠিত এ আই সম্মেলনে

# ভারত ও ফ্রান্স সৌরশক্তি ব্যবহারে এক সঙ্গে কাজ করছে ঃ প্রধানমন্ত্রী



**প্যারিস, ১১ ফেব্রুয়ারি (হি.স.)।।** স্বাস্থ্য, শিক্ষা, কৃষি ও আরও অনেক কিছুর উন্নতি করে লক্ষ লক্ষ মানুষের জীবন পরিবর্তন করতে সাহায্য করতে পারে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই)। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মঙ্গলবার প্যারিসে অনুষ্ঠিত এআই সম্মেলনে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, এআই-চালিত ভবিষ্যতের জন্য আমাদের মানুষজনের দক্ষতা এবং পুনঃদক্ষতায় বিনিয়োগ করতে হবে।

ভারত-ফ্রান্স সম্পর্কের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'ভারত ও ফ্রান্স সূর্যের শক্তিকে কাজে লাগাতে বছরের পর বছর ধরে একসঙ্গে কাজ করেছে। আমরা এআই-তে আমাদের অংশীদারিত্বকে অগ্রসর করার সাথে সাথে এটি একটি স্মার্ট এবং দায়িত্বশীল ভবিষ্যত গঠনের জন্য সুস্থায়ী থেকে উদ্ভাবনের দিকে একটি স্বাভাবিক অগ্রগতি। একই সময়ে, সুস্থায়ী এআই মানে শুধু পরিষ্কার শক্তি ব্যবহার করা নয়। এআই মডেলগুলি অবশ্যই আকার, ডেটার চাহিদা এবং সংস্থানগুলির প্রয়োজনীয়তার ক্ষেত্রে দক্ষ এবং টেকসই হতে হবে।'

# স্ত্রীকে খুন করে থানায় স্বামী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ ফেব্রুয়ারি।।** আবারো স্বামীর হাতে খুন হলেন স্ত্রী। ঘটনার এক ঘন্টার মধ্যেই পুলিশের হাতে গ্রেপ্তার হয়েছে অভিযুক্ত স্বামী। জানা গেছে আমতলী থানার অন্তর্গত দারোগাবাড়ি ঠাকুরপাড়া এলাকার শ্যামল দাস প্রায়শই ওনার স্ত্রী স্বপ্না দাসের সাথে কোন কিছু বিষয় নিয়ে ঝগড়া-বিবাদ চলতো। এরই মধ্যে মঙ্গলবার দুপুরে বাড়িতে বিদ্যুৎ এর বিষয় নিয়ে শ্যামল দাস অন্যান্য দিনের মতো উনার স্ত্রীর স্বপ্না দাসের সাথে ঝগড়া-বিবাদ শুরু করে। একসময় উত্তেজিত হয়ে শ্যামল দাস ওনার স্ত্রী স্বপ্না দাসের উপর লাঠি দিয়ে আঘাত করতে থাকে। ঘটনাস্থলেই স্বপ্না দাসের মৃত্যু হয়।

পরে অভিযুক্ত শ্যামল দাস নিজেকে বাঁচাতে নিজেই আমতলী থানায় ফোন করে খবর দেয় যে উনার স্ত্রীকে খুন করা হয়েছে। ঘটনার খবর পেয়ে তড়িঘড়ি আমতলী থানার সেকেন্ড অফিসার মৃণাল কান্তির পালসহ বিশাল পুলিশবাহিনী ঘটনাস্থলে ছুটে আসে। খবর পেয়ে ঘটনাস্থলের ছুটে আসে আমতলীর এসডিপিও শঙ্কর চন্দ্র দাস। ছুটে আসে ফরেনসিক টিম এবং ডগ স্কোয়াড। পুলিশ এসেই শ্যামল দাসকে সন্দেহ করে। পরে পুলিশের জিজ্ঞাসাবাদে অভিযুক্ত শ্যামল দাস নিজেই এই খুনের ঘটনা স্বীকার করে।

সঙ্গে সঙ্গেই পুলিশ শ্যামল দাসকে গ্রেফতার করে থানায় পাঠিয়ে দেয়। এদিকে স্বপ্না দাসের মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাঁপানিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠিয়ে দেওয়া হয়। এই ব্যাপারে অভিযুক্ত শ্যামল দাসের বিরুদ্ধে আমতলী থানার পুলিশ একটি ☛ ৬ এর পাতায় দেখুন

# বাজেট বিরোধীতায় সরব বামফ্রন্ট

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ ফেব্রুয়ারি।।** বিজেপি সরকার দ্বারা পেশকৃত বাজেট পরিকল্পনাহীন এবং দায়সারা। বামফ্রন্টের পাঁচটি দল বাজেটের বিকল্প হিসেবে এবং দেশের অর্থনৈতিক দুরবস্থার জন্য একটি প্রস্তাব সংসদের ভেতরে এবং বাইরে জনগণের সামনে পেশ করবে। মঙ্গলবার এমনটাই জানিয়েছেন বামফ্রন্টের রাজ্য কমিটির আহ্বায়ক নারায়ণ কর।

কেন্দ্রীয় বাজেটের বিরোধিতায় সরব হল বামফ্রন্ট। মঙ্গলবার সিপিআইএম রাজ্য কার্যালয়ে বামফ্রন্টের পাঁচটি দল বিজেপি সরকারের বাজেটের বিরোধিতায় সরব হয়।

এই বাজেট বাজে অর্থনৈতিক দুরবস্থা নামিয়া আনবে বলে দাবি করেন বামফ্রন্ট নেতৃত্বরা। তাই বামফ্রন্ট বাজেটের বিকল্প হিসেবে একটি প্রস্তাব সংসদের ভেতরে এবং বাইরে জনগণদের সামনে পেশ করবে। এই বাজেটে ১২ লক্ষ টাকা পর্যন্ত রোজগারের ক্ষেত্রে কর ছাড়ের দিলে সেই টাকা কোথা থেকে আনবেন সেই প্রশ্নও তুলেছে বামফ্রন্ট।

এছাড়াও এই বাজেটে কৃষি খাতে বরাদ্দ কমিয়ে আনা হয়েছে বলে অভিযোগ করেন নারায়ন কর। তিনি বলেন কৃষকদের জন্য কোন টাকা বরাদ্দ করা হয়নি বাজেটে। ফসল বীমা যোজনা থেকে তিন হাজার কোটি টাকা কমিয়ে দেওয়া হয়েছে।

গ্রাম উন্নয়নের ক্ষেত্রেও বরাদ্দ কমিয়ে আনা হয়েছে। এইসব বিষয় উল্লেখ করে, নতুন প্রস্তাব পেশ করবে বামফ্রন্ট। এমনটাই এদের সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন বামফ্রন্ট নেতৃত্বরা।

# বাড়ি থেকে ডেকে নিয়ে খুন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ ফেব্রুয়ারি।।** তিন বন্ধু মিলে গতকাল সন্ধ্যায় তাদের অন্য আরেক বন্ধুকে ঘুরতে যাওয়ার নাম করে বাড়ি থেকে ডেকে নিয়ে খুন করে মৃতদেহ রাবার বাগানে ফেলে দেওয়ার অভিযোগ উঠেছে। ঘটনাটি ঘটেছে জম্পুইজলা ব্লকের টাকারজলা থানারধীন পাইল্লাভাঙ্গা এলাকায়।

এই এলাকার রাবার শ্রমিক মঙ্গলচরণ দেববর্মা (২৬)। মঙ্গলচরণ দেববর্মাকে সোমবার ☛ ৬ এর পাতায় দেখুন




# ফুল চাষ করে সফল উদ্যমী যুবক মনোরঞ্জন

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১১ ফেব্রুয়ারি।।** ধর্মনগর মহকুমার ইছাইলালছড়া গ্রামের এক উদ্যমী যুবক মনোরঞ্জন নমঃ, তার কঠোর পরিশ্রম ও দৃঢ় সংকল্পের মাধ্যমে প্রমাণ করেছেন যে, সত্যিই ইচ্ছে থাকলেই উপায় হয়। ছোটবেলা থেকেই তার স্বপ্ন ছিল একটি সুন্দর ফুলের বাগান করার ।কিন্তু নিজের জমি না থাকায় তিনি অন্যের টিলাভূমি লিজ নিয়ে গাঁদা ফুলের চাষ শুরু করেন।

ইছাইলালছড়া গ্রামের এক উদ্যমী যুবক মনোরঞ্জন নমঃ এর ফুল চাষ দু'বছরে পা দিল। প্রথম বছরেই ভালো উপার্জন করতে পেরেছিলেন, যা তাকে আরও অনুপ্রাণিত করে। এবার তিনি চার প্রজাতির গাঁদা ফুলের চাষ করেছেন এবং ভালোই লাভ করছেন। তবে কিছু ফুল পোকার আক্রমণে নষ্ট হয়ে গেছে, যার ফলে আনুমানিক ৫০ থেকে ৬০ হাজার টাকার ক্ষতি হয়েছে। তবুও তিনি আশাবাদী, কারণ তার বাগানে এখনো যে পরিমাণ ফুল রয়েছে, তা থেকে তিনি ক্ষতি পূরণ করে নিতে পারবেন ।শুধু ফুলের চাষ নয়, পাশের আরও চার কানি জমিতে তিনি ধানও চাষ করেন।

তার এই উদ্যোগ দেখে স্থানীয় হর্টিকালচার দপ্তর ও গ্রাম পঞ্চায়েত তাকে সরকারি অনুদানের মাধ্যমে সহযোগিতা করেছে।

মনোরঞ্জন জানান, ভবিষ্যতে তিনি আরও বড় পরিসরে ফুলের চাষ করবেন এবং নতুন কিছু ফুলের প্রজাতি যুক্ত করবেন ।দুই বছরের ফুল বিক্রি করে তিনি মোটামুটি ভালো লাভ করতে পেরেছেন এবং স্বাবলম্বনের পথে এগিয়ে চলেছেন। তবে পোকার আক্রমণ না হলে তার লাভ আরও বেশি হতে পারত। বর্তমানে বিভিন্ন জায়গা থেকে তার কাছে ফুলের অর্ডার আসে, যা তিনি স্থানীয় বাজারের পাশাপাশি ধর্মনগরের বিভিন্ন এলাকায় বিক্রি করেন ।টিলাভূমিতে চাষ করা সাধারণত কষ্টকর, তবে মনোরঞ্জন নমঃ তার নিরলস পরিশ্রম ও অধ্যবসায়ের মাধ্যমে গাঁদা ফুলের চাষ করে সবাইকে তাক লাগিয়ে দিয়েছেন। তার এই সাফল্য নতুন প্রজন্মের কৃষকদের জন্য অনুপ্রেরণার এক অনন্য দৃষ্টান্ত হয়ে থাকবে।

CMYK

জাগরণ আগরতলা, ১২ ফেব্রুয়ারি,২০২৫ ইং
২৯ মাঘ, বুধবার, ১৪৩১ বঙ্গাব্দ

# নৈরাজ্য-হিংসায় বিধ্বস্ত বাংলাদেশ

প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশ ক্রমাগত হিংসাত্মক কার্যকলাপ পরিস্থিতিকে দিনের পর দিন অবনতির দিকে ধাবিত করিতেছে। শুধু বাংলাদেশের আভ্যন্তরীণ পরিস্থিতির অবনতি ঘটিপার মধ্য দিয়েই তাহারা ক্ষান্ত হইতেছে না। তাহারা প্রতিবেশী রাষ্ট্র ভারতের সঙ্গে সম্প্রীতির পরিবেশ বিনষ্ট পরিবার চেষ্টায় লিপ্ত হইয়াছে। না না কার্যকলাপের মধ্য দিয়া তাহা বারবার প্রমাণিত হইতেছে। বাংলাদেশে পাকিস্থানপন্থী মৌলবাদী-হিংসাই কি ভবিতব্য হইতে চলিয়াছে, এই প্রশ্নে বেজায় চিন্তায় পাকিস্থান মুক্ত স্বাধীন বাংলাদেশের সহায়তাকারি রাষ্ট্র ভারতের প্রশাসনিক ও রাজনৈতিক মহল।

ইতিহাসের পাতা থেকে সহস্র সহস্র শহিদের আত্মত্যাগ করা বাঙ্গালী জাতির স্বাধীনতা, মুক্তিযুদ্ধের ইতিহাস ধ্বংসের রাস্তায় নামিয়াছে পাকিস্থানপন্থী মৌলবাদী শক্তি। সেই লক্ষ্যেই স্বাধীন বাংলাদেশের রূপকার দেশের প্রথম প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের স্মৃতি বিজড়িত ঢাকার ৩২ ধানমন্ডির বঙ্গবন্ধু বাস ভবন, মিউজিয়াম ধ্বংসের পরিকল্পিত প্রয়াস দেখা গেল ঢাকার রাস্তায়।

বাংলাদেশের বর্তমান পরিস্থিতির যে অতি দ্রুত পরিবর্তন সম্ভব নয় তাহার ইঙ্গিত মিলিতে শুরু করিয়াছে। সম্ভাব্য মার্কিন প্রশাসনের কড়া দাওয়াই ও দিল্লির স্বাধীনতা-মুক্তিযুদ্ধ ঘেঁষা কুটনীতিকে কার্যত চ্যালেঞ্জ জানাতেই এবার রাস্তায় পাকিস্থানপন্থীরা। বাংলাদেশের চলমান ফ্যাসিবাদী ধর্মীয় হিংসার ভয়াল আক্রমণে মানবিকতার, গণতন্ত্র, ব্যক্তি স্বাধীনতা, বিপন্ন ধর্মীয় সংখ্যালঘু হিন্দুদের নির্বিকার আক্রমণের শিকার। খৃষ্টান, বৌদ্ধ ধর্মীয় সংখ্যালঘুদেরও রেহাই নাই আক্রমণে। এই পরিস্থিতির সামনে দাঁড়াইয়া বাংলাদেশের স্বাধীনতা, মুক্তিযুদ্ধের শক্তি ভয়াল হিংসা, নজিরবিহীন ফ্যাসিবাদী আক্রমণে ব্যাকফুটে। বাংলাদেশের ফ্যাসিবাদী ধর্মীয় শক্তির আগ্রাসন সমগ্র দক্ষিণ এশিয়ার এক ভয়াবহ পরিস্থিতি তৈরি করিয়াছে। এক্ষেত্রে ওয়াশিংটন, নয়াদিল্লির গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়ার কথাও উঠিয়া আসিতেছে।

বাংলাদেশে অবৈধ ক্ষমতা দখলকারি পাকিস্থানপন্থী মৌলবাদী শক্তিও পাল্টা আক্রমণে মাঠে নামিয়াছে। এরই লক্ষেই গড়া হইতেছে পাক-বাংলার ভারত বিরোধী মুক্তিযুদ্ধ, স্বাধীনতা বিরোধী, হিন্দু বিরোধী গোয়েন্দা জোট। যাহা উপ মহাদেশে নতুন সংকত তৈরি করিয়াছে। ৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সফলতা ও দেশের স্বাধীনতা লাভের পর ৫৩ বছর বাদে বাংলাদেশে পোষ্ট হাসিনা আমলে বাংলাদেশে দ্রুত পাকিস্থান করণের অভিযান শুরু হইয়াছে। শুধু সামরিক ক্ষেত্রেই সন্ধি নয়, হিন্দু বিদ্বেষ ও ভারত বিরোধিতাকে সামনে রাখিয়া পাক সামরিক গোয়েন্দা সংস্থা আই এস আই ও বাংলাদেশে সামরিক গোয়েন্দা চক্র ডি জি এফ আইয়ের কৌশলগত জোট প্রায় পাকা। ঢাকায় এখন দারুন ভাবে সক্রিয় পাক গোয়েন্দা চক্র আই এস আই।পাকিস্থানপন্থী জামাতে ইসলামি, বি এন পি শুধু রাজনৈতিক স্তরে আওয়ামি লীগকে শেষ করিতেই জোট করিতে সম্মত হয়নি, ১৯৭১ সালে বাংলাদেশের পাকিস্থান বিরোধী লড়াই ও দেশের স্বাধীনতা অর্জন নিয়ে প্রশ্ন চিহ্ন তুলিয়াছে জামাত-বি এন পির মত কট্টর ভারত বিরোধী শক্তিগুলি। সেই লক্ষ্যে মুক্তিযুদ্ধের ইতিহাস ধ্বংসের কর্মসুচীও চলিতেছে।পাকিস্থানপন্থী শক্তি জামাত, সেনা-পুলিশ-প্রশাসনের ভারত বিরোধী অংশ বাংলাদেশকে পরোপরি ইসলামি রাষ্ট্রে পরিণত করিতে চাইতেছে। এই হিন্দুদের দেশত্যাগের প্রতিনিয়ত হুমকি দেওয়া হইতেছে। একটা সন্ত্রাসের পরিবেশ কায়েম করিয়া বাংলাদেশকে মুসলমান রাষ্ট্রে পরিণত করিবার চক্রান্ত গজিয়া উঠিয়াছে। ভয়ংকর পরিণতি ইতিমধ্যেই পরিলক্ষিত হইতেছে। আগামী দিনগুলিতে পরিস্থিতি যে আরও ভয়ঙ্কর আকার ধারণ করিবে তাহা বলিবার অপেক্ষা রাখে না।

## শেষরাতে পূর্ণকুম্ভগামী ট্রেনে ভাঙচুর, বালিকা আহত, যুবককে গণপ্রহার

অশোক সেনগুপ্ত(প্রত্যক্ষদর্শীর বিবরণ)

পটনা, ১১ ফেব্রুয়ারি (হি.স.): মঙ্গলবার ভোরে একদল উন্মত্ত যাত্রী পটনা স্টেশনে পূর্ণকুম্ভগামী একটি ট্রেনের দরজার কাচ ভেঙে ভিতরে ঢোকে। ওই কামরার দরজা বন্ধ করে প্ল্যাটফর্মে অপেক্ষমান যাত্রীদের উঠতে না দিয়ে ভিতর থেকে ভিডিও তোলার অভিযোগে এক যুবককে বেধড়ক গণপ্রহার করে। এই ঘটনাকে কেন্দ্র করে কামরায় প্রবল উত্তেজনা দেখা দেয়। দক্ষযজ্ঞের সময়ে কোনও পুলিশ ও চেকারের হদিশ মেলেনি।

সোমবার রাতে হাওড়া স্টেশন থেকে প্রয়াগরাজগামী ১২৩৩৩ বিভূতি এক্সপ্রেস ছাড়ে নির্ধারিত সময়ে, ৭টা ৫৫ মিনিটে। ট্রেনের বিভিন্ন কামরায় নির্ধারিত আসনের চেয়ে অনেক বেশি যাত্রী ছিল। এসি কামরাগুলোতেও গোড়াতেই ঢুকে পড়েন অবাঞ্ছিত বেশ কিছু যাত্রী। টিটিই তাঁদের কয়েকজনকে নামিয়ে দেন। পরে টিটিই ও রেলপুলিশ নেমে যান।

দরজা ভিতর থেকে বন্ধ করে রাখা সত্ত্বেও বিভিন্ন স্টেশনে কামরায় যাত্রী ওঠা-নামার সময়ে প্রচুর অবাঞ্ছিত যাত্রী বিভিন্ন কামরায় উঠে পড়েন। প্রতিটি কামরার ভিতরের যাতায়তের পথ প্রায় রুদ্ধ হয়ে যায়।

ট্রেন ভোরে পটনা স্টেশনে আসে নির্ধারিত সময়ের প্রায় দুঘন্টা বাদে। ওই সময় এসি থ্রি টায়ার বি১ কামরার দরজা মুহূর্তের জন্য খোলা হয়েছিল। প্রচুর স্থানীয় যাত্রী হইহই করে ওই কামরায় ওঠার চেষ্টা করলে ভিতর থেকে এক যুবক দরজা আটকে দেন। তাতে ওঠার চেষ্টা করা এক বালিকার হাত দরজায় আটকে যায়। বাচ্চাটি চিৎকার করে ওঠে।

অভিযোগ, ওই যুবক দরজা না খুলে ভিতর থেকে বাইরের যাত্রীদের ভিডিও করতে থাকেন। কামরায় উঠতে বাধা পেয়ে প্লাটফর্ম থেকে ওঠার চেষ্টা করা যাত্রীরা উন্মত্ত হয়ে ওঠে। কাচ ভেঙে বাইরে থেকেই হ্যান্ডেল ঘুরিয়ে দরজা খুলে স্রোতের মত ভিতরে ঢোকে।

ওই পরিস্থিতি দেখে যুবকটি প্রাণভয়ে কামরার মাঝামাঝি ছয় আসনের ব্লকে ঢুকে লুকিয়ে পড়ার চেষ্টা করেন। ইতিমধ্যে আহত বাচ্চাটির বাবা-মা ও তাদের সঙ্গী যাত্রীরা অশ্রাব্য গালি দিতে দিতে ভিডিও করা যুবকটিকে খুঁজে বার করে বেধরক মারে। যুবকটিও আর্তচিৎকার করতে থাকে। কামরার কিছু যাত্রী মারমুখীদের আটকানোর চেষ্টা করেও সহজে সফল হয়নি। ইতিমধ্যে কামরার এক যাত্রী আহত মেয়েটিকে ওষুধ দেয়। অন্য যাত্রীরা সহানুভূতি জানায়। বাচ্চাটির মা তারস্বরে গালাগালি করতে থাকে। আধ ঘন্টার ওপর চলে এই পরিস্থিতি।

## অনূর্ধ-২০ চ্যাম্পিয়নশিপ: প্যারাগুয়েকে হারিয়ে শীর্ষে ব্রাজিল, জয় পেয়েছে আর্জেন্টিনাও

লুকো, ১১ ফেব্রুয়ারি (হি.স.) : দক্ষিণ আমেরিকান অনূর্ধ-২০ চ্যাম্পিয়নশিপে নিজ নিজ ম্যাচে জয় পেল দুই চির প্রতিদ্বন্দ্বী আর্জেন্টিনা ও ব্রাজিল। সোমবার ব্রাজিল ৩-১ গোলে হারিয়েছে প্যারাগুয়েকে এবং আর্জেন্টিনা ১-০ গোলে হারিয়েছে কলম্বিয়াকে। অনূর্ধ-২০ চ্যাম্পিয়নশিপের প্রথম ম্যাচে আর্জেন্টিনার কাছে ৬-০ গোলে হেরেছিল ব্রাজিল, সেই ব্রাজিলই এখন বদলে গেছে। চূড়ান্ত পর্বে এসে তারা ৩ ম্যাচের ৩-টিতেই জয় পেল। মঙ্গলবার প্যারাগুয়েকে সহজেই হারিয়েছে তারা। এছাড়া চূড়ান্ত পর্বের ৩ ম্যাচের সবকটিতে জয় পেয়েছে আর্জেন্টিনাও।

এর ফলে নিজেদের তৃতীয় ম্যাচ জেতার জন্য অনূর্ধ-২০ বিশ্বকাপে জায়গাও নিশ্চিত করল ব্রাজিল ও আর্জেন্টিনা। এই বছরের সেপ্টেম্বর-অক্টোবরে চিলিতে হবে যুবদের বিশ্বকাপ। চূড়ান্ত পর্বে আর্জেন্টিনা ও ব্রাজিল প্রথম ৩ ম্যাচে জয় পেলেও গোল ব্যবধানে এগিয়ে থাকার জন্য টেবিলের শীর্ষে রয়েছে ব্রাজিল। আর্জেন্টিনা দ্বিতীয় স্থানে রয়েছে। ১৪ ফেব্রুয়ারি, শুক্রবার চূড়ান্ত পর্বের ম্যাচে মুখোমুখি হবে ব্রাজিল-আর্জেন্টিনা। সেই ম্যাচ দিয়েই মীমাংসা হবে শিরোপার।

# বইমেলার জনারণ্যে আমুদে বাঙালির মধ্যে বইপ্রেমীদের খুঁজে পাওয়াই দায়

স্বপনকুমার মণ্ডল

৪৮তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আজ ৯ ফেব্রুয়ারি শেষ হচ্ছে। সেখানে বাংলাদেশের অনুপস্থিতি চোখে পড়ছে স্বাভাবিকভাবেই। অন্যদিকে বিপুল জনসমাগমের আয়োজনে স্বাভাবিকভাবেই গণমাধ্যমে বইমেলাকে বাঙালির মহাকুম্ভের সঙ্গে তুলনা করা হচ্ছে। এতে যে বাঙালির উৎকর্ষমুখর বনেদিয়ানারই পরিচয় মেলে, তা আর বলার অপেক্ষা রাখে না। অন্যদিকে বইয়ের তীর্থযাত্রীদের মধ্যে পাঠকের সঙ্গে বইয়ের পরিচয় নিয়ে গোল বেঁধে যায়। বিশেষ করে সেখানে বইয়ের উৎসবের আলো পাঠককের শ্রীবৃদ্ধিতে কতটা সহায়ক হয়ে উঠছে, বিষয়টি আপনাতেই ভাবিয়ে তোলে। আসলে আধুনিক বিজ্ঞান মানুষকে দিয়েছে বেগ, কিন্তু কেড়ে নিয়েছে আবেগ যাযাবরের "দৃষ্টিপাত"-এর এই বহুচর্চিত মন্তব্যটি বাঙালির আবেগপ্রবণতায় কতটা সত্য হয়ে উঠেছে, সে-বিষয়ে বিতর্ক রয়ে গেছে। কেননা বিজ্ঞানের ক্রান্তিকালেও বাঙালির আবেগে যেমন - টান পড়েনি, তেমনই সুযোগের খবর পেলে ছুটে যায়, হুজুগের গন্ধ পেয়ে নড়েচড়ে বসে। শুধু কি তাই। আজ রবীন্দ্রনাথের কথায় "বাজে কথা"র সাহিত্যচর্চা কিংবা প্রচলিত কথায় বাজে কথা-র শিল্পসাধনায় আধুনিক বিশ্বে বাঙালির জুড়ি মেলা ভার। অন্যদিকে সাধারণে অসাধারণ ব্যক্তিকে মহাপুরুষ বানিয়ে তোলা বা দেবত্বে উন্নীত করাও তার ভাঁড়ারে টান পড়ে না, বরং তা সোৎসাহে বেগবান মনে হয়। এজন্য বারো মাসে তেরো পার্বণে তার যেমন মন ভরে না, তেমনই তার বছরভর মেলাতেও আশ মেটে না। তার ফলে উৎসবকে মেলায় কিংবা মেলাকে উৎসবে পরিণত করা আবেগপ্রবণ বাঙালির ক্ষেত্রে সময়ের অপেক্ষা মাত্র। বর্তমান বিশ্বের বিশ্বায়নের নামে ব্যবসায়ানের পণ্য বিপণনের মেলাও বাঙালিকে বিপন্ন করেনি। সেদিক থেকে বাংলার বইমেলা অত্যন্ত স্বাভাবিকভাবেই বাঙালির বই-উৎসব বা বই-পার্বণ হয়ে উঠেছে। কিন্তু কথাটা যেভাবে বলা হল, সেভাবে অবশ্য কর্যকরি হয়নি। কেননা তাতে মানে ফাঁক না থাকলেও মানায় ফাঁকি থেকে যায়। উৎসবের আমেজ আপামর বাঙালির আপনার প্রাণে। সেক্ষেত্রে বইমেলা আজও কতিপয় পরিশীলিত বাঙালির মনে ঠাঁই নিয়েছে। সেজন্য মাঝে মাঝে মনে হয়, মেলার আধিক্যেও বইমেলা আজও বই মেলাতে কিংবা বই মেলানোতে মিলনমেলায় পরিণত হয়নি। পাকিস্তানের শিক্ষাসচেতনতায় বিপ্লবী কিশোরী থেকে বর্তমানে তরুণী মালালা ইউসুফজাই তাঁর ভাষণে যুদ্ধপীড়িত দেশে খাদ্যের রসদ কিংবা সমরাস্ত্রের পরিবর্তে বই তুলে দেওয়ার কথা বারেবারে দাবি তুলেছেন। সেদিক থেকে সহজেই অনুমেয়, বইয়ের বিস্তার কত জরুরি। অথচ যে-বই মনকে সচল করে তোলে, সে-বইই অচলতার শিকার হয়ে থাকে। বইমেলা নানা জায়গায় নানাভাবে অনুষ্ঠিত হলেও তা যে কতটা বইকে সচল করতে পেরেছে সেবিষয়ে সন্দেহ রয়ে যায়। কেননা ব্যবসায়িক কারণেই হোক বা অন্যকোনো কারণেই হোক অধিকাংশ মেলাই শহরকেন্দ্রিক। শুধু তাই নয়, বইমেলার লক্ষ্যও সেক্ষেত্রে শিক্ষিত পাঠকশ্রেণির উপর। সেদিক থেকে বইমেলার বুনিয়াদে কৃত্রিম আমেজ তৈরির প্রয়াস থাকলেও তার রসদে সাধারণের টানের অভাব অনিবার্য হয়ে ওঠে। স্বাভাবিকভাবেই বইমেলায় মেলার কৃত্রিম আমেজ তৈরির প্রয়াস থাকলেও তাতে মিলনমেলার বড়ই অভাব। বইমেলায় মাঠ ভরে না বলে খেদোক্তির অভাব নেই। আবার সেখানেও কী কিনব-র চেয়ে অন্য মেলার মতো কিছু একটা কেনাই মুখ্য হয়ে ওঠে। সেদিক থেকেও বইমেলাও সেই শিক্ষাশোভন আভিজাত্যও শিথিল হয়ে পড়ে। এপ্রসঙ্গে মার্ক টোয়েনের একটি গল্প মনে পড়ে। প্রখ্যাত লেখক বলেই শুধু নয়, বইচোর হিসাবেও তিনি চর্চিত। একদিন এক বক্তৃতাসভায় জনৈক বাগ্মী তাঁর ভাষণের সময় মার্ক টোয়েনকে অমনোযোগী দেখে উষ্মা প্রকাশ করেন। এতে সেই অমনোযোগী শ্রোতা বক্তাকে বিস্মিত করে জানান সেই বক্তব্যের সব কথাই তাঁর একটি বইয়ে লেখা রয়েছে। সত্যি সত্যিই মার্ক টোয়েন সেই বক্তাকে তাঁর সেই বইটি দেখিয়ে তা প্রমাণ করেন। আসলে সেটি ছিল একটি বড় অভিধান। বইমেলাও তদ্রূপ জীবনের একটি অভিধানবিশেষ। কিন্তু সমস্যা হল প্রয়োজন ব্যতীত কেউ অভিধানের পাতা খোলে না। ফলে জীবনের অভিধানটির অপ্রয়োজনের দ্বারটি আপনাতেই রুদ্ধ হয়ে পড়ে। মেলায় থাকে মিলনের অবসর। বইমেলাও লেখক ও পাঠকের মিলনস্থল বটে। উভয়জনের যোগসূত্র রচনা করেন প্রকাশক। কিন্তু সেভাবে ভাবলে হতাশ হতে হয়। বইমেলার বাড়বাড়ন্তে সেই পাঠকের সংখ্যা সেভাবে কি বেড়েছে? নাকি লেখক- পাঠকের ভঙ্গুর সংযোগ সেতুস্বরূপ প্রকাশকের পাঠক তৈরির কোনো দায় নেই? শুধু সেলসম্যানের মতো বইকে পণ্য করেই সে দায় থেকে মুক্ত হওয়ার প্রয়াস ক্রমশ দীর্ঘতর হবে? তাহলে সংবেদনশীল মনে কিন্তু প্রকাশকের ব্যবসায়িক সেলসম্যানের ভাবমূর্তি আরও নিবিড় হয়ে উঠবে এবং এতে বইমেলার আসল উদ্দেশ্যই তাতে ব্যাহত হবে। "শিক্ষক দিবস-এর তাৎপর্য যেমন মাস্টারমশাইকে উপহার দেওয়ার অনুষ্ঠানে হারিয়ে যায়, তেমনই অভ্যাসবশে বইমেলার মহৎ উদ্যোগও আর পাঁচটা বাণিজ্যিক মেলার সঙ্গে একাসনে সামিল হয়ে পড়বে। আর তাতে বাঙালির আবেগপ্রণোদিত বই সংস্কৃতিতে বই উৎসবের ঘনঘটার নেপথ্যে তার রসিক মনের সরসতা আপনাতেই বিরস হয়ে উঠবে। অবশ্য সেক্ষেত্রে বইমেলার আয়োজকদের ভূমিকাও কম যায় না। কেননা বইয়ের সঙ্গে পাঠকের সংযোগ রক্ষায় আয়োজকদের প্রয়াসের উপরেও বর্তায় বইকি। আসলে আধুনিক বিশ্বে বইয়ের বিচিত্র বহুবিধ বিষয়ের সুবিপুল সম্ভারের রকমারি রঙিন প্রচ্ছদপটে নবীন পাঠকের বিস্ময়ে হারিয়ে যাওয়াই স্বাভাবি। কিন্তু তাকে বিস্ময়ের অরণ্য থেকে মুক্তি প্রদানের দায়ও বইমেলার। অন্যদিকে "কোনবই কেন পড়ব। এই বিষয়টিই যদি সেই পাঠকের মধ্যে দানা না বাঁধে, তাহলে তো তার পক্ষে বইয়ের অরণ্যে হারিয়ে যাওয়ার মানসিকতাও হারিয়ে যাবে। শুধু তাই নয়, সব ফুলের যেমন সমান আকর্ষণ থাকে না, তেমনই সে-সবে পুজোও মেলে না। সেক্ষেত্রে পাঠকভেদে পাঠযোগ্য বইয়ের চাহিদায় রকমফের বৈচিত্র বর্তমান। তৃষ্ণার্ত পথিকের যেমন সমুদ্রের লবণাক্ত জলের অতলান্ত পরিসর দেখে হতাশ হয়ে পড়াটাই স্বাভাবিক, তেমনই আনকোরা পাঠকের পক্ষে বইমেলায় বইয়ের অরণ্যে দিগভ্রান্ত নবকুমার সাজাটাও অস্বাভাবিক নয়। সেদিক থেকে এই লবণাক্ত সমুদ্রের নিস্তরঙ্গ তলদেশের মণিমুক্তোর হদিশের মতো (এজন্য রবীন্দ্রনাথ ঠাকুর লাইব্রেরিকে সমুদ্রের সঙ্গে তুলনা করেছেন।) বইয়ের অরণ্যে বনৌষধির সন্ধানের মাধ্যমে পাঠকের স্বাস্থ্য রক্ষা করাও জরুরি। এজন্য পথহারা পাঠকের সম্বিত ফিরিয়ে আনার জন্য বইমেলা হয়ে উঠুক অরণ্যের কপালকুণ্ডলা। তার তাতে পথহারা পাঠককুমারের মনে যেমন 'পাঠক, তুমি পথ হারিয়েছার চেতাবনি সহজসাধ্য হয়ে উঠবে, তেমনই সেইসঙ্গে এসো'র আমন্ত্রণে নতুন পথের দিশা রোমাঞ্চ বয়ে আনবে। সেই রোমাঞ্চের টানেই বোধ হয় বইমেলার পথ প্রশস্ত হয়ে ওঠে।

**(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)**




# জুলাই গণঅভ্যুত্থানের বই নিয়ে আগ্রহ বেশি পাঠকদের



বইমেলা মানেই পাঠকদের মিলন মেলা, জ্ঞানের উন্মেষ আর মুক্ত চিন্তার উজ্জ্বল প্রকাশ। কিন্তু বইমেলা যখন কোনও বিশেষ বই বা প্রকাশনা আলোচনার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়, তখন সেটি শুধু পাঠকদের কৌতূহলী করে তোলে না বরং একটি সময়ের সাক্ষ্য বহন করে। বাংলাদেশের ইতিহাসে 'জুলাই গণঅভ্যুত্থান' অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি অধ্যায়। বাংলাদেশের জনগণের কাছে এটি সংগ্রামের প্রতিচিত্র। জুলাই অভ্যুত্থানের পটভূমি, কারণ, প্রভাব, গণমাধ্যমে ভূমিকা ও পরবর্তী রাজনৈতিক পরিবর্তন নিয়ে লেখা বইগুলো এবারের বইমেলায় পাঠক ও দর্শনার্থীদের কাছে বিশেষ গুরুত্ব বহন করছে। বইমেলায় আগত দর্শনার্থীরা এসব বইকে শুধু একটি পৃষ্ঠা আর মলাটের সমষ্টি হিসেবে দেখছেন না বরং তারা এটিকে এক টুকরো ইতিহাস হিসেবে দেখছেন, যা অতীতের ঘটনাকে বুঝতে এবং ভবিষ্যতের জন্য শিক্ষা নিতে সাহায্য করবে। সরেজমিনে দেখা যায়, বইমেলার বিভিন্ন স্টলে জুলাই গণঅভ্যুত্থান সংক্রান্ত বই হাতে নিয়ে পাঠকরা উল্টে-পাল্টে দেখছেন। কেউ উদ্বিগ্ন চোখে বইয়ের মধ্যে ডুবে যাচ্ছেন আবার কেউবা বন্ধুদের নিয়ে আলোচনা করছেন গণঅভ্যুত্থান সংক্রান্ত বইয়ের বিষয়বস্তু সম্পর্কে। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী জিহাদ হোসেন বাংলা ট্রিবিউনকে বলেন, আমার বাড়ি পুরান ঢাকা হওয়ার সুবাদে ছোটবেলা থেকেই নিয়মিত বইমেলায় আসার সুযোগ হয়। প্রতিবছর গল্প বা উপন্যাসের বই কিনলেও এবছর জুলাই গণঅভ্যুত্থান সংক্রান্ত বই কিনবো বলে মেলায় এসেছি। কারণ এই অভ্যুত্থানটা নিজ চোখে দেখেছি। বইয়ের পাতায় যা পড়বো তা বাস্তবিক অর্থে অনুধাবন করতে পারবো। তাই জুলাই গণঅভ্যুত্থান সংক্রান্ত যে সব বই আছে সেসব বই কিনতেই এবার মেলায় আসা। নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী তানিয়া তিন্নি বাংলা ট্রিবিউনকে বলেন, আমরা বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা জুলাইয়ের যে আন্দোলন, সেখানে স্বশরীরে অংশগ্রহণ করেছি। শুনেছি এই গণঅভ্যুত্থান নিয়ে অনেক ধরনের বই লেখা হয়েছে। সে বইগুলোতে সত্যিকারের চিত্র ফুটিয়ে তোলা হয়েছে কিনা, তা ঘুরে ঘুরে দেখছি। কারণ এত বড় একটা অভ্যুত্থান হলো যদি ভালো কোনও গবেষণাধর্মী বই না বের হয়, তাহলে তো ভবিষ্যৎ প্রজন্ম সঠিক ইতিহাস জানতে পারবে না। বইমেলায় বিভিন্ন ধরনের প্রকাশনী থেকেই ২৪-এর জুলাই গণঅভ্যুত্থান নিয়ে বই বের করা হয়েছে। এর মধ্যে অনেকে আছেন পরিণত লেখক। আবার অনেকেই আন্দোলনের সময়কালে নিজের চোখে দেখা দৃশ্যই বইতে তুলে ধরেছেন। অনেকে আবার আন্দোলনে সক্রিয় ভূমিকা পালনকালে যেসব বিষয়ে মুখোমুখি হয়েছেন তা শব্দ আকারে লিপিবদ্ধ করেছেন।

মেলায় আসা ২৪-এর গণঅভ্যুত্থান সংক্রান্ত বইয়ের মধ্যে প্রখ্যাত লেখক হাসনাত আবদুল হাইয়ের লেখা 'জুলাই ক্যালাইডোস্কোপ' বইটি এরই মধ্যে পাঠকদের মনে আলোচনার খোরাক জুগিয়েছে। কল্লোল মোস্তফার লেখা 'জুলাই গণঅভ্যুত্থানের সাক্ষ্য' নিয়েও আগ্রহ তৈরি হয়েছে পাঠকদের মনে। এছাড়াও আহম্মদ ফয়েজের 'সংবাদপত্রে জুলাই অভ্যুত্থান' বইটি সংগ্রহ করতে দেখা যায় মেলায় আসা বিভিন্ন কলেজ-বিশ্ববিদ্যালয়েব শিক্ষার্থীদের।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী তানজির হোসেন বাংলা ট্রিবিউনকে বলেন, এবারের বইমেলার প্রতিপাদ্য হচ্ছে 'জুলাই গণঅভ্যুত্থান' কিন্তু জুলাই গণঅভ্যুত্থান নিয়ে যতটুকু আশা করেছিলাম ততটুকু পাইনি। স্টল ও প্যাভিলিযনগুলোতে হাতেগোনা মাত্র কয়েকটি বই জুলাই অভ্যুত্থানের ওপর লেখা, যেটি আরও বেশি হওয়ার প্রয়োজন ছিল।

এই শিক্ষার্থী আরও বলেন, আমি মনে করি, জুলাই গণঅভ্যুত্থান নিয়ে সরকারিভাবে গবেষণাধর্মী বই বের করা উচিত। যা পরবর্তী প্রজন্মকে ২৪ শে জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কে প্রকৃত ধারণা দিবে। একই সাঙ্গে সরকারের খেয়াল রাখা উচিত যেন কেউ এই গণঅভ্যুত্থান সম্পর্কে কোনও ভুল তথ্য না ছড়ায়। কারণ অনেকেই ইতিহাস বিকৃত করার সুযোগে আছে। বইমেলায় ২৪-এর জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত বইয়ের চাহিদা কেমন এমন প্রশ্নের জবাবে আদর্শ প্রকাশনীর একজন বিক্রয় কর্মী বাংলা ট্রিবিউনকে বলেন, জুলাইয়ের গণঅভ্যুত্থান সংক্রান্ত বইগুলো এবারে বইমেলার পরিবেশকে এক ভিন্ন মাত্রায় নিয়ে গেছে। প্রথম দিন থেকেই এসংক্রান্ত বইয়ের ব্যাপক চাহিদা। সত্যি বলতে এবারের বইমেলায় বুঝতে পারলাম যে পাঠকরা শুধু কবিতা বা গল্পের বই খোঁজেন না তারা ইতিহাসকে জানতে, বুঝতে এবং সেই আলোচনার অংশ হতে বেশ আগ্রহী। আদর্শ স্টলে দেখা যায় 'সংবাদপত্রে জুলাই অভ্যুত্থান' বই নিয়ে ব্যাপক আগ্রহ শিক্ষার্থীদের। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আজমির হোসেন বলেন, এই বইটি একসময় জুলাই গণঅভ্যুত্থানে সংবাদপত্রের কী ভূমিকা ছিল তার দলিল হয়ে থাকবে। এমন আরও অসংখ্য বই বের করা দরকার। যেটি একটি স্বৈরাচারের পতনের সুস্পষ্ট ইতিহাস বর্ণনা করবে।

'সংবাদপত্রে জুলাই অভ্যুত্থান' সম্পর্কে লেখক আহম্মদ ফয়েজ বলেন, এটি যতটা না বই তার চেয়ে বেশি ঐতিহাসিক প্রামাণ্য দলিল। ২০২৪ সালের জুলাই-আগস্ট মাস জুড়ে হয়ে যাওয়া ছাত্র-জনতার অভ্যুত্থান বাংলাদেশের ইতিহাসে এক অবিস্মরণীয় ঘটনা। এই ঘটনার রাজনৈতিক তাৎপর্য ব্যাপক। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে এই সময়ে ব্যাপক নিয়ন্ত্রণ ও দলীয় দালালির ফলে গণমাধ্যমের ভূমিকা প্রশ্নবিদ্ধ। কাগজে ছাপা সংবাদপত্রের গুরুত্ব ক্রমান্বয়ে কমতে থাকলেও ২০২৪ সালের জুলাইয়ে এসে সংবাদপত্র হঠাৎ করেই যেন পুরোনো জৌলুস পেয়েছিল। ২০২৪ সালের গণঅভ্যুত্থানে সংবাদপত্রের ভূমিকা নিয়ে এটিই সম্ভবত প্রথম কোনও বই। এই বইটির মাধ্যমে একজন পাঠক, গবেষক এবং শিক্ষার্থী ব্যাপকভাবে উপকৃত হতে পারবেন। গণঅভ্যুত্থান সম্পর্কিত বইয়ের বিষয়ে আদর্শ প্রকাশনীর প্রকাশক মাহবুবুর রহমান বলেন, জুলাই গণঅভ্যুত্থানের নিয়ে বিভিন্ন লেখকের অসংখ্য পাণ্ডুলিপি পেয়েছি। কিন্তু আমাদের সীমাবদ্ধতার কারণে ৭০-৮০টি পাণ্ডুলিপি বই আকারে প্রকাশ করতে পারিনি। তাছাড়া হাতে এবার বেশি সময় ছিল না। তবে আগামী বইমেলায় দর্শনার্থী ও পাঠকেরা জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত আরও বেশি বই দেখতে পাবেন।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# হরেকরকম   হরেকরকম   হরেকরকম

## মেয়েদের ত্বক চর্চার কিছু খুঁটিনাটি তথ্য

প্রতিদিন আমরা যে সব খাবার খাই তা সরাসরি আমাদের ত্বকে প্রভাব ফেলে। তাই সুস্থ ত্বক পাওয়ার জন্য সঠিক খাবার বেছে নেয়া অত্যন্ত জরুরি। কিছু কিছু খাবার আছে যা ত্বকের রুক্ষভাবে, প্রাণহীন ত্বককে প্রাণোজ্জ্বল করে। সেই সঙ্গে কিছু কিছু ক্ষেত্রে ফর্সা করার ক্ষমতাও রাখে। যে খাবারে অ্যান্টিঅক্সিডেন্ট এবং ভিটামিন প্রচুর পরিমাণে থাকে সে ধরনের খাবার খেলে ত্বক অপেক্ষাকৃত ফর্সা হওয়ার সম্ভাবনা থাকে। অনেকেই ত্বক ফর্সা করতে স্কিন হোয়াইটনিং চিকিৎসা করতে চান। তবে এটি অত্যন্ত ব্যয়বহুল। কিন্তু কিছু সুপার ফুড খেয়েই আপনি আপনার ত্বক ফর্সা করতে পারেন। তাহলে এবার এই সুপারফুডগুলোর কথা জানা যাক। কিউই ঃ বিদেশি এই ফলগুলো এখন বাজারে সহজলভ্য। এই ফলে প্রচুর পরিমাণে ভিটামিন সি রয়েছে। ভিটামিন সি ত্বকের কোষকে রক্ষা করে। কিউই স্কিন টোন ও ত্বকের রং উন্নত করতে সাহায্য করে। সেই সঙ্গে ত্বকের কালচে দাগও দূর করে। পাকা পেঁপে ঃ পাকা পেঁপেতে প্রচুর পরিমাণে ভিটামিন এ রয়েছে। লিভারের সঙ্গে সঙ্গে ত্বকের জন্যও উপযোগী পেঁপে। ত্বকের মৃত কোষগুলিকে নষ্ট করে এবং কোষের কালচে রংকে হালকা করতে সাহায্য করে এই ম্যাজিক ফল। পেঁপে খেলে ত্বকের উজ্জ্বলতা বাড়ে এবং ত্বকের রং ফর্সা হয়। গ্রিন টি ঃ গ্রিন টি শুধু শরীরের পক্ষে স্বাস্থ্যকর তাই নয়। এটি ত্বক ফর্সা করতেও কার্যকরী। এতে প্রচুর পরিমাণে অ্যান্টি অক্সিডেন্ট থাকে। যা ত্বকে বলিরেখা, কালচে দাগ পরতে দেয় না। যার ফলে ত্বকের উজ্জ্বলতা বজায় থাকে। ত্বককে ফর্সা করতেও সাহায্য করে। সালাদ ঃ সালাদে প্রচুর পরিমাণে ফাইবার থাকে। অ্যান্টিঅক্সিডেন্টও থাকে। যার ফলে ত্বক সতেজ থাকে এবং স্বাস্থ্যজ্জ্বল হয়। প্রত্যেকদিন সালাদ খেলে ত্বক উজ্জ্বল হয়। ডিম ঃ প্রত্যেকদিনের খাবারের মেনুতে ডিম থাকলে তা হাড়কে শক্ত করে একথা আমরা সবাই জানি। কিন্তু রোজ একটা ডিমকে স্কিন টোনকেও উন্নত করে তা অনেকেই জানেন না। তাই ত্বককে ফর্সা করতে নিয়মিত ডিম খাওয়া উচিত।

## সুস্বাদু পায়েসের রেসিপি



উপকরণ ঃ- দুধ---১ লিটার, চাল---১ তাপ, ছোটএলাচ গুঁড়ো---১ চা-চাচম, গাওয়া ঘি--- ১ চামচ, তেজপাতা---২ টো, কিশমিশ, তাজুবাদাম, আমন্ড ও স্তোতুচি---১ তাপ, চিনি বা পাটালি স্বাদমতো।

প্রণালী ঃ- প্রথমে চাল বেছে ধুয়ে জল ঝরিয়ে রাখু ন। এবার একটা পাত্রে দুধ ঢেলে গ্যাসে বসান। দুধ ফুটে উঠলে চাল দিয়ে দিন। চাল ফোটার সময় তাতে গাওয়া ঘি ও তেজপাতা দিগয়ে মিশিয়ে দিন। তারপর চাল সিদ্ধ হয়ে গেলে এরমধ্যে স্বাদমতো চিনি বা পাটালি মেশান। ক্রমাগত নাড়তে থাকুন। বেশ কিছুক্ষণ পর সব উপকরণ এক সঙ্গে মিশি গিয়ে পায়েস খুব ঘন হয়ে এলে এতে কিশমিশ, কাজুবাদাম, আমন্ড ও পেস্কাতুচি দিয়ে মিশিয়ে নিন। তার পর ছোটএলাচ গুঁড়ো ছড়িয়ে নামিয়ে নিন। পরিবেশনের সময় ওপরে মেওয়াকুচি ছড়িয়ে। দিতে পারেন।

## কম বয়সে রূপচর্চা করুন

বিশের ঘরে যাদের বয়স তাদের ত্বকে আলাদা উজ্জ্বলতা থাকে। তবে এ বয়সে অনিয়মটাও বেশি হয়। ফলে ক্ষতিগ্রস্ত হয় ত্বক। ২০ থেকে ২৯-এর মধ্যে যাদের বয়স তাদের মধ্যে নতুন কিছু নিয়ে গবেষণা করার বা ব্যবহার করার আগ্রহ বেশি থাকে। তাছাড়া রাত জাগা, ফাস্টফুড খাওয়ার অভ্যাস, পুষ্টিকর খাবার এইড়য়ে চলা, ইত্যাদি কারণে ত্বক প্রাণহীন হয়ে পড়তে পারে। তাছাড়া এই বয়সে ত্বকে ব্রণের সমস্যাও বেশি হয়ে থাকে। তাই সময় থাকতে ত্বকের যত্ন নেওয়া গেলে ত্বকে বয়সের ছাপও পড়বে দেরিতে। রূপচর্চাবিষয়কটি একটি ওয়েবসাইটে এই বয়সে রূপচর্চার কিছু দিন তুলে ধরা হয়। নিয়মিত সানস্ক্রিন ব্যবহার ঃ ত্বকে সানস্ক্রিন না মেখে ঘর থেকে বের হওয়ার একটি বড় ভুল। এতে সূর্যের ক্ষতিকর রশ্মি ত্বকের ক্ষতি করে। তাই মেঘলা দিনেও সানস্ক্রিন না মেখে ঘর থেকে বাইপে পা রাখা ঠিক হবে না। আই স্ক্রিম ব্যবহার ঃ আই ক্রিমের দাম কিছুটা বেশি হয়ে থাকে। তাই অনেকেই এড়িয়ে চলেন। তবে বয়সের চাপ প্রথমেই পড়তে শুরু করে চোখের চারপাশের ত্বকে। তাই বলিরেখা এবং চোখের কালি দূর করতে আইক্রিম বা সিরাম ব্যবহার করা উচিত। ভালো মানের সিরাম ব্যবহারে চোখের ফোলাভাবও কমবে। ত্বকের আর্দ্রতা ধরে রাখতে সিরাম ঃ শুষ্ক ত্বকে বলিরেখা পড়ে দ্রুত। তাই ত্বকের কেমলতা ধরে রাখার চেষ্টা করতে হবে যতটা সম্ভব।

## স্যুপ খেয়ে শীতে আমেজ

স্যুপ কেবল স্টার্টার নয়। বরং কমপ্লিট মিল। ঠিকঠাক মতো বানাতে পারলে স্যুপ হয়ে ওঠে সুস্বাদু; আর স্বাস্থ্যকরও। পছন্দ ছেরেবুড়ো সবার। শীত জাঁকিয়ে না পড়লেও এই সময়ে স্যুপ হতে পারে রসনাবিলাসের দারুণ সঙ্গী। শুভাগতা দেবাশীষের দেওয়া রেসিপিগুলো ট্রাই করা যেতে পারে।

সবজি ও নুডলস স্যুপ

উপকরণ- ক্যাপসিকাম ১টি, গাজর অর্ধেকটি, ফুলকপি (ছোট) ১টি, মটরশুঁটি সিকি কাপ, নুডলস ৫০গ্রাম, ধনেপাতা কুচি ২ টেবিল চামচ, ব্রকলি ১ কাপ, লেবু ১টি, মাখন ২-৩ টেবিল চামচ, আদা পেস্ট ১ টেবিল চামচ, গ্রিন চিলি সস আধা টেবিল চামচ, সয়া সস আধা টেবিল চামচ, গোলমরিচের গুঁড়া ১ টেবিল চামচ, লবণ স্বাদমতো।

প্রণালি- প্রথমে সব সবজি ছোট ছোট করে কেটে নিতে হবে। এরপর প্যানে মাখন দিয়ে আদা পেস্ট দিয়ে দিন। মটরশুঁটি দিয়ে গাজর দিন। অল্প আঁচে রান্না করুন। বাকি সবজিগুলো দিতে থাকুন। লবণ, গ্রিন চিলি সস দিয়ে দিন। সবজি হালকা গরম হলে ৩ কাপ পানি দিন। পানি ফুটলে (বলক উঠলে) নুডলস দিন। এবার গোলমরিচের গুঁড়া দিন। লেবুর রস, সয়া সস দিয়ে দিন এবার। সবশেষে মাখন আর ধনেপাতা ছড়িয়ে দিন। এবার পরিবেশন করুন গরম গরম।

মুরগি ও সবজির স্যুপ

উপকরণ- মটরশুঁটি ১ কাপ, গাজর ১ কাপ, বাঁধাকপি ১ কাপ, ডিম ৩টি, মুরগির মাংস (বুকের অংশ) ১ কাপ, বরবটি আধা কাপ, চিলি সস ২ টেবিল চামচ, লবণ স্বাদমতো, সিরকা ২ টেবিল চামচ, কর্নফ্লাওয়ার ২ টেবিল চামচ, গোলমরিচ ১ টেবিল চামচ, লাল কাঁচামরিচ বাটা আধা চা-চামচ, সয়া সস ২ টেবিল চামচ।

প্রণালি

প্রথমে প্যানে মাংস ভেজে নিন। এরপর বাঁধাকপি, মটরশুঁটি, গাজর, বরবটি, সয়াসস দিন। গোলমরিচ, লবণ, লাল কাঁচা মরিচ বাটা দিন। সিরকা দিন। ২ লিটার পানি দিতে হবে। জলে বলক এলে মাংস আর সবজি পানি থেকে তুলে নিতে হবে। মাংস জুলিয়ান কাট করে নিন। এবার সবজি দিন। চিলি সস, গোলমরিচের গুঁড়া দিতে হবে। অতঃপর ডিম ফেটে দিন। আস্তে আস্তে নাড়ুন। সবশেষে কর্নফ্লাওয়ার পানিতে মিশিয়ে স্যুপের ভেতরে দিতে হবে। তারপর নামিয়ে ফেলতে হবে। গরম গরম পরিবেশন করুন। ক্লিয়ার ভেজিটেবল স্যুপ উপকরণ- ফুলকপি ১ কাপ, ব্রকলি ১ কাপ, গাজর ১ কাপ, মটরশুঁটি ১ কাপ, বরবটি ১ কাপ, লবণ স্বাদমতো, চিনি আধা চা-চামচ, লাল কাঁচামরিচ অর্ধেকটি, রসুন কুচি ভাজা ১ টেবিল চামচ, ভেজিটেবল স্টক ৪ কাপ।

প্রণালি- সস প্যানে স্টক দিয়ে সব সবজি দিতে হবে। ফুটে উঠলে ২-৩ মিনিট পর চিনি, লবণ দিয়ে দিন। নামানোর আগে রসুন বেরেস্তা, লাল মরিচের ফালি দিয়ে নামিয়ে ফেলুন।

মটরশুঁটি চিংড়ির স্যুপ

উপকরণ- ভেজিটেবল স্টক ৪ কাপ, মাঝারি আকারের চিংড়ি ৮টি, মটরশুঁটি ১ কাপ, লবণ স্বাদমতো, চিনি স্বাদমতো, মাখন ১ চা-চামচ ও লেবুর রস ১ টেবিল চামচ।

প্রণালি- ভেজিটেবল স্টকের মধ্যে চিংড়ি, মটরশুঁটি ভালো করে ফুটিয়ে (বলক আসতে হবে) নিতে হবে। লবণ, চিনি, লেবুর রস দিতে হবে। নামানোর আগে মাখন দিন। স্যুপের সঙ্গে গার্লিক ব্রেড/গার্লিক টোস্ট পরিবেশন করুন।

ক্রিম অব টমেটো স্যুপ উপকরণ- বড় লাল টমেটো ৪টি, পেঁয়াজ স্লাইস ১ টেবিল চামচ, রসুন কুচি ১ চা-চামচ, আদা ১ চা-চামচ, সেলরি অল্প পরিমাণে, গাজর কুচি কাপ, কালো গোলমরিচ ৮/১০টি, স্টক ৪ কাপ, লবণ স্বাদমতো, মাখন ২ টেবিল চামচ, কর্নফ্লাওয়ার ১ টেবিল চামচ, ফ্রেশ ক্রিম ১ কৌটা, চিনি স্বাদমতো, সাজানোর জন্য পাউরুটি টুকরা ৪/৫টি (টুকরো করে নিতে হবে)।

প্রণালি তেলে মাখন দিয়ে পেঁয়াজ, সেলরি, রসুন, গাজর, টমেটো, লবণ, কালো গোলমরিচ, স্টক দিয়ে ঢেকে দিতে হবে।

আলাদা করে পানি ও টমেটো ছেঁকে নিন। টমেটো গলে গেলে ব্লেন্ডারে ব্লেন্ড করতে হবে। ঠান্ডা পানি দিয়ে ব্লেন্ড করা টমেটো কড়াইতে দিয়ে জ্বাল দিতে হবে। লবণ, গোল মরিচগুঁড়া ও চিনি দিন। ছেঁকে নিন। ছেঁকে নেওয়া স্যুপ আবার কড়াইতে দিতে হবে। কর্নফ্লাওয়ার দিতে হবে। ফ্রেশ ক্রিম দিন। পাউরুটি চারকোনা করে কেটে ভেজে নিতে হবে। ক্রিম ভালো করে মিশিয়ে নিন। স্যুপের ওপর ভাজা পাউরুটি ও ক্রিম দিয়ে পরিবেশন করুন।

## শীতে গলা ভেজান গুড়ের চায়ে রেসিপি

মাঝ ডিসেম্বর কেটে গিয়েছে। তা সত্ত্বেও এখনও জাঁকিয়ে শীতের দেখা মেলেনি। তাই নানা ধরনে মরশুমি শারীরিক সমস্যা লেগেই রয়েছে। যেমন ধরুন সর্দি, কাশি, হালকা জ্বরের মতো সমস্যা। আবার তার উপর রয়েছে করোনার আতঙ্ক। তার ফলে এই মুহূর্তে শারীরিক সমস্যা দূর করতে নিজেকে রাখতে হবে চাঙ্গা। এক কাপ গরম চায়ে চুমুক দিয়েই যদি সমস্ত রোগকে দূরে রাখা যায়, তবে কেমন হয়? মন্দ হয় না তাই তো? কিন্তু কীভাবে এই বিশেষ ধরনের চা তৈরি করবেন তার প্রণালী আপনার জানা নেই? চিন্তা না করে বরং জেনে নিন গুড় দিয়ে বিশেষ ধরনের চা তৈরির পদ্ধতি। প্রণালী: প্রথমে একটি পাত্রে এক কাপ জল গরম করুন। এবার তার মধ্যে ৪টি ছোট এলাচ, ১ চামচ মৌরি, আধ চা চামচ গোলমরিচ গুঁড়ো, ২ চামচ চা পাতা দিয়ে দিন। সামান্য ফুটতে দিন। এবার অন্য একটি পাত্রে আধ কাপ দুধ গরম করে নিন। ওই মিশ্রণটির মধ্যে ফুটন্ত দুধ ঢেলে দিন। তারপর তা গরম করে নিন। এবার ওই পাত্রের মধ্যে ২ চামচ গুড় দিন। সম্পূর্ণ গুড় মিশে যাওয়ার পর তা নামিয়ে নিন। ব্যস! গুড়ের চা তৈরি। এবার ছাঁকনি দিয়ে ছেঁকে গরম গরম পরিবেশন করুন। উপকারিতা: ১. গুড়ে রয়েছে আয়রন (জ্জন্দ্রদ্র)। তাই যাঁরা রক্তাল্পতার সমস্যায় ভুগছেন তাঁদের জন্য গুড়ের চা অত্যন্ত উপযোগী। ২. কোষ্ঠকাঠিন্যের সমস্যা দূর করে শরীরকে তরতাজা করতে সাহায্য করে গুড়। আপনারও তেমন সমস্যা থাকলে গুড়ের চায়ের কাপে একটা চুমুক আপনাকে দিতে পারেন অন্য রকমের তরতাজা অনুভূতি। ৩. আপনার কী অল্পতেই ঠান্ডা লেগে যাওয়ার সমস্যা রয়েছে? তবে গুড়ের চায়ের কাপে চুমুক দিয়ে আপনি সেই সমস্যা থেকেও মুক্তি পেতে পারেন। ৪. এছাড়াও গুড়ের চায়ে অন্যান্য উপকরণ আপনার ফুসফুসকে আরও শক্তিশালী করে তুলতে পারে। ৫. অবসাদ এবং দুর্বলতা থেকেও আপনাকে মুক্তি দিতে পারে গুড়ের চা। আপনি যদি সত্যি চা প্রেমী হন, তবে গুড়ের চায়ের কাপে যে চুমুক দিতে ভুলবেন না সে বিষয়ে কোনও সন্দেহ নেই। তবে যাঁরা চা প্রেমী নন তাঁরাও স্বাস্থ্যের কথা ভেবে একবার অন্তত এই ধরনের চায়ে গলা ভিজিয়ে দেখতেই পারেন। মন্দ লাগবে না।

## তৈলাক্ত ত্বকের সমস্যায় সহজ সমাধান



ত্বক বিশেষজ্ঞের কাছে না গিয়ে রান্নাঘরের বিভিন্ন উপকরণ দিয়ে তৈলাক্ত যত্ন নেওয়া যায়।

এক প্রতিবেদন থেকে জানা যায়, সহজ ও কার্যকর কিছু উপায় সম্পর্কে যা তৈলাক্ত ত্বকের সমস্যা সমাধান করে।

ভুট্টার গুঁড়া ঃ এটি তৈলাক্ত ত্বকের জন্য বেশ কার্যকর। গরম জলে দুই টেবিল চামচ ভুট্টার গুঁড়া মিশিয়ে ঘন দ্রবণ তৈরি করতে হবে। এরপর তা পুরো মুখে মেখে নিন। শুকিয়ে গেলে হালকা গরম জল দিয়ে ধুয়ে ফেলুন। বালো ফলাফলের জন্য প্রতিদিন ব্যবহার করুন।

মধু ঃ ত্বকের যত্নে মধু প্রাচীনকাল থেকেই ব্যবহার হয়ে আসছে। এটি তৈলাক্ত ত্বকের নানা রকমের সমস্যা, অস্বস্তিকর ‘ব্ল্যাকহেডস’ এবং লালচে দানা ত্যিাদি দূর করতে সাহায্য করে। এটি ত্বককে টানটান করে ও আর্দ্রতা দরে রাখতে সাহায্য করে।

মুখ, গলা ও বুকে মধুর মাস্ক লাগান। শুকিয়ে গেলে ১৫ মিনিট অপেক্ষা করার পর পাতলা তোয়ালে ব্যবহার করে চাপ দিয়ে ত্বক পরিষ্কার করে ফেলুন। মধুর প্রাকৃতিকভাবে ত্বক ‘এক্সফলিয়েট’ করার ক্ষমতা থাকায় তা ত্বকের অতিরিক্ত তেল কমায়। এটি ত্বকের ছিদ্র উন্মুক্ত করে ও বলিরেখা দূর করে।

চাইলে এর পরিবর্তে, মধুর সঙ্গে কাঠবাদামের গুঁড়া মিশিয়ে তা তৈলাক্ত ত্বকের উপর মালিশ করতে পারেন। পাঁচ থেকে দশ মিনিট অপেক্ষা করে হালকা গরম জল দিয়ে তা ধুয়ে ফেলুন।

টমেটোর ফেইস প্যাক ঃ এতে থাকে লাইকোপেন যা ত্বকের জন্য খুব উপকারী। এছাড়াও আছে ভিটামিন এ এবং সি যা ত্বকের তারুণ্য ধরে রাখতে সাহায্য করে। টমেটো প্রাকৃতিক পরিষ্কারক হিসেবে কাজ করে। পাশাপাশি অতিরিক্ত তেল, ব্ল্যাকহেডস এবং দাগ কমাতে সাহায্য করে।

একটি টমেটো অর্ধেক করে কেটে তা চটকে নিন। বীজ আলদা করতে তা ছেঁকে নিন। একটি তুলোর বল দিয়ে মুখে টমেটোর রস লাগিয়ে নিন। বাড়তি সুবিধার জন্য এতে মধু যোগ করতে পারেন। ১০ থেকে ১৫ মিনিট অপেক্ষা করার পর তা জল দিয়ে ধুয়ে ফেলুন। ভালো ফলাফলের জন্য প্রতি সপ্তাহে একদিন ব্যবহার করুন।

কলার মাস্ক ঃ কলা ও মধুর মাস্ক ত্বক প্রশমিত করে। একটি কলা ও এক টেবিল চামচ মধু একসঙ্গে ব্লেন্ড করে তাতে কয়েক ফোঁটা লেবু বা কমলার রস যোগ করুন। মাস্কটি মুখে লাগিয়ে ১৫ মিনিট অপেক্ষা করুন ও পরে ঠাণ্ডা জল দিয়ে ধুয়ে ফেলুন। আলতো করে মুছে ফেলুন। এই মাস্কের সঙ্গে সামান্য ময়েশ্চারাইজার মিশিয়ে ব্যবহার করলে ত্বক আর্দ্র থাকবে।

কফি ঃ কফির গুঁড়া খনিকটা মধুর সঙ্গে মিশিয়ে স্ক্রাব তৈরি করে তা মুখে ব্যবহার করুন। শুকিয়ে গেলে গরম জল দিয়ে তা ধুয়ে ফেলুন। এই সুস্বাদু-সুগন্ধি স্ক্রাব তৈলাক্ত ত্বক এক্সফলিয়েট করতে বেশ কার্যকর। বেইকিং সোডা ঃ দুতিন টেবিল চামচ জলের সঙ্গে এক টেবিল চামচ বেইকিং সোডা মিশিয়ে একটি মিশ্রণ তৈরি করে নিন। ত্বকে লাগান ও শুকিয়ে গেলে ধুয়ে ফেলুন। বেইকিং সোডার আছে প্রদাহ বিরোধী ও জীবাণুনাশক উপাদান যা তৈলাক্ত ত্বকের জন্য উপকারী।

অ্যালোভেরা ঃ সংবেদশীল ত্বকের সুরক্ষায় অ্যালোবেভ্রা তিন ভাবে কাজ করে। - মুখ ও গলায় তাজা অ্যালোভেরার জেল লাগিয়ে শুকানো পর্যন্ত অপেক্ষা করুন এরপর ধুয়ে ফেলুন। এটি তৈলাক্ত ত্বকের যত্নে বেশ উপকারী। - অ্যালোভেরার পাতা জলে ফুটিয়ে নিন। সেই জলে মধু মিশিয়ে মুখ ও গলায় লাগান। শুকিয়ে এলে ঠাণ্ডা জল দিয়ে ধুয়ে ফেলুন। তেল মুক্ত ত্বক পেতে নিয়মিত এটি ব্যবহার করুন। -চার টেবিল চামচ অ্যালোভেরার সঙ্গে দুই টেবিল চামচ ওটামিল মেশান ও ঘন দ্রবণ তৈরি করুন। এটি মুখে লাগিয়ে স্ক্রাব করুন। অতিরিক্ত তেল কমাতে সাহায্য করে এই মিশ্রণ। এবং মুখ থেকে ময়লা ও ধুলাবালি দূর করতে সাহায্য করে। কমলার খোসা ঃ কমলার খোসা তৈলাক্ত ত্বক নিয়ন্ত্রণের প্রাকৃতিক উপাদান হিসেবে কাজ করে। এই পলের খোসা কয়েকদিন শুকিয়ে তা ভালোভাবে গাঁড়া করে নিন। তারপর জল অথবা দইয়ের সঙ্গে মিশিয়ে মাস্ক তৈরি করুন। হাতে তৈরি এই প্রাকৃতিক মাস্ক ত্বকের লোমকূপের ছিদ্র উন্মুক্ত করে পরিষ্কার করে এবং এর ‘অ্যাস্ট্রিনজান্ট’ উপাদান ত্বকের অতিরিক্ত তেল দূর করে।

লেবু ঃ সমপরিমাণ লেবুর রস, গোলাপজল এবং গ্লিসারিন মিশিয়ে মুখের ত্বকে ব্যবহার করুন। ২০ মিনিট অপেক্ষা করার পর তা ধুয়ে ফেলুন। এটি তৈলাক্ত ত্বকের নানারকম সমস্যা যেমন ব্রণ, ফুস্কুড়ি এবং দাগ ইত্যাদি দূর করতে সাহায্য করে।

লেবুতে আছে জীবাণুনাশক উপাদান। তাই এটি তৈলাক্ত ত্বকের যত্নে সবচেয়ে ভালো। গোলাপ জল অ্যান্টিসেপ্টিকের কাজ করে, তাই এটি ত্বক সতেজ রাখতে পরিষ্কারক ও টোনারের মতো কাজ করে। গ্লিসারিন ত্বক ঠিক মাত্রায় আর্দ্র করে। প্রতিদিন ত্বকের যত্ন নিতে এই মিশ্রণ কাঁচের বোতলে রেখে ব্রেফ্রিজারেইটারে সংরক্ষণ করতে পারেন।

## অধিক ওজনে হৃদরোগ



নতুন কে গবেষণায় দেখা গেছে, কৈশোরে পুরুষের অধিক ওজন থাকলে, মধ্যবয়সে হৃদযন্ত্র অক্ষম হয়ে যাওয়ার ঝুঁকিতে থাকেন। গবেষকরা জানান, হৃদযন্ত্র বিকল হয়ে যাওয়ার বড় বয়স এখন ৪৭ বছর, বিশ্বের স্বাস্থ্য ব্যবস্থায় এটা এখন বড় হুমকি হয়ে গিয়েছে। এই গবেষণায় দেখা গেছে যেসকল প্রাপ্ত বয়স্ক পুরুষের উচ্চতা এবং ওজনের অনুপাত (বডি ম্যাস ইনডেক্স বা বিএমআই) ২০ থেকে ২২.৫ তাদের বয়স্ক অবস্থায় হৃদরোগের ঝুঁকি অন্যদের তুলনায় ২২ শতাংশ বেশি থাকে। এই গবেষণার আরও প্রামাণিত হয় যে, মোটা পুরুষ যাদের বিএমআই ৩৫ বা তারও বেশি তাদের হৃদরোগের ঝুঁকি আরও ১০ গুণ বেশি হয়। সুইডেনের ইউনিভার্সিটি অফ গথেনবার্গের অধ্যাপক আনিকা রোজেনগ্রেন বলেন, সতর্কতামূলক ব্যবস্থার জন্য কৈশোরে শরীরে ওজন গুরুত্বপূর্ণ এবং কম বয়সে স্বাস্থ্যকর ওজন ধরে রাখা উচিত। তিনি আরও জানান, বিভিন্ন গবেষণায় এতদিন বলা হচ্ছিল বিএমআই ১৮.৫ থেকে ২৫ এর মধ্যে থাকলে ওজন ঠিক আছে বলে ধরে নিতে হবে। তবে এই পরিমাপক এককে বয়সের কথা উল্লেখ্য করা হয়নি। ফলে যারা প্রাপ্ত বয়সে এসে ওই ওজনে নিশ্চিন্তে থাকেন। তাদের মধ্যেও অনেকে হৃদরোগের সমস্যায় পড়তে পারেন। অথচ তারা এতদিন নিজেদের শুকনা বলেই জানত। ইউরোপিয়ান হার্ট জার্নালে প্রকাশিত এই গবেষণার জন্য ২৩ বছরের বেশি সময় ধরে, পাঁচ থেকে ৪২ বছর বয়সি ১৬ লক্ষেরও বেশি পুরুষের উপর জরিপ চালানো হয়। গবেষণার অংশগ্রহণকারীদের অবস্থা পুনর্বিবেচনার সময় দেখা যায় ৫ হাজার ৪৯২ জন পুরুষের মধ্যে ৪৭ জন হৃদরোগে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। রোজেনগ্রেন পরামর্শ দেন, পৃথিবীজুড়ে মহামারী আকারে বৃদ্ধি পাওয়া ওজন বৃদ্ধির সম্যসা জরুরি ভিত্তিতে মোকাবেলা করতে হবে।

## রক্তনালী ব্লক হওয়া খুবই স্বাভাবিক একটি ব্যাপার

অস্বাস্থ্যকর জীবনযাপন এবং অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাসের কারণে রক্তনালী ব্লক হওয়া খুবই স্বাভাবিক একটি ব্যাপার। এবং শুধুমাত্র এই কারণে হৃদপিন্ডের নানা সমস্যায়ভুগতে দেখা যায় অনেককে। এমনকি হার্ট অ্যাটাকে আক্রান্ত হয়ে মৃত্যুমুখে পতিত হন অনেক রোগীই। কিন্তু রক্তনালী ব্লক হওয়ার এই সমস্যা থেকে খুবই সহজে মুক্ত থাকা যায় চিরকাল। আপনাকে এর জন্য প্রচুর অর্থ ব্যয় করতে হবে না একেবারেই। খুবই সহজলভ্য কয়েকটি খাবার আপনার রক্তনালির সুস্থতা নিশ্চিত করবে। আপনাকে এর জন্য প্রচুর অর্থ ব্যয় করতে হবে না একেবারেই। খুবই সহজলভ্য কয়েকটি খাবার আপনার রক্তনালির সুস্থতা নিশ্চিত করবে। আপেল--- আপেল রয়েছে পেকটিন নামক কার্যকরী উপাদান যা দেহের কোলেস্টেরল কমায় ও রক্তনালীতে প্লাক জমার প্রক্রিয়া ধীর করে দেয়। গবেষণায় দেখা যায় প্রতিদিন মাত্র ১টি আপেল রক্তনালির শক্ত হওয়া এবং ব্লক হওয়ার ঝুঁকি প্রায় ৪০ শতাংশ পর্যন্ত কমিয়ে দেয়। ব্রকলি--- ব্রকলিতে রয়েছে প্রচুর পরিমাণে ভিটামিন কে যা দেহের ক্যালসিয়ামকে হাড়ের উন্নতিতে কাজে লাগায় এবং ক্যালসিয়ামকে রক্তনালী নষ্ট করার হাত থেকে রক্ষা করে থাকে।

ব্রকলির ফাইবার উপাদান দেহের কোলেস্টেরল কমায় এবং উচ্চ রক্তচাপের ঝুঁকি কমিয়ে দেয়। দারুচিনি--- দারুচিনির অ্যান্টিঅক্সিডেন্ট কার্ডিওভাস্কুলার সিস্টেমের সার্বিক উন্নতিতে কাজ করে থাকে। এছাড়াও গবেষণায় দেখা যায় প্রতিদিন মাত্র ১ চামচ দারুচিনি গুঁড়ো দেহের কোলেস্টেরল কমায় এবং রক্তনালিতে প্লাক জমে ব্লক হওয়ার হাত থেকে রক্ষা করে।

তৈলাক্ত মাছ---

তৈলাক্ত মাছ বিশেষ করে সামুদ্রিক তৈলাক্ত মাছের ওমেগা ৩ ফ্যাটি অ্যাসিড দেহের ট্রাইগ্লিসারাইডের মাত্রা কমিয়ে হৃদপিন্ডকে চিরকাল সুস্ত ও নীরোগ রাখতে বিশেষ ভূমিকা পালন করে থাকে। তিসী--- তিসী বীজে রয়েছে প্রচুর পরিমাণে আলফা লিনোলেনিক অ্যাসিড যা উচ্চ রক্তচাপ কমায় এবং রক্তনালির প্রদাহকে দূর করতে সহায়তা করে এবং সে সাথে রক্তনালির সুস্থতা নিশ্চিত করে। গ্রিন টি--- গ্রিন টি অর্থাৎ সবুজ চায়ে রয়েছে প্রচুর পরিমাণে ক্যাচেটিন যা দেহে কোলেস্টেরল শোষণ কমায় এবং হৃদপিন্ডকে সুস্থ রাখতে বিশেষভাবে সহায়তা করে। প্রতিদিনের চা কফির পরিবর্তে গ্রিন টি পান করলে দেহের সুস্থতা নিশ্চিত হয়। কমলার রস --- গবেষণায় দেখা যায় প্রতিদিন ২ কাপ পরিমাণে শুধুমাত্র বিশুদ্ধ কমলার রস পান করলে রক্তচাপ স্বাভাবিক থাকে। এবং কমলার রসের অ্যান্টিঅক্সিডেন্ট রক্তনালির সার্বিক উন্নতিতে কাজ করে ফলে রক্তনালি ড্যামেজ হওয়ার হাত থেকে রক্ষা পায়।




মঙ্গলবার স্বস্বো মিশনের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে মন্ত্রী অনিমেষ দেববর্মা সহ অন্যান্যরা।

# ট্রেনে উঠতে না পেরে ভাঙচুর ! উত্তাল পরিস্থিতি বিহারের মধুবনী স্টেশনে

মধুবনী, ১১ ফেব্রুয়ারি (হি.স.): ট্রেনে উঠতে না পেরে ভাঙচুর চালাল একদল যাত্রী। সোমবার রাতে ঘটনাটি ঘটেছে বিহারের মধুবনী স্টেশনে। মহাকুম্ভে যাওয়ার জন্য গতকাল স্বতন্ত্রতা সেনানি সুপারফাস্ট এক্সপ্রেস ধরার জন্য ওই স্টেশনে ভিড় জমান প্রচুর যাত্রী। যদিও ওই ট্রেনটির ভিতরে আগে থেকেই যাত্রী ভর্তি ছিল। ট্রেনটির ভিতরে এতজন যাত্রী ছিলেন যে প্রত্যেকটি বগির দরজাই খোলা অসম্ভব হয়ে যাচ্ছিল। উল্টোদিকে মধুবনী স্টেশনে কাতারে কাতারে যাত্রীরা অপেক্ষা করছিলেন ওই ট্রেনটিতেই উঠবেন বলে। কিন্তু উঠতে না পেরে বেজায় চটে যান যাত্রীরা। ট্রেনে ভাঙচুর চালাতে থাকেন তাঁরা। অভিযোগ, স্টেশনে দাঁড়িয়ে থাকা ক্ষুব্ধ যাত্রীরা পাথর ছোড়েন স্বতন্ত্রতা সেনানি সুপারফাস্ট এক্সপ্রেসকে লক্ষ্য করে। আবার স্টেশনে দাঁড়িয়ে থাকা কয়েকজন যাত্রী ওই ট্রেনের একটি বগির কাঁচ পুরো ভেঙে ফেলে। এই পরিস্থিতিতে ট্রেনটির ভিতরে থাকা যাত্রীরা আতঙ্কিত হয়ে পড়েন। যদিও ঘটনাস্থলে রেল পুলিশের দেখা পাওয়া যায়নি বলেই অভিযোগ। মূলত মাঘী পূর্ণিমা তিথিতে পূর্ণকুম্ভে পুণ্যস্নান করতে যাওয়ার জন্যই এই ভিড়। বিহারের জয়নগর থেকে ছাড়ে স্বতন্ত্রতা সেনানি সুপারফাস্ট এক্সপ্রেস। যেটি উত্তর প্রদেশের প্রয়াগরাজ হয়ে যায় নয়াদিল্লিতে।

# তৃতীয় অমৃতস্নানের আগে প্রয়াগরাজে ব্যাপক ভিড়, প্রস্তুত পুলিশ ও প্রশাসন

প্রয়াগরাজ, ১১ ফেব্রুয়ারি (হি.স.): মাঘি পূর্ণিমার পুণ্যস্নান উপলক্ষ্যে বিপুল সংখ্যক পুণ্যার্থী আসতে শুরু করেছেন। মঙ্গলবার প্রয়াগরাজে ব্যাপক ভিড় লক্ষ্য করা গেছে, শ্লথ গতিতে চলাচল করে যানবাহন। এই ভিড় সামাল দিতে প্রস্তুত পুলিশ ও প্রশাসন। আগামীকাল মাঘি পূর্ণিমার আগে প্রয়াগরাজে ট্র্যাফিকের মসৃণ প্রবাহ নিশ্চিত করার জন্য নেওয়া পদক্ষেপ সম্পর্কে প্রয়াগরাজ পুলিশ কমিশনার তরুণ গৌবা বলেছেন, 'আমরা তীর্থযাত্রীদের একটি আনন্দদায়ক অভিজ্ঞতা নিশ্চিত করছি। লখনউ, জৌনপুর, প্রতাপগড়, চিত্রকূট, রেওয়ানাসি সহ সমস্ত রুটে ট্র্যাফিক প্রবাহ মসৃণ।'

তিনি আরও বলেছেন, 'এখানে শহরের মধ্যে কোনও যানজট নেই। বিভিন্ন পার্কিং স্পটে যানবাহন পাঠানো হচ্ছে। মাঘি পূর্ণিমার আগে আজ থেকে মহাকুম্ভ মেলা এলাকা ''নো ভেহিকল'' জোন থাকবে। আজ থেকে শহর ''নো পার্কিং'' জোনে পরিণত হবে। কল্পবাসীদের জন্য আলাদা যান চলাচলের ব্যবস্থা করা হয়েছে। ভুলভাবে পার্ক করা যানবাহন ক্রেন দিয়ে তোলা হচ্ছে।'

## কলকাতার বেসরকারি স্কুলে অগ্নিকাণ্ড, দমকলের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে

কলকাতা, ১১ ফেব্রুয়ারি (হি.স.): আগুন লাগল পাম অ্যাভিনিউয়ের একটি বেসরকারি স্কুলে। মঙ্গলবার ধোঁয়া বেরোতে দেখা যায় ওই স্কুল থেকে। স্কুল কর্তৃপক্ষ ও স্থানীয় বাসিন্দারা আগুনের ফুলকি দেখে দমকলে খবর দেন। ঘটনাস্থলে দমকলের দুটি ইঞ্জিন পৌঁছয়। মেরামতির কাজের জন্য স্কুল বন্ধ থাকায় বড়সড় দুর্ঘটনা ঘটেনি। তবে পাশে আরও একটি স্কুল রয়েছে। বড় দুর্ঘটনা এড়ানো সম্ভব হয়েছে বলে মনে করছেন দমকলকর্মীরা।

জানা গেছে, মঙ্গলবার ওই স্কুলে মেরামতির কাজ চলায় কোনও ক্লাস হচ্ছিল না। আচমকাই আগুন লেগে যায়। দমকলকর্মীরা প্রাথমিকভাবে অনুমান করছেন, মেরামতির কাজ চলার সময় এসি থেকে আগুন লেগে যায়। তার জেরেই ধোঁয়ায় ভরে যায় গোটা স্কুল চত্বর। খবর পেয়ে ঘটনাস্থলে যায় দমকলের দুটি ইঞ্জিন। বেশ কিছুক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে।

## কোরবার মেয়র পদে বিজেপি প্রার্থীর সপরিবারে ভোটদান

কোরবা, ১১ ফেব্রুয়ারি (হি.স.) : সপরিবারে ভোটদান করলেন কোরবার মেয়র পদে বিজেপির প্রার্থী সঞ্জু দেবী রাজপুত। মঙ্গলবার তাঁর পরিবারের সদস্যদের সঙ্গে কোটওয়ালির থানা স্কুল বুথে ভোটদান করেন। ভোটদানের আগে তিনি মা সর্বমঙ্গলা মন্দিরে পৌঁছে পুজো দিয়ে আশীর্বাদ নেন।

ভোট দেওয়ার পর সাংবাদিকদের সঙ্গে আলাপচারিতায় সঞ্জু দেবী বলেন, কোরবার মানুষ শহরের উজ্জ্বল ভবিষ্যতের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর গ্যারান্টি এবং মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাই—এর সুশাসনকে বেছে নিতে চলেছেন। তিনি আরও জানান, মঙ্গলবার প্রতিটি ওয়ার্ডের ভোটারদের মধ্যে ভোটদানের উৎসাহ দেখা গেছে। এই ভোটের মাধ্যমে কোরবা পৌরসভায় একটি নতুন অধ্যায় শুরু হবে, যা উন্নয়ন, সুশাসন এবং স্বচ্ছতা নিয়ে আসবে। যা বিজেপি মেয়র পদপ্রার্থী সঞ্জু দেবী রাজপুতের আত্মবিশ্বাসে প্রতিফলিত হয়েছে।

## মরণঝাঁপ ছাত্রীর, মঙ্গলেও উত্তপ্ত ম্যাকাউট

কলকাতা, ১১ ফেব্রুয়ারি (হি.স.): এমটেকের ছাত্রীর 'আত্মহত্যা'র ঘটনার পর মঙ্গলবারও পরিস্থিতি উত্তপ্ত মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (ম্যাকাউট)-এ। শিক্ষক-অশিক্ষক কর্মচারীরা বিশ্ববিদ্যালয়ের গেটের বাইরেই রয়েছেন। গেট বন্ধ করে রাখা হয়েছে। ছাত্র-ছাত্রীদের দাবি, যে ঘটনা ঘটেছে তার দায় কর্তৃপক্ষকে নিতে হবে এবং পদত্যাগ করতে হবে।

জানা গিয়েছে, সোমবার বিশ্ববিদ্যালয়ের ছাদ থেকে ঝাঁপ দেন বছর চব্বিশের ওই ছাত্রী। ওইদিন থেকে বিশ্ববিদ্যালয়ে শুরু হয় এমটেকের পরীক্ষা। মৃত ছাত্রী প্রথম বর্ষে পড়তেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষর দাবি, পরীক্ষা হলে টুকলি করতে গিয়ে ধরা পড়ে যান ওই ছাত্রী। তাঁর খাতা নিয়ে নেওয়া হয়। সম্ভবত সেই হতাশা থেকেই সে ছাদ থেকে ঝাঁপ দেয়। যদিও পড়ুয়াদের একাংশ বিশ্ববিদ্যালয়ের এই বক্তব্যের সঙ্গে সহমত নন। তাঁরা পাল্টা প্রশ্ন তুলেছেন, বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা নিয়ে। সিসিটিভি থাকা সত্ত্বেও কীভাবে সকলের নজর এড়িয়ে ছাদে উঠল ছাত্রী? নাকি ছাত্রীর আত্মহত্যার নেপথ্যে অন্য রহস্য? প্রশ্ন তুলেছেন পড়ুয়াদের একাংশ। পড়ুয়ার মৃত্যুর খবর চাউর হতেই এলাকায় ছড়িয়ে পড়ে উত্তেজনা। ক্ষোভে ফেটে পড়েন পড়ুয়ারা। প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের সামনে ১২ নম্বর জাতীয় সড়ক অবরোধ করেন তাঁরা। সোমবারের পর ফের মঙ্গলবারও পরিস্থিতি উত্তপ্ত সেখানে।

## বিজেপি প্রতিদিন সংবিধানকে হত্যা করছে : সাগরিকা ঘোষ

নয়াদিল্লি, ১১ ফেব্রুয়ারি (হি.স.): বিজেপির বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন তৃণমূল কংগ্রেস সাংসদ সাগরিকা ঘোষ। মঙ্গলবার সংসদ ভবন চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সাগরিকা ঘোষ বলেছেন, বিজেপি এমন একটি দল যারা প্রতিদিন সংবিধানকে হত্যা করছে। সাগরিকা ঘোষ আরও বলেছেন, 'রাজ্যগুলিকে টাকা দেওয়া হচ্ছে না, প্রধানমন্ত্রী সদনে একটি প্রশ্নেরও উত্তর দেন না এবং তিনি বিরোধীদের সঙ্গে এগিয়ে যান না। উদ্দেশ্য পরিষ্কার, তাঁরা সংবিধানের অবসান ঘটাতে চায়... আমরা তা হতে দেব না। আমরা সংবিধান রক্ষা করব।'

## জব্বলপুরে মিনিবাস ও ট্রাকের সংঘর্ষ, মৃত্যু ৭ মহাকুম্ভ পুণ্যার্থীর

জব্বলপুর, ১১ ফেব্রুয়ারি (হি.স.): উত্তর প্রদেশের প্রয়াগরাজ থেকে অন্ধ্রপ্রদেশ যাওয়ার পথে, মধ্যপ্রদেশের জব্বলপুরে ভয়াবহ দুর্ঘটনায় প্রাণ হারালেন ৭ জন পুণ্যার্থী। প্রয়াগরাজের মহাকুম্ভ থেকে ফিরছিলেন ওই ৭ জন পুণ্যার্থী, মঙ্গলবার সকালে জব্বলপুরে মিনিবাস ও ট্রাকের মধ্যে সংঘর্ষে মৃত্যু হয়েছে ৭ জনের।

মঙ্গলবার সকাল ৯টা নাগাদ দুর্ঘটনাটি ঘটেছে, একটি মিনিবাস ৩০ নম্বর জাতীয় সড়কের ওপর থেকে যাচ্ছিল, বিপরীত দিক থেকে আসা একটি দ্রুতগামী সিমেন্টবোঝাই ট্রাকের সঙ্গে সংঘর্ষ হয়। জব্বলপুর শহর থেকে আনুমানিক ৫০ কিলোমিটার দূরে দুর্ঘটনাটি ঘটেছে। নিহতদের সবার বাড়ি অন্ধ্রপ্রদেশে। মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদব এই দুর্ঘটনায় দুঃখপ্রকাশ করেছেন।

## রঞ্জি ট্রফি: হরিয়ানার বিপক্ষে কোয়ার্টার ফাইনালে মুম্বই অধিনায়ক রাহানের সেঞ্চুরি

কলকাতা, ১১ ফেব্রুয়ারি (হি.স.) : মঙ্গলবার সকাল সকাল ইডেন গার্ডেনে হরিয়ানার বিপক্ষে রঞ্জি ট্রফি কোয়ার্টার ফাইনালে মুম্বই অধিনায়ক অজিঙ্ক রাহানে সেঞ্চুরি করলেন। রাহানে ১৬০ বলে সেঞ্চুরি করলেন , যার ফলে মুম্বই হরিয়ানার বিপক্ষে তাদের লিড ৩০০ পেরিয়ে যায়। তাঁর সেঞ্চুরিতে ছিল ১০টি বাউন্ডারি। টুর্নামেন্টের এই সংস্করণে রাহানের এটি প্রথম সেঞ্চুরি। সেঞ্চুরি করার পর রাহানে অনুজ ঠাকরালের গুড লেন্থ ডেলিভারিতে ১০৮ রান করে আউট হয়েছেন।

## অদম্য মনোবল, জলপাইগুড়ি মেডিক্যালের সিক ওয়ার্ড থেকেই পরীক্ষা এক ছাত্রীর

জলপাইগুড়ি, ১১ ফেব্রুয়ারি (হি.স.): অদম্য মনোবলের জেরে জলপাইগুড়ি মেডিক্যাল কলেজের সিক ওয়ার্ড থেকে মঙ্গলবার মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে এক ছাত্রী। তার নাম কৃষ্ণা রায়। সে জলপাইগুড়ি গার্লস হাইস্কুলের পড়ুয়া। মাধ্যমিকের সিট পড়েছে মেহেরুন্নেসা হাইস্কুলে। সোমবার প্রথম দিনের পরীক্ষা শেষে বাড়ি ফিরে অসুস্থ বোধ করে কৃষ্ণা। পেটের যন্ত্রণায় কাতরাতে থাকে সে। সোমবার রাতে জলপাইগুড়ি শহরের একটি নার্সিংহোমে ভর্তি করা হয় তাকে। সেখান থেকে নিয়ে আসা হয় জলপাইগুড়ি মেডিক্যালে। মঙ্গলবার সেখান থেকেই পরীক্ষা দিচ্ছে সে।

## রাজ্যপালের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করলেন উত্তরাখণ্ডের ডিজিপি

দেরাদুন, ১১ ফেব্রুয়ারি (হি.স.) : উত্তরাখণ্ডের ডিজিপি দীপম শেঠ মঙ্গলবার রাজভবনে রাজ্যপাল লেফটেন্যান্ট জেনারেল গুরমিত সিং (অবসরপ্রাপ্ত)-এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।

জানা গেছে,রাজ্যপাল রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে ডিজিপির থেকে বিস্তারিত তথ্য জানতে চান। এছাড়াও, রাজ্যের সাম্প্রতিক গুরুত্বপূর্ণ সমস্যা নিয়েও আলোচনা হয়।

## মহাকুম্ভে সবকিছু সুষ্ঠুভাবে ব্যবস্থাপনা করেছেন যোগী জি : হেমা মালিনী

নয়াদিল্লি, ১১ ফেব্রুয়ারি (হি.স.): প্রয়াগরাজের মহাকুম্ভে ব্যবস্থাপনা নিয়ে খুশি ব্যক্ত করলেন প্রবীণ অভিনেত্রী তথা বিজেপি সাংসদ হেমা মালিনী। তাঁর মতে, মহাকুম্ভে সবকিছু সুষ্ঠুভাবে ব্যবস্থাপনা করেছেন যোগী জি। হেমা মালিনীর কথায়, একটি দুর্ঘটনা ঘটেছে, কিন্তু তার মানে এই নয় যে কুম্ভ ব্যর্থ হয়েছে।

মঙ্গলবার সংসদ ভবন চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে হেমা মালিনী বলেছেন, ২৬ ফেব্রুয়ারির আগে অনেকেই মহাকুম্ভে যাচ্ছেন। সবকিছু খুব সংগঠিত, সবাই এর প্রশংসা করছে।

## ধমতরিতে পৌরসভা ভোটে হৃদরোগে ভোটারের মৃত্যু

কোরবা, ১১ ফেব্রুয়ারি (হি.স.) : ছত্তিশগড়ে মঙ্গলবার পৌরসভা নির্বাচনের জন্য ভোটগ্রহণ চলছিল। এই ভোটদানের মাঝেই ধমতরি জেলার নগরী ব্লকের বাজার পাড়া বুথে ঘটে গেল মর্মান্তিক এক ঘটনা। ভোটদানের সময় হৃদরোগে আক্রান্ত হয়ে এক ভোটারের মৃত্যু হয়েছে। জানা গেছে , ওই ব্যক্তির নাম কুঞ্জ বিহারী দেব। ধমতরির কালেক্টর জানিয়েছেন, ঘটনাটি ভোটদানের সময় ঘটেছে। দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হলেও চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

## ইন্ডি জোটের বসে আলোচনা করা উচিত, মন্তব্য কপিল সিব্বলের

নয়াদিল্লি, ১১ ফেব্রুয়ারি (হি.স.): ইন্ডি জোটের ভবিষ্যৎ নিয়ে যখন রাজনৈতিক মহলে গুঞ্জন চলছে, তখন রাজ্যসভার সাংসদ কপিল সিব্বল বললেন, ইন্ডি জোটের বসে আলোচনা করা উচিত। দিল্লি বিধানসভা নির্বাচনের ফলাফল প্রসঙ্গে কপিল সিব্বল মঙ্গলবার বলেছেন, 'কংগ্রেস সবসময় একসঙ্গে কাজ করার এবং সম্মতি নিয়ে এগিয়ে যাওয়ার চেষ্টা করে। এটা সত্য যে মাঝে মাঝে সমস্যা হয়। বিহারের গত নির্বাচনে কংগ্রেসকে আসন দেওয়া হয়েছিল, কিন্তু তারা জিততে পারেনি এবং আরজেডি বলেছিল যে কংগ্রেসের কারণে তারা ক্ষমতায় আসতে পারেনি।'

কপিল সিব্বল আরও বলেছেন, 'সমস্ত দলকে (ইন্ডি জোটের) সিদ্ধান্ত নিতে হবে, কীভাবে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন। বিজেপিতে সুবিধা হল যে একটি একক কমান্ড রয়েছে এবং তারা সেই একক কমান্ডের অধীনে নির্বাচন করে, তাই তাদের লাভও হয়। উত্তর প্রদেশ ও তামিলনাড়ুতে কংগ্রেস জোটবদ্ধভাবে লড়েছে এবং তারা সুফল পেয়েছে। ইন্ডি জোটের বসে আলোচনা করা উচিত।'

## চিনাবাদাম ও সয়াবিন চাষিদের জন্য সুখবর, ক্রয়ের সময়সীমা বাড়লো

নয়াদিল্লি, ১১ ফেব্রুয়ারি (হি.স.): চিনাবাদাম ও সয়াবিন চাষিদের জন্য সুখবর, কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান চিনাবাদাম এবং সয়াবিনের ক্রয়ের সময়সীমা বাড়ানোর অনুমোদন দিয়েছেন। এছাড়াও ২০২৫-২৬ পর্যন্ত প্রধানমন্ত্রী-আশা যোজনা চালিয়ে যাওয়ার অনুমোদন দেওয়া হয়েছে। সয়াবিন ক্রয়ের সময়কাল মহারাষ্ট্রে ২৪ দিন এবং তেলেঙ্গানায় ১৫ দিন বাড়ানো হয়েছে। চিনাবাদাম কেনার সময় কর্ণাটকে ২৫ দিন এবং গুজরাটে ৬ দিন বাড়ানো হয়েছে।

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন 'তুর, মসুর এবং উরদের ১০০ শতাংশ ক্রয় আগামী ৪ বছর অব্যাহত থাকবে। দেশীয় উৎপাদন বাড়বে এবং আমদানির উপর নির্ভরতা কমবে। ভারত ডালে স্বয়ংসম্পূর্ণ হবে।'

## টুকলি রুখতে কড়াকড়ি, জলপাইগুড়ির বেলাকোবার কেবলপাড়া হাইস্কুলে ডেপুটি ম্যাজিস্ট্রেট

জলপাইগুড়ি, ১১ ফেব্রুয়ারি (হি.স.): মাধ্যমিকের প্রথম দিন বাইরে থেকে দেদার টুকলি সরবরাহের ঘটনার তদন্তে জলপাইগুড়ির বেলাকোবার কেবলপাড়া হাইস্কুলে গেলেন ডেপুটি ম্যাজিস্ট্রেট অর্নশ্রী চক্রবর্তী। মঙ্গলবার সাতসকালেই ওই স্কুলে পৌঁছে যান তিনি। এদিন থেকেই ওই মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রের নিরাপত্তা বাড়ানো হয়েছে। মোতায়েন করা হয়েছে বাড়তি পুলিশ।

পরীক্ষাকেন্দ্রে ঢোকার সময় চেকিং করাও হচ্ছে। গেটে চেকিংয়ের সময় কয়েকজন পরীক্ষার্থীর কাছ থেকে আজও টুকলি পাওয়া যায়। স্কুলের শিক্ষকরা সেগুলি নিয়ে নেন। সতর্ক করে দেওয়া হয় ওই পরীক্ষার্থীদের।

## কুম্ভ স্নান থেকে ফেরার পথে খাদে পড়ল বাস; মৃত এক, আহত একাধিক

ফিরোজাবাদ, ১১ ফেব্রুয়ারি (হি.স.) : সোমবার গভীর রাতে উত্তর প্রদেশের ফিরোজাবাদ জেলার রামগড় থানার অন্তর্গত সান্তি ব্রিজের কাছে মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। কুম্ভ স্নান সেরে ফিরছিল একদল তীর্থযাত্রী। তাদের বাসটি নিয়ন্ত্রণহীন হয়ে গভীর খাদে পড়ে উল্টে যায়। দুর্ঘটনায় এক বৃদ্ধার মৃত্যু হয় এবং একাধিক গুরুতর আহত হন।

জানা গেছে, সোমবার গভীর রাতে বাস উল্টে যাওয়ার পর আর্তনাদে চারপাশের লোকজন ছুটে আসে। স্থানীয়রা থানায় খবর দিলে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় এবং স্থানীয়দের সহায়তায় বাসের ভেতরে আটকে পড়া যাত্রীদের উদ্ধার করে।

এক পুলিশ আধিকারিক জানান , শান্তি দেবী (৬৮) নামক এক বৃদ্ধার মৃত্যু হয়। আহতদের মধ্যে ৫ জনের অবস্থা গুরুতর হওয়ায় তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকিদের প্রাথমিক চিকিৎসার পর গন্তব্যে পাঠানো হয়। প্রাথমিক তদন্তে জানা গেছে, দুর্ঘটনার কারণ সম্ভবত বাসচালকের ঘুম। কুম্ভ স্নানের পর তীর্থযাত্রীরা মথুরায় ফিরছিলেন, তখনই এই দুর্ঘটনা ঘটে। নিহত বৃদ্ধার দেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে এবং ঘটনাটি খতিয়ে দেখছে পুলিশ।

## স্যালাইন-কাণ্ডে বিতর্কিত সংস্থার ডিরেক্টরকে জিজ্ঞাসাবাদ

কলকাতা, ১১ ফেব্রুয়ারি (হি.স.): মেদিনীপুর মেডিক্যালে প্রসূতি মৃত্যুকাণ্ডে বিতর্কিত সংস্থার ডিরেক্টরকে জিজ্ঞাসাবাদ। জানা গেছে, স্যালাইন-কাণ্ডে এবার সিআইডির জিজ্ঞাসাবাদের মুখে পড়লেন পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালের টেকনিক্যাল ডিরেক্টর মুকুল ঘোষ। মঙ্গলবার প্রায় চারঘণ্টা ধরে তাঁকে জিজ্ঞাসাবাদ করা হয়। তাঁর বয়ানও রেকর্ড করেন তদন্তকারী আধিকারিকরা।

উল্লেখ্য, চলতি বছরের শুরুতে মেদিনীপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ভর্তি থাকা এক প্রসূতির মৃত্যু হয়। অভিযোগ ওঠে, মেয়াদ ফুরিয়ে যাওয়া স্যালাইন দেওয়ার জেরে ওই প্রসূতির মৃত্যু হয়। আরএল নামের যে স্যালাইন ওই প্রসূতিকে দেওয়া হয়েছিল, তা পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যাল নামে এক সংস্থার তৈরি। ওই সংস্থারই টেকনিক্যাল ডিরেক্টর মুকুল ঘোষ।

## বাজেটে ধনী ও শিল্পপতিদের দিকে মনোনিবেশ করা হয়েছে : অখিলেশ যাদব

নয়াদিল্লি, ১১ ফেব্রুয়ারি (হি.স.): কেন্দ্রীয় বাজেটের সমালোচনায় সরব হলেন সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব। মঙ্গলবার লোকসভায় বাজেট নিয়ে বক্তৃতায় অখিলেশ যাদব বলেছেন, 'এই বাজেট টার্গেটেড বাজেট, এই বাজেটে ধনী, বড়লোক, শিল্পপতিদের দিকে মনোনিবেশ করা হয়েছে। তাদের জন্য এই বাজেট করা হয়েছে। ভারতকে একটি বিকশিত দেশ হিসেবে গড়ে তোলার জন্য আমি এতে কোনও রোডম্যাপ দেখছি না।'

অখিলেশ যাদব আরও বলেছেন, 'এই দেশের জন্য ১০টি বাজেট কি শুধুমাত্র এই জন্য করা হয়েছিল, যে যখন ১১-তম বাজেট আসবে, তখন গোটা দেশ এবং সারা বিশ্ব দেখবে যে ভারতের মানুষকে হাতকড়া দিয়ে ফেরত পাঠানো হয়েছে।'

## বুধে রাজ্য বাজেট পেশ, জনমুখী ঘোষণা করতে পারেন চন্দ্রিমা

কলকাতা, ১১ ফেব্রুয়ারি (হি.স.): বছর ঘুরলেই বিধানসভা নির্বাচন। তার আগে বুধবার শেষ পূর্ণাঙ্গ বাজেট পেশ করবেন রাজ্যের স্বাধীন দ্বায়িত্বপ্রাপ্ত অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। সূত্রের খবর, এবারের বাজেটে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার গ্রামোন্নয়ন খাতে বাড়তি গুরুত্ব দিতে চলেছে। গ্রামোন্নয়ন ও পঞ্চায়েত দফতরের জন্য প্রায় ৩৫ হাজার কোটি টাকা বাজেট বরাদ্দের প্রস্তাব দেওয়া হতে পারে। বাজেটে জনমুখী ঘোষণা করতে পারেন চন্দ্রিমা।

কয়েকমাস পরেই বিধানসভা ভোটের দামামা বেজে যাবে রাজ্যে। রাজ্যে সরকার গঠনের লক্ষ্যে মহাযুদ্ধে নামবে রাজনৈতিক দলগুলি। এই আবহে ছাব্বিশের ভোটই যে 'পাখির চোখ', তার প্রতিফলনও এবারের বাজেটে স্পষ্ট হবে মনে করছে ওয়াকিবহাল মহল। সূত্রের খবর, সামাজিক সুরক্ষা, শিক্ষা, যুবক-যুবতীদের কর্মসংস্থানের মতো বিষয়গুলিতে গুরুত্ব না কমিয়েই গ্রামীণ এলাকার উন্নয়ন খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব আসতে চলেছে।

## চাকরির দাবিতে চপের স্টল টেট উত্তীর্ণদের

কলকাতা, ১১ ফেব্রুয়ারি (হি.স.): সল্টলেকে বইমেলা প্রাঙ্গনের অদূরে বিকাশ ভবন সংলগ্ন ইন্দিরা ভবনের সামনে মঙ্গলবার দুপুরে টেবিলের ওপরে চাদর বিছিয়ে প্রতীকী চপ, ঝালমুড়ি, ঘুগনি-সহ বিভিন্ন স্টল নিয়ে বসে পড়েন শিক্ষিত বেকার চাকরি প্রার্থীরা। তাঁরা ২০২২ প্রাথমিক টেট উত্তীর্ণ চাকরিপ্রার্থী।

অবিলম্বে রাজ্যের প্রাথমিক বিদ্যালয়ের ৫০ হাজার চাকরির শূন্যপদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের দাবিতে অভিনব এই প্রতিবাদ কর্মসূচি বলে জানিয়েছেন চাকরিপ্রার্থীরা।

Government of Tripura
শিল্প ও বাণিজ্য দপ্তর
সমাপ্তি অনুষ্ঠান
৩৫তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা-২০২৫
আন্তর্জাতিক মেলা প্রাঙ্গন, হাঁপানিয়া, আগরতলা
১২ই ফেব্রুয়ারী, ২০২৫ সন্ধ্যা ৭ ঘটিকা

প্রধান অতিথি : শ্রী প্রণজিৎ সিংহ রায়, মাননীয় মন্ত্রী, ত্রিপুরা সরকার
সম্মানিত অতিথি : শ্রী টিংকু রায়, মাননীয় মন্ত্রী, ত্রিপুরা সরকার
শ্রী বৃষকেতু দেববর্মা, মাননীয় প্রতিমন্ত্রী, ত্রিপুরা সরকার
বিশেষ অতিথি : শ্রী শম্ভু লাল চাকমা, মাননীয় চেয়ারম্যান, ত্রিপুরা ক্ষুদ্র শিল্প উন্নয়ন নিগম
শ্রীমতি মিনা রাণী সরকার, মাননীয়া সদস্যা, ত্রিপুরা বিধানসভা
শ্রী কিশোর বর্মন, মাননীয় চেয়ারম্যান, ত্রিপুরা হস্ততাঁত ও হস্তকারু উন্নয়ন নিগম
শ্রী নবাদল বণিক, মাননীয় চেয়ারম্যান, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগম
শ্রী সমীর রঞ্জন ঘোষ, মাননীয় চেয়ারম্যান, ত্রিপুরা চা উন্নয়ন নিগম
শ্রী কিরণ গিত্তে, আই এ এস, সচিব, শিল্প ও বানিজ্য দপ্তর
ডাঃ বিশাল কুমার, আই এ এস, জেলা শাসক ও সমাহর্তা, পশ্চিম ত্রিপুরা।
সভাপতিত্ব করবেন : শ্রীমতি সান্ত্বনা চাকমা, মাননীয় মন্ত্রী, শিল্প ও বানিজ্য দপ্তর, ত্রিপুরা সরকার।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আপনার সাদর আমন্ত্রণ রইল।

(শ্রীমতি বিশ্বশ্রী বি, আই এ এস)
অধিকর্তা
শিল্প ও বানিজ্য দপ্তর

# মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

সহযোগিতা করেছে। এয়ারফোর্স, এনডিআরএফ, এসডিআরএফ সহ বিভিন্ন সংস্থা ও সবাই মিলে বন্যা মোকাবিলায় কাজ করেছে। আর এই বিপদের সময় সবাই মিলে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে সহায়তা প্রদান করেছেন। এটা আগামীদিনেও একটা উদাহরণ হয়ে থাকবে। ছোট ছোট ছেলেমেয়ে থেকে শুরু করে ছাত্রছাত্রী, কর্মচারী, পেনশনার, ব্যবসায়ী, ক্লাব, সামাজিক সংস্থা সংগঠন সহ সকল স্তরের মানুষ সহায়তার হাত বাড়িয়ে দিয়েছেন।

বন্যার সময়ে রাজ্যের ১২টি নদীর মধ্যে জুরি নদী বাদ দিয়ে বাকি সবগুলি নদীই বিপদসীমা অতিক্রম করেছে। এরমধ্যে ৬টি নদীতে জলস্তর চূড়ান্ত মাত্রায় বৃদ্ধি পেয়েছিল। রাজ্যের ৮টি জেলার মধ্যে সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে গোমতী, দক্ষিণ ও সিপাহীজলা জেলা। অন্যান্য জেলাগুলিতেও কমবেশি ক্ষতি হয়েছে। এই বন্যায় প্রায় ১৭ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছিলেন। এরমধ্যে প্রায় চার লক্ষ মানুষকে নিরাপদ আশ্রয়ে সরিয়ে নেওয়া হয় এবং বন্যার সময় ৮৮৯টি ত্রাণ শিবির খোলা হয়েছিল। আর সেখানে প্রায় ২ লক্ষ মানুষকে আশ্রয় দেওয়া হয়।

মুখ্যমন্ত্রী বলেন, এই বিপর্যয়ে প্রায় ৩৮ জন মানুষকে আমরা হারিয়েছি। ৫৮,৬৮৭টি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। রাজ্যে এই বন্যায় ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ১৫,০০০ কোটি টাকা। আমরা এবিষয়ে দিল্লিকে অবহিত করি এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে কথা বলি। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গেও কথা বলি। আমরা আমাদের আর্থিকভাবে সহায়তা করার অনুরোধ জানাই। পরবর্তী সময়ে কেন্দ্রীয় সরকারের প্রতিনিধিদল রাজ্যে এসে পরিস্থিতি খতিয়ে দেখে। দিল্লি আমাদের প্রয়োজনীয় সহায়তা প্রদানের আশ্বাস দেয়।

মুখ্যমন্ত্রী বলেন, বিপর্যয় মোকাবিলায় মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিল ও বাজেট থেকে প্রায় ৫৬৪ কোটি আর্থিক বরাদ্দ করা হয়। আমাদের সরকার বিপর্যয় মোকাবিলায় দ্রুততার সঙ্গে ব্যবস্থা নিয়ে পরিস্থিতি সামাল দিয়েছে।

তিনি বলেন, মণিপুরে দুর্যোগপূর্ণ পরিস্থিতিতে আমাদের প্রায় ২৫০ জন ছাত্রছাত্রী আটকে পড়েছিল। তাদের অভিভাবকরা আমাদের কাছে এসেছিলেন। এরপরই আমি কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রীর সঙ্গে কথা বলে আটকে পড়া ছাত্রছাত্রীদের জন্য বিশেষ বিমানের ব্যবস্থা করে দিই এবং তাদের অক্ষত অবস্থায় রাজ্যে ফিরিয়ে আনার বন্দোবস্ত করি। এটাও ছিল একটা দুর্যোগের মতোই।

মানুষের সমস্যা হলে পাশে থেকে হাত বাড়িয়ে দেওয়াটাই গুরুত্বপূর্ণ। বিপদের সময় মানুষের কাছে পৌঁছা এই সরকারের অন্যতম লক্ষ্য। উদাহরণ হিসেবে কুমারঘাট রথযাত্রা মেলায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু, গন্ডাতুইসার অনভিপ্রেত ঘটনা, কুর্তি কদমতলার ঘটনা উল্লেখ করেন তিনি। যেকোন অনভিপ্রেত ঘটনায় আমরা দ্রুততার সঙ্গে পদক্ষেপ নিয়ে থাকি। যেটা আগে করা হতো না।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্য নিয়েই কাজ করছে বর্তমান সরকার। সারা দেশের ২৮টি রাজ্যের মধ্যে আইন শৃঙ্খলা ব্যবস্থায় নিচের দিক থেকে তৃতীয় স্থানে রয়েছে ত্রিপুরা। বিপর্যয় মোকাবিলায় অন্যান্য স্বেচ্ছাসেবী সংস্থাগুলিকেও আরো এগিয়ে আসতে হবে। আমরা ঐক্যবদ্ধ থাকলে কেউ কিছু করতে পারবে না। ত্রিপুরা এখন সব বিষয়ে পারফর্মার স্টেট হিসেবে রয়েছে। রাজ্যে শিল্প স্থাপনের আগ্রহ নিয়ে বাইরে থেকে এখন বিনিয়োগকারীরা আসছেন। প্রায় ৩,৭০০ কোটি টাকা বিনিয়োগ হবে। ত্রিপুরার উপর মানুষের আস্থা বাড়ছে। আগামীদিনে বেকারদেরও কর্মসংস্থান হবে।

এদিন অনুষ্ঠানে বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ড. বিশাল কুমার, সদর মহকুমা শাসক মানিক লাল দাস সহ আয়োজক সংগঠনের কর্মকর্তা ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# ১৯৪৯ সালের মণিপুর একীভূতকরণ চুক্তির যথাযথ বাস্তবায়নের আহ্বান রাজ্যসভার সদস্য সানাজাওবার

ইমফল, ১১ ফেব্রুয়ারি (হি.স.) : ১৯৪৯ সালের মণিপুর একীভূতকরণ চুক্তির যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানিয়েছেন বিজেপি নেতা তথা রাজ্যসভার সদস্য লেইশেম্বা সানাজাওবা। আজ মঙ্গলবার এ প্রসঙ্গে বক্তব্য পেশ করতে গিয়ে তিনি এ থেকে উদ্ভূত ঐতিহাসিক এবং রাজনৈতিক উদ্বেগগুলিকে সমাধান করার প্রয়োজনীয়তার ওপর জোর দিয়েছেন।

আজ মঙ্গলবার চেয়ারম্যান জগদীপ ধনকড়ের উপস্থিতিতে সাংসদ লেইশেম্বা সানাজাওবা মণিপুরের স্বার্থ রক্ষার জন্য সংশোধনমূলক ব্যবস্থার প্রয়োজনীয়তার ওপরও জোর দিয়েছেন। তিনি বলেন, এই চুক্তির বাস্তবায়ন দীর্ঘদিন ধরে বিতর্কের আবর্তে ছিল। সাম্প্রতিককালের চলমান অস্থিরতার অবসান ঘটাতে ১৯৪৯ সালের মণিপুর একীভূতকরণ চুক্তির বাস্তবায়ন অত্যন্ত জরুরি।

ভারতীয় ফেডারেল কাঠামোর মধ্যে রাষ্ট্রের অধিকার এবং ঐতিহাসিক গুরুত্ব সমুন্নত রাখতে এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের আশু হস্তক্ষেপের আহ্বান জানান সাংসদ লেইশেম্বা সানাজাওবা।

# রামপুরহাটে উদ্ধার বিপুল পরিমাণ অ্যামোনিয়াম নাইট্রেট

রামপুরহাট, ১১ ফেব্রুয়ারি (হি.স.): ফের বিপুল পরিমাণ বিস্ফোরক উদ্ধার বীরভূমে। সূত্রের খবর, সোমবার রাতে রামপুরহাট থানার মনসুবা মোড় থেকে ৩২০ বস্তা অ্যামোনিয়াম নাইট্রেট উদ্ধার করে পুলিশ। উদ্ধার হওয়া বিস্ফোরকের মোট ওজন ১৬ হাজার কেজি। ১৬ চাকার একটি ট্রাকে ওই পরিমাণ অ্যামোনিয়াম নাইট্রেট নিয়ে যাওয়া হচ্ছিল। পুলিশ সেই গাড়িতে তল্লাশি চালাতেই সেখান থেকে উদ্ধার হয় ৩২০ বস্তা অ্যামোনিয়াম নাইট্রেট। জানা গেছে, প্রতিটি বস্তার ওজন প্রায় ৫০ কেজি করে, মোট ১৬ হাজার কেজি অ্যামোনিয়াম নাইট্রেট উদ্ধার করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, যে সব ব্যাগে ওই বিস্ফোরক নিয়ে যাওয়া হচ্ছিল সেই সব ব্যাগে ব্যাচ নম্বর লেখা ছিল না। ব্যাচ নম্বর মুছে ফেলা হয় বলে পুলিশের সন্দেহ। ট্রাকে থাকা মালের চালান, ইনভয়েসেও গোলমাল রয়েছে বলে পুলিশের দাবি।

# কল্যাণীতে বাজি কারখানায় বিস্ফোরণের ঘটনায় এনআইএ তদন্তের দাবি শুভেন্দুর

কল্যাণী, ১১ ফেব্রুয়ারি (হি.স.): কল্যাণী বাজি কারখানার বিস্ফোরণে এন আই এ তদন্তের দাবি জানালেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এদিন কল্যাণীর রথতলা বাজি বিস্ফোরণ কাণ্ডে ঘটনাস্থলে যান রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। রাজ্যের বিরোধী দলনেতা ২ লক্ষ ১ হাজার টাকা দেন মৃতদের পরিবারকে। শুভেন্দু অধিকারী বলেন, রাজ্য সরকারের উচিত ছিল প্রায় ৫০ লক্ষ টাকা মৃতের পরিবার পিছু আর্থিক সহযোগিতা করা।

একইসঙ্গে রাজ্য সরকার ও শাসকদলের সমালোচনা করে শুভেন্দুবাবু বলেন, মুখ্যমন্ত্রীর উচিত ছিল পুলিশকে শাস্তি দেওয়া। এদিন ঘটনাস্থলে পৌঁছে রাজ্য সরকারের তীব্র সমালোচনা করে শুভেন্দু বলেন, ঈশ্বরকে ধন্যবাদ জানাব। হতাহতের সংখ্যা আরও বাড়তে পারত। চারটে প্রাণ গেছে। একজন হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়ছেন। কল্যাণী পুরসভা, পুলিশ ও রাজ্য সরকার এজন্য দায়ী। পুলিশ যদি নিরপেক্ষ তদন্ত না করে আমরা নিরপেক্ষ এজেন্সির হাতে তদন্তভার দেওয়ার দাবি জানাব। দরকারে আইনি লড়াই করব।

# জেলবন্দি পার্থর নিরাপত্তার দাবিতে সরব বিজেপি সাংসদ

কলকাতা, ১১ ফেব্রুয়ারি (হি.স.): জেলবন্দি পার্থ চট্টোপাধ্যায়ের নিরাপত্তার দাবিতে সরব বিজেপি সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো। তাঁর দাবি, তৃণমূল চিরতরে পার্থ চট্টোপাধ্যায়ের মুখ বন্ধ করে দিতে চাইছে। প্রাক্তন শিক্ষামন্ত্রীর নিরাপত্তা সুনিশ্চিত করা হোক। বিজেপি সাংসদের দাবি, তৃণমূল কংগ্রেস পুরোপুরি পার্থ চট্টোপাধ্যায়ের মুখ বন্ধ করে দিতে চায়। তাই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দফতর এবং অমিত শাহের স্বরাষ্ট্রমন্ত্রককে চিঠি দিয়েছেন তিনি। এমনকী চিঠি দিয়েছেন বাংলার রাজ্যপাল সিভি আনন্দ বোসকেও। তাতে স্কুল সার্ভিস কমিশন তুলে দেওয়ার দাবিও জানান বিজেপি সাংসদ।সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো চিঠিতে জানান, বাংলার স্কুল সার্ভিস কমিশন দুর্নীতি একটি প্রাতিষ্ঠানিক দুর্নীতি। স্কুল সার্ভিস কমিশন পাকাপাকিভাবে তুলে দেওয়া, যোগ্য প্রার্থীদের ন্যায়বিচার দেওয়া ও পার্থ চট্টোপাধ্যায়কে নিরাপত্তা দেওয়ার বিষয়ে উল্লেখ করেন তিনি।

# পশ্চিমবঙ্গের চারাকুশলী সুশোভন জাতীয়স্তরে পুরস্কৃত

বিহার, ১১ ফেব্রুয়ারি(হি.স.):ফলচাষ ও উন্নত ফলের চারা উৎপাদন ও বিপণনে সফল উদ্যোগপতি রাণাঘাটের নাইকুড়া গ্রামের চারাকুশলী সুশোভন বালাকে মঙ্গলবার বিহারের ভাগলপুরে অনুষ্ঠিত সর্বভারতীয় সমন্বিত ফল গবেষণা প্রকল্পের ১২তম সামূহিক পরিচর্চায় 'ভারতীয় কৃষি অনুসন্ধান পরিষদ' পুরস্কৃত ও সংবর্ধিত করেছে। অনুষ্ঠানে ভারতীয় কৃষি অনুসন্ধান পরিষদের ডেপুটি ও অ্যাডিশনাল ডাইরেক্টর জেনারেলদের পাশাপাশি বিহার কৃষি বিশ্ববিদ্যালয় ও আনন্দ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপচার্য্যদের উপস্থিতি লক্ষ্য করা যায়।

সুশোভন বালা কয়েক বছর ধরে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীনে মন্ডৌরী ফল গবেষণা কেন্দ্রে প্রশিক্ষণ নিয়ে আসছেন। তপশিলি জাতির উদ্যানপালকদের জন্য ভারত সরকারের আই.সি.এ.আর. কর্তৃক পরিচালিত বিশেষ কার্য্যক্রম এবং বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে চালু এই প্রশিক্ষণ শিবিরের মাধ্যমে বিগত কয়েক বছরে শতাধিক তপশিলি জাতির চাষি উন্নত ফলের চারা উৎপাদন ও বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষের প্রশিক্ষণ লাভ করেছেন। প্রশিক্ষণের জনপ্রিয়তা বৃদ্ধির সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গের কৃষকেরাও সফল ফলচাষের বাগান রচনা করে নিজেদের স্বাবলম্বী হতে শুরু করেছেন।

সাফল্যের ধারাবাহিকতায়, ২০২৪ সালে গুজরাট কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গণে নদীয়ার গাংনাপুর গ্রামের বিপ্লব সরকারও পুরস্কৃত হওয়ায়, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় থেকে প্রশিক্ষিত উদ্যোগপতিদের পরপর পুরস্কৃত হওয়ায় সমগ্র দেশের কৃষি খাতে বিশেষ আলোড়ন সৃষ্টি হয়েছে। এই প্রেক্ষাপটে ফল গবেষণা প্রকল্পের অধিকারী অধ্যাপক দিলীপ কুমার মিশ্র দুইবারেই পশ্চিমবঙ্গের চাষীর সাফল্যের খবর জানতে পেরে আনন্দ প্রকাশ করেছেন। ভাগলপুরে অনুষ্ঠিত চারিদিনব্যাপী বৈজ্ঞানিক পরিচর্চায় অধ্যাপক কল্যাণ চক্রবর্তীর উদ্বুদ্ধতায় নিয়মিত প্রশিক্ষণ শিবির পরিচালিত হওয়ায় সুশোভন বালাকে একজন সফল কৃষি-শিক্ষক হিসেবে সম্বোধন করা হয়েছে, যিনি নতুন প্রজন্মের কৃষকদের উদ্যানপালন ও নার্সারী ব্যবসায় আগ্রহী করে তুলতে অবদান রাখছেন। ভারতীয় কৃষি অনুসন্ধান পরিষদের পরিচালিত এই বাৎসরিক কার্য্যক্রম আগামী ১৪ ফেব্রুয়ারি সমাপ্ত হবে।

# অরুণাচলে আইজিজিএল কোম্পানির গ্যাস-পাইপের চাপায় হত অসম ও পশ্চিমবঙ্গের বাসিন্দা দুই শ্রমিক

গহপুর (অসম), ১১ ফেব্রুয়ারি (হি.স.) : অরুণাচল প্রদেশে আইজিজিএল কোম্পানির অধীনে ড্রিলিঙের কাজে কর্মরত দুই শ্রমিকের মর্মান্তিক মৃত্যু হয়েছে। নিহত দুই শ্রমিক যথাক্রমে শিবসাগর জেলার (অসম) অন্তর্গত লাকুয়ার বাসিন্দা রূপম বরুয়া এবং পশ্চিমবঙ্গের মেহেদি হাসান বলে পরিচয় পাওয়া গেছে।

দুর্ভাগ্যজনক দুর্ঘটনাটি ঘটেছে সোমবার রাত প্রায় আটটা নাগাদ অসমের গহপুরের সীমান্তবর্তী অরুণাচল প্রদেশের রাজধানী ইটানগরের পার্শবর্তী সিস্ফোতে। আইজিজিএল-এর অধীনে নিয়োজিত গণপতি ড্রিলিং কোম্পানির একটি গাড়ি গ্যাসের পাইপ পরিবহণ করছিল। এক সময় গাড়িটি দুর্ঘটনার কবলে পড়ে। দুর্ঘটনাগ্রস্ত গাড়ি থেকে গড়িয়ে পড়তে থাকে গ্যাসের পাইপ। ফলে পাইপের নীচে চাপা পড়েন শ্রমিকরা।

পাইপের নীচে চাপা পড়ে আহত দুই শ্রমিককে উদ্ধার করে নিকটবর্তী হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু হাসপাতালে নিয়ে যাওয়ার পর চিকিৎসা শুরু করার আগেই মৃত্যুর কোলে ঢলে পড়েন রূপম বরুয়া এবং মেহেদি হাসান।

এদিকে দুই সহকর্মীর মর্মান্তিক মৃত্যুর পরও আজ (মঙ্গলবার) সকালে অন্য শ্রমিকদের কাজে যোগ দিতে নির্দেশ দেন কোম্পানির সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। এতে ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয় শ্রমিকদের মধ্যে। তাঁরা বলেন, দুর্ঘটনায় দুই সহকর্মীর মৃত্যু হয়েছে, এত বড় একটি ঘটনার পরও কী করে কাজে যেতে বলা হচ্ছে? তাঁরা কাজ বন্ধ করে তাঁদের পর্যাপ্ত সুরক্ষা প্রদানের দাবি জানান।

# সব অঙ্গনওয়াড়ি কেন্দ্রেই এলপিজি সিলিন্ডারে রান্না হবে, বালুরঘাটের ঘটনায় ঘোষণা শশীর

কলকাতা, ১১ফেব্রুয়ারি (হি. স.) : সম্প্রতি দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাট এলাকায় কয়লার উনুনে রান্না করতে গিয়ে অগ্নিদগ্ধ হয়ে মৃত্যু হয় এক অঙ্গনওয়াড়ি কর্মীর। রাজ্য সরকারের তরফে ২ লাখ টাকা আর্থিক সাহায্যের কথা ঘোষণা করা হয়েছে। জেলা প্রশাসনের তরফে তা তুলে দেওয়া হবে। মঙ্গলবার একথা জানান শিশু ও নারীকল্যাণ মন্ত্রী শশী পাঁজা।

এই ঘটনার প্রেক্ষিতে রাজ্যের সব অঙ্গনওয়াড়ি কেন্দ্রের রান্নার নিয়মে আমূল পরিবর্তন আনল রাজ্য সরকার। আইসিডিএস কেন্দ্রে এলপিজিতে রান্না করার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য। এজন্য বরাদ্দ করা হয়েছে ২৮১ কোটি টাকা। শশী পাঁজা জানিয়েছেন, ইতিমধ্যেই ৩৭ কোটি ৮১ লক্ষ ৪২ হাজার ৬৫০ টাকা বরাদ্দ করা হয়েছে। প্রতি কেন্দ্রের জন্য বরাদ্দ ৪৬৫০ টাকা। ওভেন, সিলিন্ডার, লাইটার সবই রাজ্য সরকারের তরফে সরবরাহ করা হবে। গ্যাস সিলিন্ডার রিফিলও করবে রাজ্য সরকার। শুধু তাই নয় সেন্টারগুলির অগ্নিসুরক্ষার দিকেও নজর দেওয়া হয়েছে। যার জন্য চলতি অর্থবর্ষে ২৮১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

# নোমান-বরুণকে পেছনে ফেলে আইসিসির জানুয়ারির সেরা ওয়ারিক্যান

দুবাই, ১১ ফেব্রুয়ারি (হি.স.) : মঙ্গলবার জানুয়ারি মাসের সেরা খেলোয়াড়ের নাম প্রকাশ করেছে আইসিসি। পাকিস্তানের স্পিনার নোমান আলী এবং ভারতের স্পিনার বরুণ চক্রবর্তীকে পেছনে ফেলে আইসিসির মাসসেরা খেলোয়াড় হয়েছেন ওয়েস্ট ইন্ডিজের জোমেল ওয়ারিক্যান। গত মাসে মুলতানের টার্নিং উইকেটে ওয়ারিক্যান পাকিস্তানের বিরুদ্ধে সিরিজের প্রথম টেস্টে কেরিয়ারের সেরা বোলিং করেছেন তিনি। এই বাঁ-হাতি দুই ইনিংস মিলিয়ে ১০১ রানের বিনিময়ে ১০ উইকেট শিকার করেন।

এবারই প্রথম মাসসেরা খেলোয়াড় হলেন ওয়ারিক্যান। সব মিলিয়ে তৃতীয় ক্যারিবিয়ান খেলোয়াড় হিসেবে এই পুরস্কার জিতলেন তিনি। তাঁর আগে শামার জোসেফ এবং গুদাকেশ মোতি ২০২৪ এর আইসিসির মাসসেরা হয়েছিলেন। এদিকে মহিলাদের ক্রিকেটে জানুয়ারির মাসসেরা খেলোয়াড় হয়েছেন অস্ট্রেলিয়ার বেথ মুনি। ইংল্যান্ডের বিপক্ষে টি-২০ সিরিজে ২১৩ রান করেন তিনি। এর মধ্যে সিডনিতে ৪৪ বলে ৭৫ রানের ঝড়ো ইনিংস খেলেন তিনি। এরপর ৬৩ বলে ৯৪ রানের আরেকটি ইনিংসও খেলেছেন মুনি।

# অসম সচিবালয়ে শ্রমিক কল্যাণ বিভাগের নিয়োগপত্র বিলি মন্ত্রী রূপেশের

গুয়াহাটি, ১১ ফেব্রুয়ারি (হি.স.) : দিশপুরে অসম সচিবালয়ের 'বি ব্লক'-এ শ্রমিক কল্যাণ দফতরের মন্ত্রী রূপেশ গোয়ালার সভাকক্ষে অনুষ্ঠিত এক সভায় তিনজন কারখানা পরিদর্শক পদপ্রার্থীর হাতে নিয়োগপত্র প্রদান করা হয়েছে।

আজ মঙ্গলবার শ্রমিক-কল্যাণ, চা জনগোষ্ঠী এবং আদিবাসী কল্যাণ দফতরের মন্ত্রী রূপেশ গোয়ালা সংশ্লিষ্ট প্রার্থী যথাক্রমে নগাঁওয়ের নবজ্যোতি বরুয়া, ধেমাজির আরিয়ান বরুয়া এবং কামরূপ (মেট্রো)-এর হিমাদ্রীশেখর দাসের হাতে নিয়োগপত্র তুলে দিয়েছেন।

এর পর সংক্ষিপ্ত বক্তব্য পেশ করতে গিয়ে মন্ত্রী বলেন, 'আপনাদের হাতে গুরুত্বপূর্ণ দায়িত্ব অর্পণ করা হয়েছে। আমার বিভাগের নাম হচ্ছে শ্রমিক-কল্যাণ বিভাগ। শ্রমের সঙ্গে জড়িত মানুষের কল্যাণ করাই আমার দায়িত্ব। আইনে বেঁধে দেওয়া সুবিধাবলির মাধ্যমে কারখানা বা কলঘরে যে সকল শ্রমিক আছেন, কোনওভাবে যাতে তাঁরা তাঁদের প্রাপ্য থেকে বঞ্চিত না হন এবং কারখানায় কাজ করতে গিয়ে যাতে কেউ দুর্ঘটনার শিকার না হন, সে ব্যাপারে আমাদের তীক্ষ্ণ নজর রাখতে হবে।'

আজকের নিয়োগপত্র বিতরণ অনুষ্ঠানে অন্যদের সঙ্গে ছিলেন অতিরিক্ত মুখ্যসচিব বি কল্যাণ চক্রবর্তী, শ্রমসচিব অভিজিৎ বরুয়া, শ্রম-আয়ুক্ত অনামিকা তিওয়ারি।

# ডেকে নিয়ে খুন

● প্রথম পাতার পর

সন্ধ্যাবেলায় বৃদ্ধিবাজার এলাকার যুবক যজ্ঞ দেববর্মা (২৭), জিরানিয়া এলাকার জংসেন দেববর্মা (২৯) এবং টাকারজলা পাইল্লাভাঙ্গা এলাকার গণেশ দেববর্মা (২৬), মিলে মঙ্গলচরণ দেববর্মাকে বাড়ি থেকে নিয়ে যায়। গভীর রাত পর্যন্ত মঙ্গল বাড়ি ফিরে না আসায় চিন্তায় পড়ে যায় মঙ্গলের স্ত্রী জ্যোতিকা ত্রিপুরা। সারারাত মঙ্গল দেববর্মাকে খোঁজাখুঁজি করে তার স্ত্রী সহ পরিবারের লোকজন। কিন্তু কোথাও তাকে পাওয়া যায়নি।

পুলিশের কাছে মঙ্গলের স্ত্রী জ্যোতিকা ত্রিপুরা জানান, তার স্বামীকে তিন বন্ধু মিলে ঘুরতে যাওয়ার নাম করে বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়েছিল। তাদের সাথে রাবার বিক্রি করার কিছু টাকাও ছিল। মঙ্গলবার সকালে রাবার বাগানে তার স্বামীর ক্ষতবিক্ষত দেহ পাওয়া যায়। তিনি অভিযোগ করেন, তার স্বামীকে পরিকল্পিতভাবে খুন করা হয়েছে।

পুলিশ ইতিমধ্যেই তিন অভিযুক্তকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করেছে। তবে তারা জানিয়েছে, মঙ্গল বাইক দুর্ঘটনায় আহত হওয়ার পর তারা তাকে রাবার বাগানে ফেলে দিয়ে গিয়েছিল।

এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। পুলিশ মামলা দায়ের করে তদন্ত শুরু করেছে। ময়নাতদন্তের পর মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। মঙ্গলচরণের দুই সন্তান রয়েছে। স্থানীয় বাসিন্দারা অভিযুক্তদের কঠোর শাস্তির দাবি জানিয়েছেন।

# গার্জেন কলের হুঁশিয়ারির ভয়ে ফিনাইল খেয়ে অসুস্থ দুই ছাত্রী

দুর্গাপুর, ১১ ফেব্রুয়ারি (হি.স.) : ক্লাসে দুষ্টুমি করায় গার্জেন কলের হুঁশিয়ারিতে ভীত হয়ে স্কুলের বাথরুমে ফিনাইল খেয়ে অসুস্থ হয়ে পড়ল সপ্তম শ্রেণির দুই ছাত্রী। ঘটনাটি ঘটেছে মঙ্গলবার দুর্গাপুরের এমএএমসি মডার্ন স্কুলে। অসুস্থ নুসরত জাহান ও দীপান্বিতা দত্ত নামে ওই দুই ছাত্রীকে দ্রুত ভর্তি করা হয় দুর্গাপুর মহকুমা হাসপাতালে। দুর্গাপুর মহকুমা হাসপাতালের সুপার ডা. ধীমান মণ্ডল বলেন,দুই ছাত্রীকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। তারা ফিনাইল খেয়েছে বলে জানা গেছে। প্রাথমিক চিকিৎসার পর তাদের শারীরিক অবস্থা স্থিতিশীল রয়েছে। স্কুল সূত্রে জানা গেছে, নুসরত ও দীপান্বিতার দুষ্টুমি নিয়ে শিক্ষক-শিক্ষিকার কাছে বেশ কিছুদিন ধরেই অভিযোগ জমা পড়ছিল। শাসন করার পরও পরিস্থিতি না বদলানোয়, শেষ পর্যন্ত ক্লাস টিচার তাদের অভিভাবকদের ফোন নম্বর চেয়েছিলেন। কিন্তু গার্জেন কলের ভয়ে স্কুল ছুটির সময় বাথরুমে গিয়ে ফিনাইল খাওয়ার ঘটনা ঘটে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক তরুণ ভট্টাচার্য্য জানান, দুষ্টুমি বন্ধ করার জন্য অভিভাবকদের জানানো ছাড়া উপায় ছিল না। কিন্তু এই বিষয়টি শুনে তারা এমন চরম পদক্ষেপ নেবে, তা কল্পনাও করা যায়নি। ছুটির সময় বাথরুম পরিষ্কার করা হয়েছিল। সেখানে পড়ে থাকা একটি ফাঁকা ফিনাইলের বোতলে জল ভরে একজন আরেকজনকে খাইয়ে দেয়।প্রধান শিক্ষক আরও বলেন, শিক্ষার্থীরা দুষ্টুমি করলে বিষয়টি অভিভাবকদের না জানালে পরে আমাদেরই দোষারোপ করা হয়। কিন্তু এভাবে যদি প্রতিটি ঘটনায় সমস্যায় পড়তে হয়, তাহলে স্কুল চালানো দুষ্কর হয়ে উঠবে।এই ঘটনার জেরে শিল্পশহর দুর্গাপুরে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। অভিভাবকদের মধ্যে শিক্ষার্থীদের মানসিক চাপ এবং স্কুলের দায়িত্ব নিয়ে নতুন করে আলোচনা শুরু হয়েছে। ঘটনার খবর পেয়ে দীপান্বিতার জ্যাঠা দুলাল দত্ত বলেন, ফিনাইলের মতো জিনিস স্কুলে শিশুদের নাগালের বাইরে রাখা উচিত। এমন ঘটনায় আমরা মর্মাহত।

# ১৩ ও ১৪ ফেব্রুয়ারি দুটি ছুটি ঘোষণা রাজ্য সরকারের, বিজ্ঞপ্তি জারি

কলকাতা, ১১ ফেব্রুয়ারি (হি.স.): আগামী ১৩ ফেব্রুয়ারি অর্থাৎ বৃহস্পতিবার রাজ্য সরকারের তরফে শব-ই - বরাত এর ছুটি ঘোষণা করা হয়েছে। এই নিয়ে মঙ্গলবার বিজ্ঞপ্তি জারি করেছে রাজ্য অর্থ দফতর। উল্লেখ্য, পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী, আগামী ১৪ তারিখ অর্থাৎ শুক্রবার শব-ই - বরাত এর জন্য সরকারি ছুটি ঘোষণা করা হয়েছিল। রাজ্য অর্থ দফতরের তরফে ওই সংক্রান্ত এক নির্দেশিকা জারি করা হয়েছে। ওই নির্দেশিকায় বলা হয়েছে - আগামী ১৪ ফেব্রুয়ারি শুক্রবার ঠাকুর পঞ্চানন বর্মার জন্মদিন। ওইদিন সরকারি ছুটি ঘোষণা করেছে রাজ্য সরকার। ১৩ তারিখ 'শব - ই - বরাত' রাজ্য জুড়েই পালিত হবে। এর ফলে, ওইদিন সরকারি সমস্ত প্রতিষ্ঠানেই ছুটি থাকবে। সরকার পোষিত সমস্ত সংস্থাও এর আওতায় রয়েছে।

# পলাতক দুষ্কৃতিরা

● প্রথম পাতার পর

যাওয়ার পর কর্তব্যরত চিকিৎসক ধলাই কুলাই হাসপাতালে রেফার করে দেন। পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে যান। কেন কি নিয়ে ঘটনা ঘটেছে কেউ বলতে পারছে না।

সালেমা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসক পল্লবী দাস জানান, ঘটনা মেন্দি গ্রামে। আহত মহিলার নাম সুনমতি দেববর্মা। উনার মাথায় দায়ের আঘাত রয়েছে, পায়ের একাংশ আগুনে পুড়ে যায়। উনার অবস্থা আশঙ্কাজনক। তাই কুলাই হাসপাতালে রেফার করা হয়। আহত বৃদ্ধার ছেলে জানান, ঘটনার সময় তিনি কাজে ছিলেন। ঘটনার খবর পেয়ে এসে দেখেন মা রক্তাক্ত অবস্থায় পড়ে আছে। কিভাবে ঘটনা হয়েছে তিনি জানেন না। এই ঘটনায় সালেমার মেন্দী গ্রামে উপজাতিদের মধ্যে চাঞ্চল্য সৃষ্টি হয়েছে।

# স্বামী

● প্রথম পাতার পর

খুনের মামলা হাতে নিয়ে তদন্ত শুরু করেছে। পুলিশ সূত্রে জানা গেছে অভিযুক্ত শ্যামল দাসকে বুধবার আদালতে প্রেরণ করা হবে। এই ঘটনায় গোটা এলাকা জুড়ে তীব্র চাঞ্চল্য বিরাজ করছে।

# ভাঙা হল বেআইনি বাড়ি

কলকাতা, ১১ ফেব্রুয়ারি (হি.স.): অবৈধ নির্মাণ ভাঙতে গিয়ে আবাসিকদের বাধার মুখে পড়ে বিধাননগর পুরসভা। তবে এদিন বাধা উপেক্ষা করে ভাঙার কাজ কিছুটা হয়েছে। এ বিষয়ে বিস্ফোরক মন্তব্য করেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা। বেআইনি বাড়ি ভাঙতে প্রয়োজনে আধাসেনা মোতায়েন করার হুঁশিয়ারি দিয়েছেন তিনি।

বৃহস্পতিবার পুরসভার ৩৬ নম্বর ওয়ার্ডের শান্তিনগরে ওই নির্মাণ ভাঙার নির্দেশ দেয় কলকাতা হাই কোর্ট। নির্দেশের পরই ঘটনাস্থলে যায় পুরসভার আধিকারিক। বিক্ষোভের মুখে পড়ে ফিরে আসেন তাঁরা। শুক্রবার ফের সেই নির্মাণ ভাঙতে গেলে বাধার মুখে পড়েন কর্মীরা। তবে একাংশ ভাঙার কাজ এদিন শুরু হয়েছে। বাসিন্দাদের বোঝানোর চেষ্টা করেন আধিকারিকরা। ঘটনায় প্রবল উত্তেজনা ছিল এলাকায়।

শুক্রবার সকালে বেআইনি বিল্ডিং ভাঙতে এলে গেটে তালা লাগিয়ে বিক্ষোভ দেখান আবাসিকরা। বিধাননগর পুরনিগম এবং দক্ষিণ থানার পুলিশকে বিল্ডিংয়ের ভিতরে ঢুকতে বাধা দেন তাঁরা। মাইকে বাড়ি ছেড়ে দেওয়ার নির্দেশ দেয় পুরনিগম কর্তৃপক্ষ।

# গ্রেপ্তার ৬

● প্রথম পাতার পর

ভিতরে ঢুকে চুরি করতে গিয়ে হাতেনাতে ধরা পড়ে যায়। এরপর গনপিটুনিতে দিয়ে বেঁধে রাখে অভিযুক্ত বাবুল মিয়াকে। বিদ্যালয়ের হাত সাফাই করতে গিয়ে নিজেই সাফাই হয়ে গেল। সাথে সাথে খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে। সেখান থেকে পুলিশ অভিযুক্ত চোরকে উদ্ধার করে নিয়ে গিয়েছে বিলোনিয়া হাসপাতালে। কর্তব্যরত চিকিৎসক বাবুল মিয়াকে পরীক্ষা নিরীক্ষার পর মৃত বলে ঘোষণা দিয়েছেন। এদিকে, খবর পেয়ে ছুটে গিয়েছেন বাবুল মিয়ার পরিবারের লোকজন এবং কান্নায় ভেঙ্গে পড়েন। এদিকে, বিলোনিয়ায় বাবুল মিয়া হত্যা মামলায় অভিযুক্ত ছয়জনকে পুলিশ বিলোনিয়া আদালতে সোপর্দ করে। অভিযুক্তরা হল- মোহম্মদ মোস্তাফা (২০), আবুল হোসেন,(৪০) উৎপল দে(২৪), আকাশ দাস (২৩), সঞ্জয় তেওয়ারি (৪৫), শিব শংকর সরকার (২৩)। ছয়জনের মধ্যে তিন জনের বাড়ি আসামে। অপর তিন জনের বাড়ি বিলোনিয়া মহকুমায়।

# দেওঘর

● আটের পাতার পর

ব্যবস্থা করার জন্য ত্রিপুরা পুলিশের ডিজিকে আবেদন করা হয়েছে। পাশাপাশি তাদের সফলকালে একজন যোগাযোগকারী অফিসার কেউ নিয়োগ করার জন্য জেলা শাসকের নির্দেশ দেওয়া হয়েছে।

## হলফনামা

আমি **শ্রীমতী শিল্পী দাস পাল** (পুরাতন নাম) পতি- শ্রী বিপ্লব পাল (নাম) সাকিন-নেহাল চন্দ্রনগর, দূর্গাপুর, ডাকঘর- দূর্গাপুর, থানা- সোনামুড়া, জিলা-সিপাহীজলা, পিন- ৭৯৯১৩১ (সম্পূন ঠিকানা) এতদ্বারা ঘোষনা করিতেছি যে আমি আমার নাম পরিবর্তন করে **শ্রীমতী শিল্পী দাস পাল** (পুরাতন নাম) থেকে নতুন নাম **শ্রীমতী শিল্পী দাস** করিলাম। এখন থেকে নোটারি পাবলিক কর্তৃক প্রত্যায়িত হলফনামা মূলে আমি শ্রীমতী শিল্পী দাস হইলাম। **হলফনামা সিরিয়াল নং** আগরতলা ১১৪/ফেব্রুয়ারী তারিখ ১০ই ফ্রেব্রুয়ারী, ২০২৫। বর্তমানে আমি **শ্রীমতী শিল্পী দাস পাল ও শ্রীমতী শিল্পী দাস** একই ব্যাক্তি হিসাবে পরিচিত হইলাম।

উপরোক্ত বিষয়বস্তু গত ১০ই ফ্রেব্রুয়ারী ২০২৫ ইং তারিখে নোটারি পাবলিক কর্তৃক প্রত্যায়িত করা হইল, যাহার বিবরন আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য। ইহাতে আমি কোন প্রকার গোপন করি নাই।

**স্বাক্ষর**
**Shilpi Das**

# পশ্চিম জেলা ভিত্তিক স্পোর্টস ট্যালেন্ট অন্বেষণ প্রক্রিয়া শুরু

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। পশ্চিম জেলা ক্রীড়া দপ্তরের উদ্যোগে বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে এবং জোন স্তরে সবার সহযোগিতায় পশ্চিম জেলা ভিত্তিক স্পোর্টস ট্যালেন্ট অন্বেষণ ২০২৫ এর অন্তর্গত বিভিন্ন ইভেন্ট সোমবার থেকে পশ্চিম জেলার তিনটি মহকুমার বিভিন্ন ব্লকে জোন স্তরে প্রতিযোগিতা শুরু হয়েছে।
এর থেকে অনূর্ধ ১০ বছর ফুটবল এবং অ্যাথলেটিক্স, অনূর্ধ ১৪ বছর কাবাডি, খোখো বালক বালিকাদের টিম গঠন করা হবে ব্লক স্তরে খেলার জন্য।
তারপর মহকুমা এবং জেলা ভিত্তিক আসর হবে। পশ্চিম জেলা ভিত্তিক আসর হবে আগামী ২০ ফেব্রুয়ারি গান্ধীগ্রাম স্কুল মাঠে। তাছাড়া, আগামী ১৫ ফেব্রুয়ারি থেকে আগরতলা পুর নিগম জোন স্তরে খেলা শুরু হচ্ছে। নর্থ জোনের খেলা সুখময় স্কুল মাঠে এবং ১৭ ফেব্রুয়ারি থেকে ইস্ট জোনের খেলা ক্ষুদিরাম ইংরেজি মাধ্যম হাই স্কুল মাঠে এবং সেন্ট্রাল জোনের খেলা নেতাজি সুভাষ বিদ্যানিকেতন স্কুল মাঠে। খেলা হবে ১৫ ফেব্রুয়ারি এডি নগর স্কুল মাঠে।
প্রতিযোগিতা গুলি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পশ্চিম জেলা স্কুল স্পোর্টস বোর্ডের যুগ্ম সচিব মদন বনিক সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চেয়েছেন।

# ক্রিকেট অনুরাগীকে ১০ উইকেটে হারিয়ে জয়ের সারণীতে ইউনাইটেড ফ্রেন্ডস

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জয়ের ধারা অব্যাহত রেখে এগিয়ে চলছে ইউনাইটেড ফ্রেন্ডস। মঙ্গলবার নিজেদের দ্বিতীয় ম্যাচে ইউনাইটেড ফ্রেন্ডস সহজেই পরাজিত করলো ক্রিকেট অনুরাগীকে। ১০ উইকেটে। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র মহিলা ক্রিকেটের আমন্ত্রণমূলক ক্রিকেটে। এদিন মোহনপুরের তালতলা স্কুল মাঠে অনুষ্ঠিত হয় ম্যাচটি। সকালে টসে জয়লাভ করে ইউনাইটেড ফ্রেন্ডসের অধিনায়িকা সুরভি রায় প্রথমে ক্রিকেট অনুরাগীকে ব্যাট করার আমন্ত্রণ জানান। ইউনাইটেড ফ্রেন্ডস এর বোলারদের সাঁড়াশি আক্রমণের মুখে মাত্র ৫৩ রানে গুটিয়ে যায় ক্রিকেট অনুরাগী। দল সর্বোচ্চ ২২ রান পায় অতিরিক্ত খাতে। এছাড়া দলের পক্ষে স্নেহা নোয়াতিয়া ৬০ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে ১২ রান করেন। দলের আর কোনও ব্যাটসম্যান দুই অঙ্কের রানে পা রাখতে পারেননি। ইউনাইটেড ফ্রেন্ডস এর পক্ষে সুরভি রায় নয় রানে তিনটি, অন্তরানী নোয়াতিয়া তিন রানে এবং রেবিকা নোয়াতিয়া ১৬ রানে দুটি করে উইকেট দখল করেন। জবাবে খেলতে নেমে ইউনাইটেড ফ্রেন্ডস ৪০ বল খেলে কোনও উইকেট না হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। দলের পক্ষে রেশমি নোয়াতিয়া ২৮ বল খেলে পাঁচটি বাউন্ডারির সাহায্যে ২৯ রানে এবং নিকিতা দেবনাথ চোদ্দ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে ১৪ রানে অপরাজিত থেকে যান। দল অতিরিক্ত খাতে পায় ১১ রান। টানা দুই ম্যাচে অনায়াসেই জয় পেয়ে আপাতত গ্রুপের শীর্ষে আত্মপ্রকাশ করা ইউনাইটেড ফ্রেন্ডস।

# আহত রাচিন, গদ্দাফি স্টেডিয়ামের ফ্লাডলাইট নিয়ে প্রশ্নের মুখে পাক কর্তারা

চ্যাম্পিয়ন্স ট্রফি শুরুর আগেই কাঠগড়ায় পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। প্রশ্ন উঠে গেল গদ্দাফি স্টেডিয়ামের ফ্লাডলাইট নিয়ে। ত্রিদেশীয় সিরিজের পাকিস্তান-নিউ জিল্যান্ড ম্যাচে রাচিন রবীন্দ্র আহত হন একটি ক্যাচ ধরতে গিয়ে। আলোর জন্য বল ঠিকমতো দেখতে পাননি কিউয়ি অলরাউন্ডার। বল সোজা গিয়ে লাগে তাঁর মুখে। আহত হয়ে মাঠ ছাড়তে হয় তাঁকে।
শনিবার ত্রিদেশীয় সিরিজের প্রথম ম্যাচে নিউ জিল্যান্ডের মুখোমুখি হয়েছিল পাকিস্তান। মহম্মদ রিজওয়ানদের ইনিংসের ৩৮তম ওভারে মিচেল ব্রেসওয়েলের বলে খুশদিল শাহ ডিপ ব্যাকওয়ার্ড স্কোয়ার লেগে তুলে শট মারেন। সেখানে ফিল্ডার ছিলেন রাচিন। তিনি ক্যাচ ধরার চেষ্টা করেন। বলের কাছে পৌঁছেও গিয়েছিলেন। কিন্তু ফ্লাডলাইটের আলো পড়ায় শেষ মুহূর্তে তাঁর চোখ ধাঁধিয়ে যায়। বলের গতিপথ বুঝতে পারেননি। সরাসরি তাঁর মুখে গিয়ে লাগে বল। বলের আঘাতে রক্তাক্ত মুখ নিয়ে মাঠ ছাড়তে হয় তাঁকে। এই ঘটনার ভিডিয়ো ভাইরাল হয়েছে সমাজমাধ্যমে।
সরকারি ভাবে কিছু না বললেও গদ্দাফি স্টেডিয়ামের আলোর ব্যবস্থা নিয়ে অসন্তোষ প্রকাশ করেছেন নিউ জিল্যান্ডের ক্রিকেটারেরা। পাকিস্তানের একাধিক ক্রিকেটারও সমস্যার কথা বলেছেন। এই ঘটনায় পিসিবি কর্তাদের বিরুদ্ধে ক্ষোভপ্রকাশ করেছেন ক্রিকেটপ্রেমীরা। চ্যাম্পিয়ন্স ট্রফির জন্য নতুন করে সাজিয়ে তোলা গদ্দাফি স্টেডিয়ামের ফ্লাডলাইট নিয়ে প্রশ্ন তুলেছেন তাঁরা। পর্যাপ্ত আলোর অভাবের কথা বলেছেন অনেকে। আলোর গতিপথ নিয়েও প্রশ্ন তোলা হয়েছে। সমাজমাধ্যমে সমালোচনার মুখে পড়েছেন পিসিবি কর্তারা।
এই ঘটনায় নিউ জিল্যান্ডের জয় পেতে কোনও সমস্যা হয়নি। প্রথমে ব্যাট করে মিচেল স্যান্টনারের দল করে ৬ উইকেটে ৩৩০। ১০৬ রান করে অপরাজিত থাকেন গ্লেন ফিলিপস। জবাবে ৪৭.৫ ওভারে ২৫২ রানে শেষ হয় রিজওয়ানদের ইনিংস। এই ম্যাচে ব্যাট করতে পারেননি হ্যারিস রউফ। বল করার সময় চোট পান পাকিস্তানের জোরে বোলার। ৬.২ ওভার বল করে উঠে যান। তাতে উদ্বেগ তৈরি হয়। পরে রিজওয়ান জানিয়েছেন, রউফের চোট গুরুতর নয়।

# চ্যাম্পিয়ন্স ট্রফির আগে ফর্মে অস্ট্রেলিয়ার সম্ভাব্য অধিনায়ক

চ্যাম্পিয়ন্স ট্রফিতে অস্ট্রেলিয়ার হয়ে অধিনায়কত্ব করতে দেখা যেতে পারে তাঁকে। আপাতত শ্রীলঙ্কার বিরুদ্ধে তিনিই নেতৃত্ব দিচ্ছেন দলকে। সেই স্টিভ স্মিথ ফর্মে রয়েছেন। শ্রীলঙ্কার বিরুদ্ধে পর পর দু'টি টেস্টে শতরান করেছেন তিনি। পাশাপাশি দ্বিতীয় টেস্টে বিশ্বরেকর্ডও করেছেন তিনি।
শ্রীলঙ্কার বিরুদ্ধে দ্বিতীয় টেস্টের প্রথম ইনিংসে ১৩১ রান করেছেন স্মিথ। ২৫৪ বলের ইনিংসে ১০টি চার ও একটি ছক্কা মেরেছেন তিনি। পাশাপাশি শতরান করেছেন অ্যালেক্স ক্যারেও। ১৫৬ রান করেছেন তিনি। অস্ট্রেলিয়ার হয়ে চতুর্থ উইকেটে ২৫৯ রানের জুটি গড়েছেন তাঁরা। এই জুটির ফলেই বিশ্বরেকর্ড হয়েছে স্মিথের। চ্যাম্পিয়ন্স ট্রফির আগে শ্রীলঙ্কার মাটিতে তাঁর ব্যাটিং আত্মবিশ্বাস বাড়াবে স্মিথের।
স্মিথই বিশ্বের একমাত্র ক্রিকেটার যাঁর ১১ জন সতীর্থের সঙ্গে ২০০ বা তার বেশি রানের জুটি রয়েছে। অস্ট্রেলিয়ার প্রাক্তন অধিনায়ক রিকি পন্টিং ১০ জন সতীর্থের সঙ্গে ২০০ বা তার বেশি রানের জুটি গড়েছিলেন। শ্রীলঙ্কার মাটিতে পন্টিংকে ছাপিয়ে গিয়েছেন স্মিথ। শ্রীলঙ্কার মাটিতে স্মিথ ও ক্যারের জুটি কোনও বিদেশি দলের হয়ে সর্বাধিক। এর আগে ২০১১ সালে মাইকেল হাসি ও শন মার্শ ২৫৮ রানের জুটি গড়েছিলেন। এত দিন সেটিই ছিল রেকর্ড।
অস্ট্রেলিয়ার বিরুদ্ধে প্রথম টেস্ট হেরেছে শ্রীলঙ্কা। ঘরের মাঠে দ্বিতীয় টেস্টে প্রথম ইনিংসে ২৫৭ রান করেছে শ্রীলঙ্কা। জবাবে অস্ট্রেলিয়া করেছে ৪১৪ রান। দ্বিতীয় ইনিংসে শ্রীলঙ্কার রান ৮ উইকেটে ২১১। তৃতীয় দিনের খেলা শেষে অস্ট্রেলিয়ার থেকে ৫৪ রান এগিয়ে তারা। বড় অঘটন না ঘটলে এই ম্যাচও জেতার কথা অস্ট্রেলিয়ার।

# চ্যাম্পিয়ন্স ট্রফির আগে অধিনায়কের সমালোচনায় কপিল

ব্যাটে রান নেই রোহিত শর্মার। লাল বলের পর সাদা বলের ক্রিকেটেও রান পাননি তিনি। রোহিতের জন্য ভারতীয় দল সমস্যায় পড়ছে বলে মনে করেন কপিল দেব। ভারতের প্রাক্তন অধিনায়কের মতে, রোহিতের ফর্ম তাঁর নেতৃত্বে প্রভাব ফেলছে।
রবিবার কটকে ইংল্যান্ডের বিরুদ্ধে দ্বিতীয় এক দিনের ম্যাচ খেলতে নামছে ভারত। তার আগে কপিল প্রশ্ন তুলেছেন রোহিতের ফর্ম নিয়ে। তিনি বলেন, "রোহিত বড় ক্রিকেটার। আশা করছি ও তাড়াতাড়ি ফর্মে ফিরবে। গোটা দেশ ওর দিকে তাকিয়ে আছে। কিন্তু ওর ব্যাটে রান নেই। রোহিতের জন্যই সমস্যা বাড়ছে ভারতের। দল অনেক সময় খারাপ খেলছে। অধিনায়ক খারাপ ফর্মে থাকলে দল সমস্যায় পড়ে। সেটাই হচ্ছে। খারাপ ফর্ম ওর নেতৃত্বেও প্রভাব ফেলছে।"
নাগপুরে প্রথম ম্যাচে মাত্র ২ রান করেছেন রোহিত। খেলা শেষে রোহিতকে সেই বিষয়ে প্রশ্ন করা হলে তিনি পাল্টা সাংবাদিককেই প্রশ্ন করেন, "এটা কী ধরনের প্রশ্ন?" দলের বাকিদের ব্যাটিং নিয়ে কথা বললেও নিজেকে নিয়ে একটিও কথা বলেননি রোহিত। তবে তাঁর ফর্ম নিয়ে যে বাকিরা চিন্তিত তা কপিলের কথাতেই স্পষ্ট।
শেষ ১০টি ইনিংসে মাত্র ৭০ রান করেছেন রোহিত। তিনটি ইনিংসে দুই অঙ্কে পৌঁছতে পেরেছেন। সর্বোচ্চ ১৮ রান। ১৯ ফেব্রুয়ারি থেকে শুরু চ্যাম্পিয়ন্স ট্রফি। সেখানেও রোহিত অধিনায়ক। ভারতকে আরও একটি আইসিসি প্রতিযোগিতা জিততে হলে রোহিতের ফর্মে ফেরা জরুরি। এখন দেখার রবিবার কটকে ইংল্যান্ডের বিরুদ্ধে রোহিত রান পান কি না।

# ৭৩ সেকেন্ড! ঝড়ের গতিতে কটকে ওভার শেষ জাডেজার

বরাবরই দ্রুত নিজের ওভার শেষ করেন রবীন্দ্র জাডেজা। তিনি খেললে ওভারের জন্য জরিমানা হওয়ার সম্ভাবনা অধিনায়কের বিশেষ থাকে না। কটকেও সেই ছবি দেখা গেল। ইংল্যান্ডের বিরুদ্ধে বল করার সময় মাত্র ৭৩ সেকেন্ডে ওভার শেষ করেছেন রবীন্দ্র জাডেজা। তাঁর বল করার গতি দেখে হতবাক ধারাভাষ্যকারেরা ইংল্যান্ডের ইনিংসের ২৪তম ওভারে হ্যারি ব্রুকের বিরুদ্ধে বল করছিলেন জাডেজা। তিনি পর পর ব্রুকের পা লক্ষ্য করে বল করে যান। বলের গতি বেশি ছিল। ফলে ব্রুক হাত খোলার সুযোগ পাননি। প্রথম পাঁচটি বল ডিফেন্ড করেন তিনি। শেষ বলটি মিড উইকেট অঞ্চলে মারলেও রান হয়নি। ইনিংসের প্রথম মেডেন ওভার হয় সেটি। ওভার শেষে ধারাভাষ্যকারেরা জানান, মাত্র ৭৩ সেকেন্ডে ওভারটি শেষ করেছেন জাডেজা। তাঁরা অবাক হয়ে যান। স্পিনারদের ক্ষেত্রে সাধারণত এক ওভার শেষ করতে দেড় মিনিট সময় লাগে। কিন্তু তার অর্ধেক সময়ে ওভার শেষ করে দিয়েছেন জাডেজা। শুধু তাড়াতাড়ি ওভার শেষ করা নয়, উইকেটও নিয়েছেন জাডেজা। ভারতীয় বোলারদের মধ্যে সফলতম তিনি। ১০ ওভার বল করে ৩৫ রান দিয়েছেন তিনি। নিয়েছেন ৩ উইকেট। ইনিংসের একমাত্র মেডেন দিয়েছেন তিনি। ইংল্যান্ডের হয়ে সবচেয়ে বেশি ৬৯ রান করেছেন জো রুট। ৬৫ রান করেছেন বেন ডাকেট। দু'জনকেই আউট করেছেন জাডেজা। স্পেলের শেষ বলে জেমি ওভারটনকেও ফিরিয়েছেন তিনি। নাগপুরেও ৩ উইকেট নিয়েছিলেন জাডেজা। অর্থাৎ, দুই ম্যাচ মিলিয়ে ৬ উইকেট নিয়েছেন এই বাঁহাতি অলরাউন্ডার।

## সদর অনূর্ধ-১৫ ক্রিকেট আসরের ৪টি ম্যাচ আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। একদিন বন্ধ থাকার পর বুধবার হবে চারটি ম্যাচ। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সদর অনূর্ধ-১৫ ক্রিকেটে। বুধবার ডঃ বি আর আম্বেদকর মাঠে শক্তিশালী এগিয়ে চলো সংঘ খেলবে শতদল সঙ্গের বিরুদ্ধে, নীপকো মাঠে শক্তিশালী চাম্পামুড়া কোচিং সেন্টার খেলবে তরুণ সংঘের বিরুদ্ধে, নরসিংগড় পঞ্চায়েত মাঠে কর্নেল কোচিং সেন্টার খেলবে মৌচাক ক্লাবের বিরুদ্ধে এবং ওয়েস্ট নোয়াবাদী মাঠে আসরে দুই লড়াকু দল প্রগতি প্লে সেন্টার খেলবে এন এস আর সি সি-র বিরুদ্ধে। আজ ফেভারিট হিসেবেই মাঠে নামবে এগিয়ে চলো সংঘ, চাম্পামুড়া কোচিং সেন্টার, মৌচাক ক্লাব এবং প্রগতি প্লে সেন্টার। মঙ্গলবার ৮ দলই শেষ প্রস্তুতি সেরে নেয়।

## দল নিয়ে সন্তুষ্ট নন বোর্ড প্রধান, বদলের ইঙ্গিত

১৯ ফেব্রুয়ারি থেকে শুরু চ্যাম্পিয়ন্স ট্রফি। আয়োজক দেশ পাকিস্তান। ইতিমধ্যেই নিজেদের দল জানিয়ে দিয়েছে তারা। চ্যাম্পিয়ন্স ট্রফির আগে নতুন জার্সিও প্রকাশিত হয়েছে। কিন্তু তার মধ্যেই নতুন সমস্যায় পাকিস্তান ক্রিকেট বোর্ড। দল নিয়ে সন্তুষ্ট নন পাকিস্তান ক্রিকেট বোর্ডের চেয়ারম্যান মহসিন নকভি। বদলের ইঙ্গিত দিয়েছেন তিনি।
শনিবার নতুন জার্সি প্রকাশিত হয়েছে পাকিস্তানের। একটি ভিডিয়োতে নতুন জার্সি পরে দেখা গিয়েছে বাবর আজম, মহম্মদ রিজওয়ান, ফখর জমানদের। কিন্তু তার মাঝেই দলে বদলের ইঙ্গিত দিয়েছেন নকভি। তিনি জানিয়েছেন, ১২ ফেব্রুয়ারি পর্যন্ত দলে বদলের সুযোগ রয়েছে। সেই সুযোগ কাজে লাগাতে পারেন তাঁরা।
দল ঘোষণার পরে দুই ক্রিকেটারকে নিয়ে সমালোচনা হয়েছে। খুশদিল শাহ ও ফাহিম আশরফকে নেওয়া হয়েছে। দীর্ঘ দিন এক দিনের ক্রিকেট খেলেননি তাঁরা। লিগ ক্রিকেট খেলার সুবাদে তাঁরা জায়গা পেয়েছেন। নির্বাচকদের এই সিদ্ধান্ত নিয়ে ওয়াসিম আক্রমের মতো প্রাক্তন ক্রিকেটার প্রশ্ন তুলেছেন। তার ফলেই কি বদলের কথা ভাবছে পাক বোর্ড? শনিবার মহসিন জানিয়েছেন, নির্বাচকদের উপরেই সবটা নির্ভর করছে। তিনি বলেন, "যে দল ঘোষণা করা হয়েছে তা নিয়ে আলোচনা করবেন নির্বাচকেরা। নিশ্চয় কিছু ভেবেই খুশদিল ও ফাহিমকে নেওয়া হয়েছে। ১২ ফেব্রুয়ারি পর্যন্ত আমাদের সুযোগ রয়েছে। ওরা চাইলে কোনও বদল করতেই পারে। এই বিষয়ে আমরা নাক গলাব না।"
মহসিন নাক না গলানোর কথা বললেও পাকিস্তান ক্রিকেট বোর্ড সূত্রে খবর, দল নিয়ে খুশি নন চেয়ারম্যান। বিশেষ করে খুশদিল ও ফাহিমকে নেওয়া নিয়ে আপত্তি রয়েছে তাঁর। তিনি সেই কথা নির্বাচকদের জানিয়েছেন। সেই কারণে নির্বাচকেরা আবার দল নিয়ে আলোচনা করবেন। যা পরিস্থিতি, তাতে দু'একটা বদল হতে পারে দলে।

# মহিলা ক্রিকেটে ইউ বি এস টি-কে হারিয়ে জয় অব্যাহত চাম্পামুড়া কোচিং সেন্টারের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জয়ে জয়ে এগোচ্ছে চাম্পামুড়া কোচিং সেন্টার। মঙ্গলবার ইউনাইটেড বি এস টি কে অনেকটা হেলায় পরাজিত করলো চাম্পামুড়া কোচিং সেন্টার। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র মহিলাদের এক দিবসীয় ক্রিকেটে। এদিন চাম্পামুড়া জয় পায় ১০ উইকেটে। সকালে প্রথমে ব্যাট করার সুযোগ পেয়ে ইউনাইটেড বি এস টি মাত্র ৭৫ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে অম্বীকা দাস ৩৯ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে ১০ রান করেন। দলের আর কোনও ব্যাটসম্যান দুই অঙ্কের রানে পা রাখতে পারেননি। অতিরিক্ত খাতে দল সর্বাধিক পায় ৪৮ রান। চাম্পামুড়ার পক্ষে দিয়া সরকার নয় রানে, পূজা দাস ১১ রানে এবং স্নেহা দেবনাথ ১৮ রানে তিনটি করে উইকেট দখল করেন। জবাবে খেলতে নেমে চাম্পামুড়া কোচিং সেন্টার ১৩.৫ ওভার ব্যাট করে কোনও উইকেট না হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। দলের পক্ষে রিমসা কর্মকার ৪৯ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে ১৯ রানে এবং দীপিকা দেব ৪৮ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে ১৪ রানে অপরাজিত থেকে যান। দল অতিরিক্ত খাতে সর্বোচ্চ পায় ৪৩ রান।

# টিসিএ আয়োজিত সুপার ডিভিশনের উদ্বোধনী দিনে ৩ মাঠে ৩ ম্যাচ আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। উদ্বোধন আজ। উদ্বোধনী দিনে বুধবার হবে তিনটি ম্যাচ। মেলাঘরের শহীদ কাজল ময়দানে ব্লাড মাউথ ক্লাব খেলবে স্ফুলিঙ্গ ক্লাবের বিরুদ্ধে, নরসিংগড়ের টি আই টি মাঠে জে সি সি খেলবে সংহতি ক্লাবের বিরুদ্ধে এবং এমবিবি স্টেডিয়ামে শক্তিশালী ইউনাইটেড ফ্রেন্ডস খেলবে হার্ভে ক্লাবের বিরুদ্ধে।
রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত বিপুল মজুমদার স্মৃতি সুপার ডিভিশন লিভ ক্রিকেটে। ছয় দলই মঙ্গলবার শেষ প্রস্তুতি সেরে নেয়। উদ্বোধনী দিনে স্ফুলিঙ্গ, সংহতি এবং ইউনাইটেড ফ্রেন্ডস ফেভারিট হিসেবে মাঠে নামবে বলে মনে করছেন ক্রিকেটপ্রেমীরা। তবে বাকি তিন দল করা চ্যালেঞ্জ ছুড়ে দিবে তা নিঃসন্দেহে বলা যায়। এদিকে আসরে ব্লাডমাউথ ক্লাবকে মণিশঙ্কর মুড়াসিং, সংহতিকে শ্রীদাম পাল, জে সি সি-কে রজত দে এবং ইউনাটেড ফ্রেন্ডসকে দীপক ক্ষত্রী নেতৃত্ব দেবেন।

# ভূমিকম্পের পর মাঠ কাঁপালেন মেসি

ভূমিকম্পের পর সুনামির আশঙ্কাও করেছিল মার্কিন সুনামি সতর্কীকরণ ব্যবস্থা, যা পরে তারা বাতিল করে। এমন প্রতিকূল পরিস্থিতিতে হন্ডুরাসেই প্রাকমৌসুম ম্যাচ খেলতে গিয়েছিলেন লিওনেল মেসি। গিয়েছেন কী! খেলেছেন, নিজে গোল করেছেন এবং সতীর্থদের দিয়ে করিয়েছেন। ভূমিকম্পের দুই ঘণ্টা পর সুনামির আশঙ্কা করেছিল মার্কিন সংস্থাটি। ইন্টার মায়ামির ম্যাচও ছিল কাছাকাছি সময়ে, রাত ৮ টার দিকে। তবে ম্যাচ বাতিলের কোনো পরিস্থিতি সেখানে সৃষ্টি হয়নি।
ভূমিকম্পের উৎপত্তিস্থল থেকে প্রায় ৪০০ মাইল দক্ষিণ-পশ্চিমের চেলাটো ইউক্লেস ন্যাশনাল স্টেডিয়ামে খেলা হয়েছে। সেখানে নাকি ভূমিকম্পের কোনো প্রভাব ছিল না। ইন্টার মায়ামির সাংবাদিক ফ্রাঙ্কো পানিজো এক ক্লাব কর্মকর্তার বরাত দিয়ে জানিয়েছেন, 'স্টেডিয়ামের আশপাশে কোনো কিছুই অনুভব হয়নি।'
কম্পন অনুভব করতে না পারলেও হন্ডুরাসের ক্লাব অলিম্পিয়াকে মেসি-সুয়ারেজের মায়ামির চাপে পড়তে হয়েছে। দলটি মায়ামির কাছে হেরে গেছে ৫-০ গোলে। মেসি—সুয়ারেজ দুজনই একটি করে গোল করেছেন। মেসি গোলে সহায়তা করেছেন আরও দুটি।
২৭ মিনিটে ম্যাচের প্রথম গোল আসে মেসির কাছ থেকে। আর্জেন্টিনার মার্সেলো ভাইগান্টের বাড়ানো বল ডি বক্সে পেয়ে যান সুয়ারেজ। নিজে শট না নিয়ে অরক্ষিত মেসিকে দিয়ে দেন সুয়ারেজ। বাকি কাজটা মেসি সহজেই করেছেন।
৪৪ মিনিটে ফেদেরিকো রেদোনদো ও প্রথমার্ধের যোগ করা সময়ে নোয়াহ অ্যালেনকে দিয়ে গোল করার মেসি। সুয়ারেজ ব্যবধান ৪---০ করে ফেলেন ম্যাচের ৫৮ মিনিটে। শেষ গোলটি করেন রায়ান সেইলর, ৭৯ মিনিটে। এই ম্যাচ দিয়ে মায়ামি যুক্তরাষ্ট্রের বাইরে প্রস্তুতি পর্ব শেষ করল। ২২ ফেব্রুয়ারি মেজর লিগ সকারে (এমএলএস) নিজেদের প্রথম ম্যাচের আগে অবশ্য আরও কয়েকটি ম্যাচ খেলবে তারা। ১৪ ফেব্রুয়ারি প্রাকমৌসুম প্রস্তুতি ম্যাচে মেসিরা খেলবেন ওরল্যান্ডো সিটির বিপক্ষে। ৪ দিন পর কনকাকাফ চ্যাম্পিয়নস কাপে নিজেদের প্রথম ম্যাচের প্রতিপক্ষ স্পোর্টিং কানসাস সিটি।

# রোহিত তাণ্ডবে তছনছ রেকর্ড!

কটকে আছড়ে পড়ল রোহিত ঝড়। দীর্ঘ অপেক্ষার পর সেই ঝড়ে যে একাধিক রেকর্ড তছনছ হয়ে যাবে, সেটা বলাই বাহুল্য। বরাবাটি স্টেডিয়ামে বিধ্বংসী সেঞ্চুরিতে ছক্কার ঝড়ে টপকে গেলেন ক্রিস গেইলকে। সেই সঙ্গে ভাঙলেন শচীন তেণ্ডুলকরের রেকর্ড।
ইংল্যান্ডের ৩০৪ রানের লক্ষ্য ধাওয়া করে সহজেই জয় ছিনিয়ে নেয় ভারত। যার নেপথ্যে রোহিতের ৯০ বলে ১১৯ রানের ইনিংস। ১২টি চারের পাশাপাশি হাঁকালেন ৭টি ছক্কা। আর তাতেই ভাঙল ওয়েস্ট ইন্ডিজের প্রাক্তন তারকা ক্রিস গেইলের রেকর্ড। ওয়ানডেতে গেইলের মোট ছয়ের সংখ্যা ৩৩১। সেই রেকর্ড আগেই ছুঁয়ে ফেলেছিলেন রোহিত। ইংল্যান্ডের বিরুদ্ধে সেটা টপকে গেলেন তিনি। ম্যাচ শেষে তাঁর মোট ছয়ের সংখ্যা ৩৩৮। তবে এই তালিকায় সবার উপরে আছেন পাকিস্তানের শাহিদ আফ্রিদি। তাঁর মোট ছক্কা সংখ্যা ৩৫১। সেটা ভাঙাও এখন সময়ের অপেক্ষা।
অন্যদিকে কিংবদন্তি শচীন তেণ্ডুলকরকেও পিছনে ফেললেন রোহিত। ৩০ বছর পার করার পর সব ফরম্যাট মিলিয়ে রোহিত ৩৬টি সেঞ্চুরি করেছেন। সেখানে শচীনের সেঞ্চুরি ৩৫টি। আবার ওপেনার হিসেবে রোহিতের রান দাঁড়াল ১৫৪০৪। ওপেনার হিসেবে শচীন করেছিলেন ১৫৩৩৫। তবে ভারতীয়দের মধ্যে এই তালিকায় সবার উপরে আছেন বীরেন্দ্র শেহওয়াগ। তাঁর রান সংখ্যা ১৫৭৫৮। আরও একটি ক্ষেত্রে শচীনের রেকর্ড ভেঙেছেন হিটম্যান। ওপেনার হিসেবে ১২০বার ৫০ বা তার বেশি রান রয়েছে মাস্টার ব্লাস্টারের। এদিনের সেঞ্চুরিতে সেটা টপকে গেলেন রোহিত।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# স্কলারশিপের দাবিতে টিএসইউ'র ডেপুটেশন



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ ফেব্রুয়ারী :** স্কলারশিপ প্রদানের দাবিতে জনজাতি কল্যাণ দপ্তরের সম্মুখে বিক্ষোভ প্রদর্শন করেছে টিএসইউ। অতিসত্বর ছাত্রীদের স্টাইপেন্ড প্রদান করা না হলে আগামীদিনে ধর্ণায় বসবেন বলে হুঁশিয়ারি ছাত্রছাত্রীদের। তাঁদের দাবিগুলি হল, গত বছরে বৃত্তি বিলম্বিত প্রাপ্তির কারণে অনেক শিক্ষার্থী এই বছরের বৃত্তির জন্য আবেদনপত্র পূরণ করতে পারেনি। এতে শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। এই ছাত্রদের জন্য বিকল্প ব্যবস্থা করার দাবি জানায় তারা। পাশাপাশি, রাজ্য জুড়ে সমস্ত এসটি হোস্টেলে হোস্টেল সুপারিনটেনডেন্ট এবং নাইট গার্ড পদে নিয়োগ করতে হবে। তাছাড়া, বর্তমান বোর্ডিং হাউসে থাকা ছাত্র ছাত্রীদের ভাতা হিসেবে ৮০ টাকা সহায়তা প্রদান করা হয় যা ৮০ টাকা থেকে বাড়িয়ে ১৫০ টাকা করতে হবে।

তাই আজ বাধ্য দিয়ে তপশিলী জাতি কল্যাণ দপ্তরে বিক্ষোভ প্রদর্শন করেন তাঁরা। তাঁদের দাবি, অতিসত্বর স্কলারশিপ প্রদানের ব্যবসা করা হোক। তাঁদের দাবি পূরণ করা না হলে আগামীদিনে ধর্ণায় বসবেন বলে হুঁশিয়ারি ছাত্রছাত্রীদের।

# কৈলাসহরে নাবালিকা ধর্ষণ কান্ডে গ্রেপ্তার অভিযুক্ত

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১১ ফেব্রুয়ারি:** আবারও কৈলাসহর মহিলা থানাধীন এলাকায় নাবালিকা ধর্ষন কান্ড ঘটেছে। ধর্ষনকারীকে মহিলা থানার পুলিশ গভীর রাতে গ্রেফতার করে। মংগলবার দুপুরে পুলিশ কৈলাসহর আদালতে ধর্ষনকারীকে প্রেরণ করেছে।

এব্যাপারে কৈলাসহর মহিলা থানার ওসি রিপিতা ভট্টাচার্য্য সংবাদ প্রতিনিধিদের মুখোমুখি হয়ে জানান যে, কৈলাসহরের ফুলবাড়িকান্দি গ্রাম পঞ্চায়েতের বাসিন্দা কনাশীপ আলীর ২৬ বছরের ছেলে মুজিব আলী গতকাল ১০ ফেব্রুয়ারী সোমবার বিকেলে কৈলাসহরের ইছবপুর গ্রাম পঞ্চায়েতের পাখিরবাদা এলাকার চৌদ্দ বছরের এক নাবালিকাকে ফুসলিয়ে গাড়িতে তোলে নিয়ে গিয়ে বিভিন্ন জায়গায় ঘুরাফেরা করে মুজিব আলী নাবালিকাকে ধর্ষন করে।

সোমবার সন্ধ্যায় নাবালিকার মা কৈলাসহর মহিলা থানায় নিখোঁজ ডায়েরি করে। পরবর্তী সময়ে সোমবার গভীর রাতে কৈলাসহরের মহিলা থানাধীন এক এলাকা থেকে মহিলা থানার পুলিশ মুজিব আলী এবং নাবালিকাকে উদ্ধার করে থানায় নিয়ে আসার পর পুলিশ নাবালিকার মায়ের হাতে নাবালিকাকে তোলে দেয়। পরবর্তী সময়ে নাবালিকার মা কৈলাসহর মহিলা থানায় মুজিব আলীর বিরুদ্ধে ধর্ষনের মামলা করে এবং পুলিশ মুজিব আলীকে রাতেই গ্রেফতার করে।

নাবালিকা পুলিশের জিজ্ঞাসাবাদে স্বীকার করে যে, মুজিব আলী তাকে ধর্ষন করেছে। পুলিশ মামলাটি রেজিষ্ট্রি করে। মামলার নম্বর হলো কেএলএস /ডাব্লিউপিএস /০৩/২০২৫. পুলিশ মামলায় যে ধারাগুলো প্রয়োগ করেছে সেগুলো হলো ৯৬/৬২(২) (এম)/৬৫(১)/৭৬/অফ বিএনএস,২০২৩ ০৬ অফ পক্সো অ্যাক্ট ২০১২. মুজিব আলী নাবালিকাকে ধর্ষন করেছে বলে মুজিব পুলিশের কাছে স্বীকার করেছে বলেও জানান ওসি রিপিতা ভট্টাচার্য্য।পুলিশ ধর্ষনকারী মুজিব আলীকে মংগলবার দুপুরে কৈলাসহর আদালতে প্রেরণ করেছে বলেও জানান ওসি রিপিতা ভট্টাচার্য। উল্লেখ্য, চলতি মাসের সাত ফেব্রুয়ারি কৈলাসহর মহিলা থানাধীন ইছবপুর গ্রাম পঞ্চায়েতের পাখিরবাদা এলাকার অপর এক যুবক সুবেল আলী আরেক নাবালিকাকে অপহরণ করে ধর্ষন করার দায়ে পুলিশ সুবেল আলীকে গ্রেফতার করেছিলো। বর্তমানে ধর্ষনকারী সুবেল আলী কৈলাসহর জেলে রয়েছে। তিন দিন পর ফের আরেকবার নাবালিকা ধর্ষন হওয়ায় গোটা কৈলাসহরের অভিভাবক মহলে তীব্র আতংক বিরাজ করছে।

# রাজধানী এক্সপ্রেস থেকে উদ্ধার গাঁজা

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১১ ফেব্রুয়ারি :** গোপন খবরের ভিত্তিতে আগরতলা থেকে দিল্লিগামী রাজধানী এক্সপ্রেস থেকে গাঁজা উদ্ধার করা হয়েছে। ধর্মনগরে আরপিএফ এর কাছে একটি গোপন খবর আসে, দিল্লীগামী রাজধানী এক্সপ্রেসের একটি কামড়ায় কয়েকটি বেগে নেশাজাতীয় দ্রব্য রয়েছে।

সেই অনুযায়ী ধর্মনগর রেল স্টেশনে রাজধানী এক্সপ্রেস সন্ধ্যা ছয়টায় পৌঁছলে এক্সপ্রেসে আরপিএফের জওয়ানগন তল্লাশি শুরু করে। খবর অনুযায়ী একটি কামড়ায় সন্দেহজনক মালিকবিহীন চারটি ব্যাগ দেখা যায়। তখন সেই ব্যাগগুলোকে আরপিএফ অফিসে নিয়ে আসা হয়। পরবর্তীতে সেই ব্যাগ থেকে উদ্ধার হয় মোট ১৯ কেজি শুকনো গাঁজা। বর্তমানে সেগুলো ধর্মনগরে রেল স্টেশনের আরপিএফ এর হেফাজতে রয়েছে।

# কৃষকের ৩০ কানি রাবার বাগান পুড়ে ছাঁই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ ফেব্রুয়ারি:** এক কৃষকের ৩০ কানি রাবার বাগান পুড়ে ছাই হয়ে গেছে। ঘটনাটি ঘটেছে কমলাসাগর বিধানসভার কোনাবন পঞ্চায়েত এলাকায়। ঘটনা বিবরনে জানা যায়, গতকাল দুপুর দুইটায় কৃষক হরিপদ দেবের বাড়িতে হঠাৎ খবর যায় উনার রাবার বাগানে আগুন লেগেছে। তৎক্ষণাৎ ছুটে গিয়ে কৃষক হরিপদ দেব দেখতে পায় ওনার বাগান সম্পূর্ণ পুড়ে ছাই হয়ে গেছে। তা দেখে পরিবারের লোকেদের কান্নায় ভেঙে পড়েন। জানা যায় ৩০কানি রাবান বাগানের মধ্যে ওদের দুই ভাইয়ের হরিপদ দেব ও বাদল দেবের বাগান রয়েছে। উনারা জানান, উনাদের বাগানের একটি গাছও বেঁচে থাকবে কিনা তা নিয়ে রয়েছে সন্দেহ। তাছাড়া প্রচুর টাকার ক্ষতি হয়েছে বলে জানান। পরবর্তী সময়ে মঙ্গলবার মধুপুর থানা বিষয়টি নিয়ে তিনি দারস্ত হন। তাছাড়া কোনাবন পঞ্চায়েতের প্রধান ও স্থানীয় নেতৃত্বে উনার বাগান গিয়ে দেখে আসেন বলে জানায়।

## জনকল্যাণমুখী বাজেট বললেন প্রতিমা

# বাজেটের সমর্থনে সোনামুড়ায় বিজেপির ধন্যবাদ র‍্যালী ও সভা

**নিজস্ব প্রতিনিধি, সোনামুড়া, ১১ ফেব্রুয়ারি।।** সদ্য পেশ হওয়া কেন্দ্রীয় বাজেটকে বিকশিত ভারতের বিকশিত বাজেট জন কল্যাণকারী জন হিতৈষী বাজেট' আখ্যায়িত করে, কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানিয়ে সোনামুড়ায় ধন্যবাদ রেলি ও জনসভা সংগঠিত করল বিজেপি।

বিজেপি সিপাহীজলা জেলার দক্ষিণ অংশের উদ্যোগে আয়োজিত এদিনের কর্মসূচিতে জেলার অন্তর্গত চারটি বিধানসভা এলাকা যথাক্রমে ২০ বক্সনগর, ২১ নলছড়, ২২ সোনামুড়া এবং ২৩ ধনপুর থেকে দলের কর্মী সমর্থকরা অংশ নেয়। প্রথমে দলের সোনামুড়া মন্ডল কার্য্যালয়ের সামনে থেকে একটি রেলি সংঘটিত করা হয়। রেলিতে উপস্থিত ছিলেন প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক, বিধায়ক বিন্দু দেবনাথ এবং তোফাজ্জল হোসেন, দলের প্রদেশ সাধারণ সম্পাদক তাপস মজুমদার, সিপাহীজলা জেলা দক্ষিণ অংশের সভাপতি উত্তম কুমার দাস, সংখ্যালঘু মোর্চার প্রদেশ সভাপতি বিল্লাল মিয়া সহ চার মন্ডলের মন্ডল সভাপতি গন।

হাজার হাজার কর্মী সমর্থকদের সঙ্গে নিয়ে মিছিল থেকে কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানান নেতৃত্বরা। এরপর স্থানীয় রবীন্দ্র চৌমুহনিতে অনুষ্ঠিত হয় জনসভা। জনসভায় আলোচনা রাখতে গিয়ে বিধায়ক তোফাজ্জল হোসেন বিরোধী কংগ্রেস এবং সিপিএম দলের সমালোচনায় সরব হন।

এছাড়াও সভায় বক্তব্য রাখতে গিয়ে প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক সদ্য সমাপ্ত দিল্লি বিধানসভা নির্বাচনে বিজেপির ফলাফল নিয়ে আলোচনা করেন বলেন মোদির কমিটমেন্ট কে জনগণ মান্যতা দিয়ে দিল্লি থেকে আপকে বিদায় করেছে। পাশাপাশি তিনি শিক্ষা স্বাস্থ্য রাস্তাঘাট এবং কৃষক ইত্যাদি প্রতিটি ক্ষেত্রেই জনকল্যাণ মুখী বাজেট পেশের জন্য কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানান এবং ২০১৪ এর পূর্বে কেন্দ্রীয় সরকারের তৎকালীন বাজেটের সঙ্গে বর্তমান বাজেটের কতটা তফাৎ রয়েছে সেই বিষয়গুলি একে একে উল্লেখ করেন।

তার সঙ্গে রাজ্যের বাম কংগ্রেস উভয় দলের নেতৃত্বদের বিভিন্ন উক্তির সমালোচনা করেন। এ দিনের সমাবেশ এবং রেলিতে দলের কর্মী সমর্থকদের যথেষ্ট উপস্থিতি লক্ষ্য করা যায়।

# তৃণমূল ছেড়ে কংগ্রেসে যোগ দিচ্ছেন প্রণব পুত্র অভিজিৎ

**অভিজিৎ রায় চৌধুরী**

**নয়াদিল্লি, ১১ ফেব্রুয়ারি।।** ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখার্জির ছেলে, অভিজিৎ মুখার্জী কংগ্রেস দলে ফিরে আসতে চলেছেন। উল্লেখ্য, তিনি ২০২১ সালে তৃণমূল কংগ্রেসে (টিএমসি) যোগ দিয়েছিলেন।

জঙ্গিপুর থেকে দুবারের প্রাক্তন সাংসদ অভিজিৎ মুখার্জি, সংসদে তার বাবার নির্বাচনী এলাকার প্রতিনিধিত্ব করেছিলেন। সূত্রের খবর, মুখার্জি তৃণমূল কংগ্রেসে নিজেকে ব্রাত্য মনে করছেন এবং দলের অভ্যন্তরীণ বিষয়েও অসন্তুষ্ট তিনি। সম্প্রতি, তার ছোট বোন শর্মিষ্ঠা মুখার্জির সাথে তার প্রকাশ্য বিবাদ হয়, তখন তিনি অভিযোগ করেন যে তাদের বাবা প্রণব মুখার্জির মৃত্যুর পর কংগ্রেস পার্টি সিডব্লিউসি (কংগ্রেস ওয়ার্কিং কমিটি) এর মাধ্যমে একটি প্রস্তাব পাস করেনি। তবে, প্রাক্তন প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিংয়ের মৃত্যুর পর একটি প্রস্তাব পাস করা হয়েছিল। প্রাক্তন সাংসদ তার দলের পক্ষ নিয়ে ব্যাখ্যা করেছেন যে তার বাবার মৃত্যুর সময় কোনও প্রস্তাব না হওয়ার কারণ ছিল সেই সময় কোভিড-১৯ বিধিনিষেধ।

# মদের দোকান বন্ধের দাবিতে ডেপুটেশন দিল মহিলারা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ ফেব্রুয়ারি:** মদের দোকান বন্ধের দাবিতে অতিরিক্ত জেলা শাসকের নিকট ডেপুটেশন দিলেন পূর্ব তিলথৈ এলাকার মহিলারা।ঘটনার বিবরণী প্রকাশ, তিলথৈ বাজারে একটি মদের দোকান রয়েছে। আর আশেপাশেই রয়েছে মন্দির এবং বাচ্চাদের স্কুল। এ দোকানের ফলে এলাকার শান্তি সম্প্রীতি বিনষ্ট হচ্ছে। ছোট ছোট বাচ্চাদেরকে এই ওয়াইন শপের সামনে দিয়ে বিদ্যালয়ে নিয়ে যেতে হচ্ছে। ফলে বিভিন্ন সময় অপ্রস্তুত পরিস্থিতির সৃষ্টি হতে হচ্ছে অভিভাবকদের। এলাকায় রয়েছে মন্দিরও। এই মদের দোকানের জন্য এলাকায় সামাজিক পরিবেশ বিনষ্ট হচ্ছে বলে অভিযোগ এলাকার মহিলাদের। এরই পরিপ্রেক্ষিতে বারকয়েক তারা এলাকার জনপ্রতিনিধিদের সঙ্গে সাক্ষাৎ করেও কাজের কাজ কিছুই হয়নি। অতিরিক্ত জেলাশাসকের নিকট ডেপুটেশন প্রদান করে মদের দোকানটিকে সেখান থেকে তুলে নেওয়ার আবেদন জানান। অতিরিক্ত জেলাশাসক উক্ত বিষয়টি দেখবেন বলে জানিয়েছেন।

# বাইক নিয়ে খাদে প্রাণে বাঁচল চালক

**নিজস্ব প্রতিনিধি, সোনামুড়া, ১১ ফেব্রুয়ারি :** কলেজ যাওয়ার পথে বাইক নিয়ে খাদে পড়ে অল্পের জন্য প্রাণে রক্ষা পেলেন সোনামুড়া কলেজের ছাত্র জাবেদ হোসেন (২১)। মঙ্গলবার চড়িলাম পুরানবাড়ি এলাকায় এই দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, জাবেদ দ্রুত গতিতে বাইক চালাচ্ছিলেন। নিয়ন্ত্রণ হারিয়ে জাতীয় সড়ক থেকে প্রায় ৩০ ফুট নিচে খালে পড়ে যান তিনি। তবে আশ্চর্যজনকভাবে তার তেমন কিছু হয়নি। হাত-পায়ে সামান্য আঘাত লেগেছে এবং পোশাক ছিঁড়ে গেছে।

জাবেদ জানান, তিনি বিশালগড় কামথানা এলাকা থেকে তার বাইক নিয়ে সোনামুড়া নজরুল মহাবিদ্যালয়ে যাচ্ছিলেন। পথিমধ্যে নিয়ন্ত্রণ হারিয়ে ফেললে এই দুর্ঘটনা ঘটে। তিনি সোনামুড়া নজরুল মহাবিদ্যালয়ের তৃতীয় সেমিস্টারের ছাত্র।

স্থানীয়রা জানান, এক বছর আগে একটি লরি ব্রিজের রেলিং ভেঙে দিয়েছিল। এরপর থেকে সেখানে কোনো রেলিং নেই। যার কারণে প্রায়ই দুর্ঘটনা ঘটে। তারা কর্তৃপক্ষের কাছে দ্রুত রেলিং লাগানোর দাবি জানিয়েছেন।

# বিলোনিয়াতে পদযাত্রা বামপন্থী দুই যুব সংগঠনের

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ১১ফেব্রুয়ারি :** কর্ম সংস্থান, আইনের শাসন পুনঃপ্রতিষ্ঠা ও নেশার বিরুদ্ধে রাজ্যব্যাপী গণআন্দোলন গড়ে তোলার আহ্বানে বিলোনিয়াতে পদযাত্রা সংগঠিত করল বামপন্থী দুই যুব সংগঠন ডিওয়াইএফআই ও টিওয়াই এফ।

মঙ্গলবার দুপুরে বিলোনিয়া বনকর বাজারের সামনে থেকে শুরু হয় এই পদযাত্রা। আয়োজিত পদযাত্রায় বামপন্থী যুব সংগঠনের নেতা কর্মীদের পাশাপাশি পদযাত্রায় অংশ নেন বামপন্থী বিধায়ক দীপঙ্কর সেন, সিপিআইএম বিলোনিয়া মহকুমা কমিটির সম্পাদক বিজয় তিলক, পার্টির রাজ্য কমিটির সদস্য বাসুদেব মজুমদার, ডিওয়াই এফ আই রাজ্য কমিটির সভাপতি পলাশ ভৌমিক, যুব সংগঠনের বিলোনিয়া মহকুমা কমিটির সম্পাদক মধুসূদন দত্ত, শহরাঞ্চল সম্পাদক গৌতম সেন সহ অন্যান্য নেতৃত্বরা।

তিন দফা দাবিতে সংগঠিত হওয়া মিছিলটি বনকর নদীর উত্তর পাড়, গ্যারেজ টিলা হয়ে শেষ হয় মনুরমুখ এলাকায়, সেখানে হয় সভা, সভাতে বিজেপি, আইপিএফটি ও তিপ্রামথা এই তিন দলীয় জোট সরকারের বিরুদ্ধে সমালোচনা করে বক্তারা কর্ম সংস্থান, আইনের শাসন পুনঃ প্রতিষ্ঠা ও নেশার বিরুদ্ধে রাজ্য ব্যাপি গণআন্দোলন গড়ে তোলার আহ্বান জানান।

# দেওঘর সৎসঙ্গ থেকে আসা অতিথিদের স্বাগত জানাবে সরকার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ ফেব্রুয়ারি:** দেওঘর সৎসং থেকে অর্কদ্যুতি চক্রবর্তী, আচার্যদেব এবং শ্রী শ্রী অবনীন্দ্রনাথ চক্রবর্তীকে রাজ্য অতিথি হিসেবে স্বাগত জানানোর সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। ১০ ফেব্রুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত ত্রিপুরায় অবস্থান করবেন। তাদেরকে রাজ্য অতিথি হিসেবে রাজ্যে অভ্যর্থনা জানানোর সিদ্ধান্ত নিয়েছে ত্রিপুরা সরকার। সোনারতরী রাজ্য অতিথিশালায় তাদের থাকার ব্যবস্থা করার জন্য চিফ এক্সিকিউটিভ অফিসারকে জানানো হয়েছে। প্রটোকল অফিস আরকি নির্দেশ দেওয়া হয়েছে তাদেরকে আগরতলায় স্বাগত জানাতে। একইভাবে তাদের ফেরার সময় তাদেরকে বিদায় জানাতেও উপস্থিত থাকার জন্য জানানো হয়েছে। অতিথিদের যাতায়াতের জন্য গাড়ি এবং চালক দেওয়ার জন্য জানানো হয়েছে। পাশাপাশি তাদের প্রয়োজনীয় নিরাপত্তার ☞ ৬ এর পাতায় দেখুন

# কল্যাণপুরে বিজেপির বিজয় মিছিল

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ১১ ফেব্রুয়ারি :** দিল্লি বিধানসভা নির্বাচনে ভারতীয় জনতা পার্টির ঐতিহাসিক জয়ের পর মঙ্গলবার দুপুরে কল্যাণপুর মন্ডলের উদ্যোগে এক সাড়াজাগানো বিজয় মিছিল অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, গত শনিবার দেশের রাজধানী দিল্লিতে বিধানসভা নির্বাচনে ভারতীয় জনতা পার্টি আম আদমি পার্টিকে হারিয়ে দীর্ঘ ২৭ বছর পর ক্ষমতার মসনদ দখল করে। এই আনন্দে গোটা রাজ্যের সাথে কল্যাণপুর মন্ডলের উদ্যোগেও বিজয় মিছিল অনুষ্ঠিত করে। এদিনের ওই বিজয় মিছিলে উপস্থিত ছিলেন কল্যানপুর বিধানসভা কেন্দ্রের বিধায়িক পিনাকি দাস চৌধুরী, মন্ডল সভাপতি নিতাই বল, মন্ডল নেতা চয়ন রায়, সোমেন গোপ সহ অন্যান্যরা।

এদিনের ওই মিছিলটি কল্যানপুর মন্ডলের দাচুরা বাজার থেকে শুরু হয়ে কল্যাণপুর মিনি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। এই বিজয় মিছিলে বিজেপি দলের কার্য্যকর্তাদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো।

# ২২ হাজার গাঁজা গাছ ধ্বংস



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১১ ফেব্রুয়ারী:** গোপন সংবাদের ভিত্তিতে গাঁজা বিরোধী অভিযানে নেমে সাফল্য পেয়েছে বিশগড় থানার পুলিশ। বংশীবাড়ি বেলমুড়া এলাকায় অভিযান চালিয়ে গাঁজা গাছ ধ্বংস করে পুলিশ। এদিন প্রায় ২২ হাজার গাঁজা গাছ ধ্বংস করতে সক্ষম হয়েছে।

এক পুলিশ আধিকারিক জানিয়েছেন, আজ সকালে গোপন সংবাদের ভিত্তিতে খবর আসে বিশালগড় থানার অন্তর্গত বংশীবাড়ি বেলমুড়া এলাকায় গাঁজা চাষ করা হয়। সেই খবরের ভিত্তিতে অভিযান চালিয়েছে পুলিশ। এদিনের অভিযানের মোট ৬৫ জন বিশালগড় থানার পুলিশ, টিএসআর এবং সিআরপিএফ বাহিনীর জওয়ানরা ছিলেন।

তিনি জানিয়েছেন, এদিন ২২ হাজার গাঁজা গাছ ধ্বংস করা হয়েছে। আগামীদিনেও এরকম অভিযান জারি থাকবে।

# বিএমএস-এর গোষ্ঠীদ্বন্দ্ব নিয়ে কড়া বার্তা দিলেন অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১১ ফেব্রুয়ারি :** বিগত কিছুদিন ধরে বিএমএস-এর দুটি শ্রমিক সংগঠনের মধ্যে অভ্যন্তরীণ বিবাদ চরমে ওঠে। এই দ্বন্দ্বের ফলে গোটা উত্তর জেলা জুড়ে অশান্তির পরিবেশ সৃষ্টি হয়। এমনই পরিস্থিতিতে, অন্য এক স্থান থেকে আসা এক ব্যক্তি বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের বিরুদ্ধে তীব্র ভাষায় কটাক্ষ ও অশালীন মন্তব্য করেন। এই ঘটনার প্রতিক্রিয়ায় আজ সন্ধ্যা ৭:৩০ মিনিটে ধর্মনগর জেলা কার্যালয়ে এক জরুরি সাংবাদিক সম্মেলনের আয়োজন করেন অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন।

এই সম্মেলনে উপস্থিত ছিলেন উত্তর জেলার ভারতীয় জনতা পার্টির জেলা সভাপতি কাজল দাস, মণ্ডল সভাপতি শ্যামল নাথ, পৌর পরিষদের চেয়ারম্যান মিতালী দাস সেন, ভাইস চেয়ারম্যান মঞ্জু নাথ, জয়জিত শর্মা, ভারতীয় জনতা পার্টির বরিষ্ঠ কার্যকর্তা হারান নাথসহ আরও অনেক বিশিষ্ট নেতৃত্ব।

অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন সাংবাদিক সম্মেলনে বলেন, 'বি এম এস-এর দুটি শ্রমিক সংগঠনের মধ্যে বিবাদের ফলে উত্তর জেলার জনজীবন ব্যাহত হয়েছে। এরই মধ্যে আমার নাম করে কিছু কুরুচিপূর্ণ মন্তব্য করা হয়েছে এবং পত্র-পত্রিকায় আমার বিরুদ্ধে অশালীন ভাষায় লেখা হয়েছে, যা অত্যন্ত নিন্দনীয়।'

তিনি আরও বলেন, 'আমি চাইলে বিধানসভার স্পিকার হিসেবে বিধানসভায় বসে বোর্ড কমিটির সঙ্গে পরামর্শ করে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে পারতাম। কিন্তু আমি তা করিনি। বরং আমি রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর ড. মানিক সাহা ও বর্তমান সাংসদ রাজীব ভট্টাচার্য্যের সঙ্গে আলোচনা করে অভিযুক্ত অসীম দত্তের বিরুদ্ধে ধর্মনগর থানায় একটি মামলা দায়ের করেছি।' আইনি ব্যবস্থা ও ভবিষ্যৎ পরিকল্পনাঅধ্যক্ষ জানান, 'খুব শীঘ্রই আবারও সাংবাদিক সম্মেলনের মাধ্যমে মামলার কাগজপত্র সাংবাদিকদের সামনে উপস্থাপন করা হবে, যাতে প্রকৃত সত্য সবার কাছে স্পষ্ট হয়।'

তিনি আরও বলেন, 'আমি সর্বদা রাজ্যের উন্নয়ন এবং বিশেষ করে ধর্মনগর শহরের উন্নয়নের স্বার্থে কাজ করে যাচ্ছি। আজ পর্যন্ত আমি এক টাকাও বেআইনিভাবে উপার্জন করিনি। বরং আমার অধ্যক্ষ তহবিল থেকে গরিব ও দুস্থ পরিবারদের সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছি। তাই আমার বিরুদ্ধে এই ধরনের কুরুচিকর মন্তব্য সম্পূর্ণ ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত।'

সাংবাদিক সম্মেলনের মাধ্যমে অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন তাঁর অবস্থান স্পষ্ট করেন এবং জানান, ভবিষ্যতে এ ধরনের অপপ্রচার রুখতে তিনি প্রয়োজনে আরও কঠোর পদক্ষেপ নেবেন।

# স্বচ্ছ প্রশাসন ও পরিষেবার আহ্বান কলাপাতা পিএল এর দাপটে শ্বাসরুদ্ধকর পরিস্থিতি

**আগরতলা, ১১ ফেব্রুয়ারি।।** পশ্চিম বন জেলার অধীনস্থ প্রায় সকল অফিসগুলো দীর্ঘ দিন ধরে শ্বাসরুদ্ধকর পরিস্থিতি বিরাজ করছে। কোনো সমাধান হচ্ছে না। বনবিভাগের পশ্চিম ডিএফও অফিসে দুর্নীতির পরিস্থিতি বিরাজ করছে বলে অভিযোগ। এর নেপথ্যে প্রধান নায়কের ভূমিকায় একজন পিএল। শ্রী পিএল বাবু দীর্ঘ সময় ধরে ডিএফও পশ্চিমের অফিসে বসে আছেন। প্রাপ্ত তথ্য অনুসারে তিনি জেলা বন কর্তৃপক্ষের সহায়তায় অফিসের একটি গুরুত্বপূর্ণ টেবিল পরিচালনা করছেন, যা তার পিএল পদে থাকার কথা নয়।

প্রাপ্ত খবর অনুযায়ী সদর ডিএফও সাহেবের দ্বারা জারি করা কাজের সমস্ত অনুমোদন, এই পিএল বাবুর টেবিলে যায়। যা তিনি ফাইলের নিচে চেপে রাখেন, এবং যতক্ষণ না সংশ্লিষ্ট আইও (রেঞ্জার, ফরেস্টার) তার সাথে যোগাযোগ করে ঘুষ না দেন ততক্ষণ পর্যন্ত পাঠাবেন না। কাজের সমস্ত গুরুত্বপূর্ণ অনুমোদন তার দ্বারা নিয়ন্ত্রিত হয় এবং সংশ্লিষ্ট আইও তাকে অর্থ প্রদান করার পরেই কাজের অনুমোদনগুলি এসডিএফও অফিসে প্রেরণ করা হয়। প্রতিটি কাজ মঞ্জুর হওয়ার পর সে তার শেয়ারের ভাগের শতাংশ গণনা করতে শুরু করে এবং তারপরে সমস্ত অর্ডারের কপি লুকিয়ে ফাইলের নিচে চাপা দেয়। তিনি অনেক বেআইনি কর্মকাণ্ডে লিপ্ত রয়েছে এমন খবরও পাওয়া যাচ্ছে। তার জীবনধারা এবং সম্পত্তি তার বেতনের সমানুপাতিক নয় যা তার বেতন এবং সম্পত্তি পরীক্ষা করলে পাওয়া যাবে।

আশ্চর্যজনক ঘটনা হলো, একই ডিএফও অফিসের জাইকা বিভাগে সমান্তরালভাবে অনেক কাজের অনুমোদন ও আদেশ জারি করা হলেও ওই বিভাগে এ ধরনের দুর্নীতি হয় না। একই অফিসের জাইকা বিভাগে, সমস্ত চিঠি কাজের আদেশ এবং অনুমোদন অবিলম্বে স্বচ্ছতার সাথে নিম্ন অফিসে প্রেরণ করা হয়। একই অফিসে দুটি ভিন্ন বিভাগের মধ্যে কাজের বিশাল পার্থক্য রয়েছে যা বিভাগের দৃষ্টি আকর্ষণ করছে। প্রাপ্ত সংবাদ থেকে জানা যায় যে বর্তমানে অনেকগুলি কাজের আদেশ এবং সাময়িক কাজের জন্য অনুমোদন এই পিএল বাবু আটকে রেখেছেন যা দপ্তরের কার্য্যকারিতা ব্যাহত করছে। বন বিভাগে দীর্ঘদিন ধরে গুঞ্জন শোনা যাচ্ছিল যে, তিনি, তার টেবিলের সুবিধা নিয়ে এ ধরনের কর্মকাণ্ডে জড়িত। কিন্তু কেউই কোনো আওয়াজ তুলছেন না কারণ তার উপর উচ্চপদস্থ কর্তাদের আশীর্বাদ হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। ডিএফও অফিসে স্পষ্টভাবে দেখা যায়, যে এই পিএল বাবুর আচরণ সত্যিই আপত্তিকর এবং তিনি কখনোই জেলার কোনো কর্মচারীদের পাত্তা দেন না, যারা পদমর্য্যাদায় তার সিনিয়র। এই পিএল বাবুর বিরুদ্ধে এই ধরনের অভিযোগ ইতিপূর্বে উত্থাপিত হয়েছিল এবং ইলেক্ট্রনিক্স মিডিয়াতে খবরও দেখানো হয়েছিল, কিন্তু আশ্চর্যজনকভাবে দপ্তরের পক্ষ থেকে কোনও পদক্ষেপ বা তদন্ত হয়নি, এর ফলে তিনি আরও আত্মবিশ্বাসের সাথে বেড়ে উঠেছেন। তিনি এতটাই আত্মবিশ্বাসী যে তিনি কখনই সময়মতো অফিসে রিপোর্ট করা বা উপস্থিত হওয়া গুরুত্বপূর্ণ মনে করেন না। যেখানে রাজ্য সরকার পরিচ্ছন্ন ও স্বচ্ছ প্রশাসন ও পরিষেবার আহ্বান জানিয়েছে, সেখানে এই পিএল বাবুর মতো কর্মচারীদের জন্য বিভাগ কীভাবে কাজ করবে, এমন প্রশ্ন উঠছে রাজ্যের সকল নাগরিক সমাজে।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপ বিশ্বাস কর্তৃক রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস, আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল. এন. বাড়ী রোড, আগরতলা, ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক - সন্দীপ বিশ্বাস।
Printed by the Owner, Publisher and Printer Sandeep Biswas from Rainbow Printing Works, Agartala and Published from Jagaran Office, L.N. Bari Road. Agartala, Tripura. Editor- Sandeep Biswas